Enterlace, *v. a.* মিশ্রিত-ক, একত্র বুনন-ক
Enterparlance, *s.* কথোপকথন, পরস্পর সম্ভাষ বা আলাপ; সন্ধির প্রসঙ্গ
Enterplead, *v.* বিবাদের প্রধানাঙ্গ সমাধা পূর্ব্বে কোন উপাঙ্গ নিষ্পত্তি-ক
Enterprise, *s.* দুঃসাধ্য বা সাহসের কর্ম্ম, অদ্ভুত কর্ম্মে উদ্যোগ, মহোদ্যম, প্রৌঢ়ি
Enterprising, *a.* উৎসুক, উদ্যোগী, সাহসিক
Entertain, *v. a.* আহারাদি নির্ব্বাহ-ক, ভোজন-করা, অতিথি-ক; আমোদ-ক; বাক্যালাপ-ক; কর্ম্মে নিযুক্ত-ক; মনে-রাখ
Entertainer, *s.* যে ভোজ বা অতিথি করায়
Entertaining, *pa.* আতিথেয়, ভোজয়িতব্য; রম্য, তুষ্টিকর, সন্তোষজনক
Entertainment, *s.* আতিথ্য, ভোজ; নাটক ক্রীড়া; কৌতুক, ক্রীড়া, খেলা; কথোপকথন
Enthrone, *v.* সিংহাসনোপবিষ্ট-ক, উন্নত-ক
Enthusiasm, *s.* অনুচিত উৎসাহ, পরমার্থ বিষয়ে অনর্থক প্রত্যাশা, ঔৎসুক্য, উৎসাহ, সুব্যগ্রতা, অতিচেষ্টা, উন্মত্ততা
Enthusiast, *s.* অতিব্যগ্র, অতিচেষ্টক, ধর্ম্মবিষয়ে অত্যুৎসুক, অনর্থক প্রত্যাশী, উন্মাদী
Enthusiastic, *a.* উৎসুক, মহোদ্যমী, অনর্থক প্রত্যাশাপন্ন, অনর্থক প্রত্যাশাকারী
Entice, *v. a.* ভুলা, ফুস্‌লা, কৌশলে আকৃষ্ট-ক, মন-লওয়া, লোভ-দেখা
Enticement, *s.* লোভদর্শান, প্রবর্ত্তনা, লোভ, যাহাতে লোভ জন্মে, চার ইত্যাদি [খায়
Enticer, *s.* যে ফুস্‌লায় ভুলায় বা লোভ দে-
Enticingly, *ad.* লোভ দেখাইয়া, ভুলাইয়া
Entire, *a.* অভগ্ন, অখণ্ড, সমুদয়, সম্পূর্ণ, সমস্ত, সকল, তাবৎ, বেবাক [সর্ব্বতোভাবে
Entirely, *ad.* সমুদায়, সম্পূর্ণরূপে, তাবদ্রূপে,
Entitle, *v.* আখ্যা-দে, উপাধি-দে, খ্যাত-ক; অধিকার-দে, অধিকারী-ক
Entitled, *pa.* অধিকার বা আখ্যা প্রাপ্ত, স্বত্ববিশিষ্ট, সাখ্যাত, হকদার
Entity, *s.* ভাব, সত্ত্ব, সত্তা, বস্তুত্ব
Entoil, *v.* পেঁচে-ফাঁদে-ফেল, ব্যস্ত-ক [গাড়্
Entomb, *v.* সমাধি-দে, কবর-গোর-দে, পোৎ,
Entomology, *s.* পতঙ্গ বা কীট বিষয়ক বিদ্যা
Entrails, *s.* অন্ত্র, নাড়িভূঁড়ি, আতড়ী, আঁত
Entrance, *s.* দ্বার, প্রবেশ পথ; প্রবেশকরণ

Entrance, *v.* মূর্চ্ছিত-স্পন্দনরহিত-হ বা ক, মূর্চ্ছাপন্ন-ক বা হ, মোহিত-ক
Entrap, *v. a.* ফাঁদে-ফেল, কলে বদ্ধ-ক
Entreat, *v.* ঘেঙ্গা, বিনতি-ক, প্রার্থনা-ক, নিবেদন-ক, কাকুতি-ক, মিনতি-ক
Entreaty, *s.* বিনয়, বিনতি, প্রার্থনা, মিনতি, ঘেঙ্গানি, কাকুতি, সাধ্যসাধনা
Entry, *s.* প্রবেশ করণ; দ্বার, প্রবেশ পথ; লিখিয়া রাখন, বহিতে লিখন
Enubilous, *a.* মেঘরহিত, ফরসা, পরিষ্কার
Enucleate, *v. a.* গাঁইটাদি-কাট, পরিষ্কার-ক
Envelop, *v.* মুড়, মোড়ক-ক, ঢাক, আবৃত-ক
Envelope, *s.* বেটন, মোড়ক, কোষ, খাপ, খোল, আচ্ছাদন, লিফাফা; খোসা
Envenom, *v.* বিষাক্ত-ক, বিষময়-ক; ঘৃণ্য-ক
Enviable, *v.* ঈর্ষ্যাযোগ্য ঈর্ষ্যাজনক, বাঞ্ছনীয়, অভিলষণীয়, অত্যুত্তম
Envious, *a.* পরশ্রীকাতর, ঈর্ষ্যান্বিত, ঈর্ষী, দ্বেষী, ঈর্ষ্যাযুক্ত, মাৎসর্য্যশীল
Enviously, *ad.* ঈর্ষ্যাপূর্ব্বক, দ্বেষপূর্ব্বক
Environ, *v. a.* বেষ্টন-ক, ঘের, বেড়
Environs, *s.* নগরের প্রান্তভাগ, চতুর্দ্দিগের নিকটস্থ স্থান, উপভূমি, উপস্থান
Enumerate, *v.* গণ্, এক ২ করিয়া গণনা-ক, গণনা-ক, সংখ্যা-ক, সুমার-ক
Enumeration, *s.* পরিগণনা, গণনা, সংখ্যা, গণ্তি, সুমার; গণনাকরণ [যোগ্য
Enunciable, *a.* উচ্চারণীয়, প্রকাশ্য, প্রকাশ-
Enunciate, *v.* (*to declare, proclaim*) উল্লেখ-ক, উচ্চারণ-ক, প্রকাশ-ক, ব্যক্ত-ক
Enunciation, *s.* উল্লেখ, উচ্চারণ, উক্তি
Enunciative, *a.* প্রকাশক, ব্যক্তকারী
Envoy, *s.* রাজ প্রতিনিধি, রাজ দূত, ভিন্ন রাজার নিকটে প্রেরিত রাজ প্রতিনিধি
Envy, *v. a.* মাৎসর্য্য বা দ্বেষ-ক, ঈর্ষ্যা-ক
Envy, *s.* মাৎসর্য্য, ঈর্ষ্যা, পরশ্রীকাতরতা
Epact, *s.* চান্দ্র হইতে সৌর বৎসরের একাদশ দিবস অধিক
Epainetic, *a.* প্রশংসাকারী, স্তুতিবাদক
Epaulet, *s.* পল্টনীয় কুর্ত্তির ঝাঁপ্পা, ঝাব্বা
Epaullette, *s.* তথা
Epaulment, *s.* দুর্গাদির বাহিরভাগের পার্শ্বদিকস্থ গড় বা রক্ষণী, বাহির গড়বন্দি
Ephemera, *s.* একাহ জ্বর; একাহজীবী কীট
Ephemeral *a.* দিবসিক, একাহজীবী, এক দিনেতেই উৎপন্ন ও নাশ হয় যাহার
Ephemeris, *s.* গ্রহাদির দিবসিক গতির নির্ণয় আছে যে পঞ্জিকায় [জ্ঞান
Ephemerist, *s.* কাকচরিত্রী, দৈবজ্ঞ, গণক,
Ephod, *s.* ইহুদিদের যাজকের বস্ত্র বিশেষ
Epic, *a.* উপাখ্যানীয়; বীরবিষয়ক; *s.* বীরত্ব বর্ণন কাব্য, বীরের উপাখ্যান [গান
Epicedium, *s.* শোকের গীত, অন্ত্যেষ্টিক
Epicene, *s.* ব্যাকরণ শাস্ত্রে দ্বিলিঙ্গ
Epicure, *s.* উদরসর্ব্বস্ব, সুভোক্তা, উদরম্ভরি, পেটুক, শারীরিক সুখাভিলাষী
Epicurean, *a.* ইন্দ্রীয়সুখানুরক্ত, উদরসর্ব্বস্ব, বিষয়ভোগী; ইপিকুরসের মতাবলম্বী
Epidemic, Epidemical, *a.* সাধারণ, সর্ব্বময়, দেশব্যাপক; (*disease*) মারী, মড়ক
Epidermis, *s.* বহিস্ত্বচ্, শরীরের বহিস্ত্বক
Epiglottis, *s.* উপজিহ্বা, আল্‌জিহ্বা [কবিতা
Epigram, *s.* ব্যঙ্গ সূচক রসযুক্ত সংক্ষেপ
Epigrammatic, *a.* ঐ কবিতার ন্যায় [রচক
Epigrammatist, *s.* ঐ কাব্যকর্ত্তা, ঐ কবিতা-
Epilepsy, *s.* অপস্মার, মৃগী রোগ
Epileptic, *a.* অপস্মারী, মৃগীরোগী [উক্তি
Epilogue, *s.* সং বা যাত্রার শেষভণিত কাব্য
Epiphany, *s.* খ্রীষ্টের জন্ম পর্ব্বান্তর দ্বাদশ
Epiploon, *s.* অন্ত্রাপ্লাবক [দিনের পর্ব্ব
Episcopacy, *s.* মহাধর্ম্মাধ্যক্ষদের প্রভুত্ব
Episcopal, *a.* মহাধর্ম্মাধ্যক্ষসম্বন্ধীয়
Episode, *s.* গ্রন্থের শাখা, কবিতার উপকাব্য
Episodical, *a.* কবিতার উপকাব্যবৎ
Epistle, *s.* লিপি, পত্র, পত্রিকা, চিটী, লিখন
Epistolary, *a.* পত্রীয়, পত্রবিষয়ক, পত্রকৃত
Epitaph, *s.* মৃত ব্যক্তির কবর বা গোরের প্রস্তরে অঙ্কিত বিবরণ
Epithalamium, *s.* বিবাহেরগীত, আনন্দগান
Epithet, *s.* গুণবাচক বিশেষণ পদ, উপাধি,
Epitome, *s.* সংক্ষেপ, সারসংগ্রহ [উপনাম
Epitomise, *v. a.* সংক্ষেপ-ক, সারসংগ্রহ-ক
Epoch, Epocha, *s.* নির্ণীতকাল, শক, শকাব্দা
Epopee, *s.* বীরত্ব বা বীরবর্ণন কাব্য
Epulary, *a.* মহোৎসবীয়, ভোজসম্বন্ধীয়
Epulation, *s.* মহোৎসব, আমোদ প্রমোদ
Epulotic, *s.* শোষক বা শুষ্ককারি ঔষধ
Equability, *s.* সাম্য, সমতা, স্বভাবের স্থৈর্য্য
Equable, *a.* সমভাব, সমান, সম, নির্ব্বিকার
Equal, *s.* সমতুল্য, সমবয়স্ক, একাবস্থা
Equal, *a.* তুল্য, সমান, অবিশেষ, যথার্থ, ন্যায্য, ঠিক, ন্যায়; *pro.* একই

Equal, Equalize, *v.* সমতুল্য-সমান-তুল্য-ক
Equality, *s.* তুল্যতা, সমতা, সমভাব, সাম্য, একাবস্থা, অবিশেষ
Equally, *ad.* তুল্যরূপে, সমভাবে, একভাবে
Equanimity, *s.* স্থিরভাব, মনের স্থিরভাব, ধৈর্য্য, ধীরত্ব, স্থিরতা, শান্তি
Equation, *s.* তুল্য বা সমান করণ, তুল্যাঙ্ক
Equator, *s.* নাড়ীমণ্ডল, উত্তর দক্ষিণ কেন্দ্র দ্বিভাগকারিণী রেখা
Equatorial, *a.* নাড়ীমণ্ডলীয়, ঐ রেখাসম্বন্ধীয়
Equerry, *s.* রাজাশ্বরক্ষক, তদশ্বশালাধ্যক্ষ
Equestrian, *a.* অশ্বারূঢ়; অশ্বারোহবিষয়ক
Equiangular, *a.* সমকোণবিশিষ্ট [দূরত্ব
Equidistant, *a.* সমদূর, তুল্যান্তর; *s.* সম-
Equiformity, *s.* সদাসমতা, সমতা, সমভাব
Equilateral, *a.* সমচতুর্ভুজ, তুল্যচতুস্পার্শ্ব
Equilibrate, *v. a.* সমপরিমাণ-ক, একই-ক
Equilibrium, *s.* সমতা, সাম্য, সমভাব, তুল্য-ভার, সমপরিমাণ [বিষয়ক
Equinoctial, *a.* বিষুবীয়, বিষবসম্বন্ধীয়, বিষুব-
Equinoctial, *s.* (*line*) বিষুবরেখা, রাশি-চক্রের মধ্যরেখা, সূর্য্যের পথ
Equinox, *s.* বিষুব, বিষুবকাল, যে কালে দিবারাত্রি সমান হয়; (*the vernal*) বিষ্ণু-পদ; (*the autumnal*) হরিপদ
Equinumerant, *a.* তুল্যাঙ্ক, তুল্যসংখ্যক
Equip, *v.* সসজ্জ-হ, সজ্জা-ক, সাজা
Equipage, *s.* পারিষদ; যান, বাহনাদি; স্ত্রী লোকের ঘড়ী গহনা ইত্যাদি
Equipment, *s.* সসজ্জ করণ, সাজ, সজ্জা, জিনিস পত্র, সামগ্রী, লবাজ়িমা [তা
Equipoise, *s.* তুল্য পরিমাণ, সমভার, সমান-
Equipollent, *a.* তুল্যশক্তিমান, একপরাক্রমী
Equiponderant, *a.* সমান ভার, এক ওজন
Equiponderate, *v.* একভার-হ, একতৌল-হ
Equitable, *a.* যথার্থ, প্রকৃত, ঠিক, উপযুক্ত, ন্যায্য, অপক্ষপাতী [ন্যায়পূর্ব্বক
Equitably, *ad.* বিনাপক্ষপাতে, যথার্থরূপে,
Equity, *s.* সুবিচার, ন্যায়, যাথার্থ্য, অপক্ষপাত
Equivalence, *s.* সমবল, সমানতা, অবিশেষ
Equivalent, *s.* একার্থ, প্রতিবল, এক গুণ, এক মূল্যের বা এক ওজনের দ্রব্য
Equivalent, *a.* একই, একার্থ, একাভিপ্রায়, সমগুণ, সমতুল্য, তুল্যমূল্য, তুল্যবল
Equivocal, *a.* দ্ব্যর্থ, দ্বিকল্প, অস্পষ্টার্থ, বিকল্পযুক্ত, সন্দিগ্ধ, অনিশ্চিত

Equivocally, *ad.* দ্ব্যর্থরূপে, অস্পষ্টরূপে, সন্দেহপূর্ব্বক, দ্বিধাকল্পে
Equivocate, *v. n.* অনিশ্চিত বা দ্ব্যর্থ কথা-কহ, ফেরেঘোরে বা ছলপূর্ব্বক কথা-কহ
Equivocation, *s.* সন্দিগ্ধ বাক্য, দ্ব্যর্থক বাক্য
Equivocator, *s.* দ্ব্যর্থবাদী, সন্দিগ্ধবাক্যবাদী
Era, *s.* নির্ণীতকাল, সন, অব্দ, শক, শকাব্দা
Eradiation, *s.* অংশুপাত, সূর্য্যের আভা, দীপ্তিপাত, কিরণ বা ছটা প্রকাশ
Eradicate, *v. a.* উঠা, উপড়্, উৎপাটন-ক, তুলিয়া-ফেল, সমূলোৎপাটন-ক
Eradicated, *a.* উৎপাটিত, উন্মূলিত, উপড়ান
Eradication, *s.* উৎখাত, উৎপাটন, উন্মূলন
Erase, *v. a.* মিটা, লোপ-ক, কির্, তুলিয়া বা কাটিয়া-ফেল, পুঁচ, মুছিয়া-ফেল
Erased, *pa.* লুপ্ত, কিরিত, কাটা, মিটান
Erasure, *s.* মিটান, ঘুচান, চাঁচনি, কাটা
Ere, *ad.* পূর্ব্বে, অগ্রে, আগে
Erect, *v.* সোজা-ক, উঠা, গৃহাদি নির্ম্মাণ-ক, থাড়-ক, খাড়া-ক, উন্নত-ক
Erect, *a.* খাড়া, থাড়, সোজা; নির্ভয়
Erection, *s.* খাড়া করণ, নির্ম্মাণ, গ্রন্থন, গঠন
Erectness, *s.* সোজা থাড় বা খাড়া ভাব
Erelong, *ad.* কিয়ৎকালে, কিছুকালেরমধ্যে
Eremite, *s.* তপস্বী, বনবাসী, উদাসীন
Eremitical, *a.* উদাসীন, নিভৃত স্থানস্থায়ী
Erenow, *ad.* এতৎকাল পূর্ব্বে, ইহার পূর্ব্বে
Erewhile, *ad.* কিয়ৎকাল বা কিছুদিন পূর্ব্বে
Ergo, *ad.* এইহেতু, অতএব, একারণ, এত-
Eristical, *a.* বিতর্কনীয়, বিতণ্ড্য [ন্নিমিত্তে
Ermine, *s.* ক্ষুদ্রপশুবিশেষ; ঐ পশুর লোম-নির্ম্মিত অতি উত্তম বস্ত্র
Ermined, *a.* ঐ পশুর লোমজ বস্ত্র পরিহিত
Erode, *v. a.* খা, ক্ষয়-ক, খাইয়া-ফেল
Erogation, *s.* দান, প্রদান, অর্পণ, বিতরণ
Erosion, *s.* খাইয়া যাওন, ক্ষয় করণ [ক
Err, *v.* ভ্রম্, চুক্, ভুল্, ভ্রান্ত-হ; বিপথেগমন-
Errand, *s.* সমাচার, সংবাদ, বার্ত্তা, দৌত্যকর্ম্ম
Errant, *a.* ভ্রমণকারী, পর্য্যটনীয়া, ফির-নীয়া, ভ্রমণশীল; নীচ, অধম, অতিমন্দ
Errantness, Errantry, *s.* পর্য্যটন, ভ্রমণাবস্থা
Errata, *s. pl.* ছাপার ভুল, অশুদ্ধ; অশুদ্ধশো-ধন পত্র; *sing.* Erratum.
Erratic, *a.* ভ্রমণকারী, পর্য্যটনীয়া, অস্থির
Errhine, *a.* হাঁচিজনক, যাহাতে হাঁচি হয়
Erroneous, *a.* ভ্রমময়, ভ্রান্ত, অশুদ্ধ, ভ্রমজনক

Erroneously, *ad.* ভ্রমক্রমে, ভুলে, চুকে [ত্রুটি
Error, *s.* ভ্রান্তি, ভ্রম, ভুল, চুক; কলুষ, দোষ,
Erst, *ad.* আদিতে, প্রথমে, পূর্ব্বে, আগে
Erubescence, *s.* আরক্ততা, রক্তিমা [র্গত-ক
Eructate, *v.* উদ্গার-উঠ, ঢেকুর-তুল, বায়ুনি-
Eructation, *s.* ঢেকুর তুলন ; উদ্গার, ঢেকুর
Erudite, *a.* বিচক্ষণ, প্রজ্ঞ, পণ্ডিত, জ্ঞানী
Erudition, *s.* পাণ্ডিত্য, বিদ্যা, জ্ঞান, বুদ্ধি
Eruginous, *a.* তাম্রবৎ, মর্চ্যাধরা
Eruption, *s.* বহির্গমন, বেগেনির্গমন, স্ফুটন ; বিস্ফোটক, খোস, চুলকনি ইত্যাদি
Eruptive, *a.* স্ফুটনশীল, বিস্ফোটজনক
Erysipelas, *s.* রক্তকুষ্ঠ, আগুনিয়া বাত
Escalade, *s.* দুর্গ প্রাচীরে উঠন, মোই বা সিড়ি দ্বারা প্রাচীর উল্লঙ্ঘন
Escape, *v.* রক্ষা-পা, বাঁচ, পলা, ছুট্, পলায়ন-ক, ভাগ-যা, দায় উত্তীর্ণ-হ
Escape, *s.* রক্ষা, বাঁচাও, পলায়ন, ছুট, ভাগ
Escaped, *pa.* পলায়িত, মুক্ত, রক্ষাপ্রাপ্ত
Escargatoire, *s.* শম্বুকাদি জলকীট রক্ষণাগার
Eschar, *s.* ক্ষতের চিহ্ন, ঘায়ের দাগ
Escharotic, *a.* জ্বলন্ত, পুড়নীয় ; দাহকৌষধ
Escheat, *s.* রাজহস্তগত উত্তরাধিকারীশূন্য ভূমি, দণ্ডেনীত রাজভোগ্য ভূমি বা ধন, বেবারীশী সরকারের জমি জরাত [ন-ক
Eschew, *v.* পলা, বর্জন-ক, ত্যাগ-ক, পলায়-
Escort, *s.* যাত্রায় বা পথে রক্ষার্থে সৈন্যদল
Escort, *v.* যাত্রায় রক্ষণার্থে সঙ্গে-যা [এন্দা
Escout, *s.* কাণাড়িপাতা ; চার, গূঢ়পুরুষ, গ-
Escritoir, *s.* ইস্কাতর, বাক্স, লিখিবারবাক্স
Esculapian, *a.* ঔষধীয় বিদ্যাসম্বন্ধীয়
Esculapius, *s.* (*Indian*) ধন্বন্তরি, দেববৈদ্য
Esculent, *a.* ভক্ষ্য, সুখাদ্য, আহারোপযুক্ত
Escutcheon, *s.* কুলচিহ্নযুক্ত ফলক বা ঢালাদি
Esoteric, *a.* গুপ্ত, গূঢ়ার্থক, অপ্রকাশিত
Esotery, *s.* গুপ্ততা, গূঢ়ার্থ, গূঢ়তা
Espalier, *s.* সারিগাছা বেড়া, গছরেড়া [মুখ্য
Especial, *a.* প্রধান, শ্রেষ্ঠ, বিশিষ্ট, বিশেষ,
Especially, *ad.* বিশেষতঃ, বিশেষরূপে
Espial, *s.* চার, গূঢ়পুরুষ ; গুপ্তানুসন্ধান
Espionage, *s.* গূঢ়পুরুষের বৃত্তি, কানাড়িপনা
Esplanade, *s.* দুর্গতলস্থ মাঠ, গড়ের মাঠ, ময়-
Espousal, *a.* বৈবাহিক, বিবাহসম্বন্ধীয় [দান
Espousals, *s. pl.* বিবাহসম্বন্ধ বা বিবাহ করণ
Espouse, *v. a.* বিবাহসম্বন্ধ-ক, বিবাহ-দে ; কোন কর্ম্মের ভার-লও ; পক্ষপাত-ক
Espy, *v.* নিরীক্ষণ-ক, দূরে দৃষ্টি-ক, দূরহইতে-দেখ, অনুসন্ধান-ক, চৌকি-দে
Esquire, *s.* মর্য্যাদা সূচক উপাধি, বিশেষতঃ শ্রীযুক্ত, মহাশয়, বাবু [দ্যোগ-ক
Essay, *v.* উদ্যত-হ, চেষ্টা-ক, প্রয়াস-ক, উ-
Essay, *s.* উদ্যম, যত্ন, চেষ্টা, উদ্যোগ, পরীক্ষা ; সংক্ষেপ প্রবন্ধ
Essence, *s.* সার, সার ভাগ, পদার্থ, ভাব ; স্থিতি ; গন্ধ, সুগন্ধি দ্রব্য, আতরাদি [দে
Essence, *v.* সুগন্ধি-সৌরভ-সুবাস-ক, গন্ধ-
Essential, *a.* অত্যুপযুক্ত, অত্যাবশ্যক, গুরুতর, প্রধান, প্রয়োজনীয় ; সারাৎসার
Essential, *s.* সত্তা, পদার্থ, সার ; প্রধানাংশ
Essentially, *ad.* অত্যাবশ্যক বা প্রকৃত রূপে
Essoine, *s.* অপ্রত্যক্ষ হইবার হেতুবাদ, ব্যাজ
Establish, *v.* স্থাপন-ক, নির্ধারণ-স্থির-ক, নিশ্চয়-ক, নির্ণয়-ক, সাভ্যস্থ-ক [নিশ্চিত
Established, *pa.* স্থাপিত, নির্ণীত, স্থিরীকৃত,
Establishment, *s.* অবস্থিতি, স্থাপিতাবস্থা, স্থিতি ; নির্দ্ধারণ, নিরূপণ ; রীতি, প্রকার, আরম্ভ; বেতন, মাসিক, আয়; স্থাপিত পদ
Estate, *s.* অবস্থা, দশা ; ঐশ্বর্য্য, বিষয়, ধন ; পদ, অধিকার; (*paternal*) পৈতৃকাধিকার
Esteem, *v. a.* বহুমূল্য বা শ্রেষ্ঠ জ্ঞান-ক; আদর-স্নেহ-ক, ভাল-বাস, মূল্য-ঠাহর্; অনুমান-ক, বোধ-ক, মনে-ক
Esteem, *s.* প্রেম, আদর, স্নেহ, সমাদর, ভালবাসা ; সম্ভ্রম, মান
Estimable, *a.* অনবদ্য, উত্তম, মান্য, আদরণীয়, মাননীয়, গণ্য, সম্ভ্রমযোগ্য
Estimate, *v. a.* সংখ্যা পরিমাণ বা মূল্য অনুমান-ক; গণনা-ক, বিবেচনা-ক, স্থির-ক
Estimate, *s.* গণনা, সংখ্যা ; মূল্য ; আনুমানিক ব্যয়নিরূপণ; বোধ, বিবেচনা; (*a list*) খরচখরচার ফর্দ্দ, লেখা, ব্যয়লিপি
Estimation, *s.* বোধ, জ্ঞান, বিবেচনা; সমাদর, প্রীয় বা শ্রেষ্ঠ জ্ঞান ; মূল্যনিরূপণ
Estival, *a.* গ্রীষ্মকালের, গ্রীষ্মকালীন
Estrade, *s.* সমভূমি ; রাজপথ, বড়রাস্তা
Estrange, *v.* স্নেহভেদ-ক, স্নেহভঙ্গ-ক, দূরে-থাক্, হস্তান্তর-দূর-ক, পর-হ, উপরিজন-হ
Estrangement, *s.* স্নেহভঙ্গ, মমতা হ্রাস, অমিল, সুহৃদ্ভেদ ; অন্তর, দূর
Estreat, *s.* (*law term*) আদর্শ লিপির ঠিক নকল বা দোহারা লেখা [খাল
Estuary, *s.* নদ্যাদির মুখ, সমুদ্রের শাখা বা

Esture, *s.* স্রোতাদির মহাশব্দে বেগ গতি
Esurine, *a.* ক্ষয়কারী, খাদক
Etcetera, *ad.* আদি, ইত্যাদি, প্রভৃতি, আর২; সঙ্কেতে etc. বা &c. লিখে [চিত্র-ক
Etch, *v.* তেজ আব বা তক্ষণদ্বারা তামু পত্রে
Etching, *s.* পূর্ব্বোক্ত মত চিত্রকরণের ধারা
Eternal, *a.* অনাদ্যন্ত, অক্ষয়, অনাদি, অনন্ত, নিত্যস্থায়ী, অশেষ, নিত্য, চিরস্থায়ী
Eternalize, Eternize, *v. a.* অমর-অক্ষয়-ক, নিত্য বা অশেষকাল স্থায়ী-ক
Eternally, *ad.* নিতরাং, নিত্যশঃ, নিত্য, অনন্ত বা অশেষরূপে
Eternity, *s.* আনন্ত্য, নিত্যতা, চিরস্থায়িত্ব; নিত্যকাল, অনাদ্যন্ত ভাব, অনন্তকাল
Ether, *s.* অতিসূক্ষ্ম বায়ু, আকাশ, অন্তরীক্ষ; সতেজ ঔষধবিশেষ [শুদ্ধিকৃত
Ethereal, *a.* আকাশায়, স্বর্গীয়; অতিসূক্ষ্ম,
Ethic, or Ethical, *a.* নীতিবিদ্যাসম্বন্ধীয়
Ethics, *s. pl.* নীতিবিদ্যা, নীতিশাস্ত্র
Ethnic, *a.* দেবপূজকবৎ; *s.* দেবপূজক
Etiology, *s.* কোন পদার্থের হেতুবিবরণ
Etiquette, *s.* সভ্যতা, শিষ্টাচার [ভাঁড়ি
Etwee-case, *s.* কাঁচি ছুরিকাদি অস্ত্রাধার,
Etymological, *a.* ব্যুৎপত্তিমূলক, শব্দযোনিসূচক, শব্দসাধন বিদ্যাসম্বন্ধীয়
Etymology, *s.* ব্যুৎপত্তি, শব্দসাধন বিদ্যা, শব্দযোনি সূচনা, ধাত্বনুসন্ধান
Etymon, *s.* মূলশব্দ, শব্দযোনি, ধাতু
Evacuate, *v. a.* রিক্ত বা শূন্য-ক, খালি-ক, পরিষ্কার-ক, বাহির-ক, ত্যাগ-ক
Evacuation, *s.* বহিষ্করণ, মলমূত্র ত্যাগ, শূন্য বা ত্যাগ করণ, ছাড়িয়া যাওন
Evade, *v.* বাকছলনা-ক, কৌশলক্রমে মুক্ত-হ, অস্পষ্ট উত্তর-ক, টালমটাল-ক, ফাকি-দে
Evanescence *s.* অন্তর্দ্ধান, অদৃশ্য হওন
Evanescent, *a.* অন্তর্দ্ধানী, অদৃশ্য, ক্ষণিক, অস্থায়ী, অচিরস্থায়ী, সূক্ষ্ম, ক্ষয়শীল
Evangelical, *a.* সুসমাচার সিদ্ধ, তদনুযায়ী
Evangelist, *s.* সুসম্বাদক, প্রভু যীশু খ্রীষ্ট বিষয়ক সুসমাচার লেখক বা প্রচারক ব্যক্তি, সুসমাচার ঘোষণাকর্ত্তা
Evangelize, *v.* সুসমাচার ঘোষণা-ক, খ্রীষ্টের মত প্রকাশ-ক, তদ্ধর্ম্ম স্থাপন-ক [অস্থায়ী
Evanid, *a.* ক্ষীণ, দুর্ব্বল; অন্তর্দ্ধানী, ক্ষণিক,
Evaporate, *v.* উব্, বাষ্পীভূত-হ বা ক, উদ্ভাব হইয়া-যা, উড়িয়া-যা
Evaporation, *s.* বাষ্পীভূততা, বাষ্প হওন, ভাপ উঠন, উবিয়া যাওন
Evasion, *s.* ব্যাজ, ছল, ছলনা, ফাকি, অস্পষ্ট উত্তর, ওজর, টালমটাল, উড়ানঘাই
Evasive, *a.* ব্যাজকারী, ছলকারী, অস্পষ্টবাদী, বাক প্রবঞ্চক, ওজরী
Eucharist, *s.* ধন্যবাদ করণ; ধর্ম্মভোজ, প্রভুর ভোজ, খ্রীষ্টের মৃত্যু স্মরণার্থ ভোজ
Eucharistical, *a.* ঐ ভোজ বা ধন্যবাদ সম্বন্ধীয়
Eucrasy, *s.* নিষ্পীড়তা, ধাতুসাম্য, স্বাস্থ্য
Eve, *s.* Evening শব্দের সঙ্কেত; সন্ধ্যাকাল, বৈকাল, বিকাল; কোন পর্ব্বের পূর্ব্বদিন
Even, *a.* সম, সমান, চৌরস, তুল্য; স্থির
Even, *ad.* সত্য, বটে, বরং, ও, এবং, তেমনি
Evenhanded, *a.* অপক্ষপাতী, অমুখাপেক্ষী, সমুচিত, যথার্থ, প্রকৃত, তুল্য, ঠিক
Evening, Even, *a.* সন্ধ্যাকাল, সায়ংকাল, বৈকাল, দিনান্ত, দিনাবসান, সাঁঝ
Evenly, *ad.* সোজা মতে, সম ভাবে, প্রকৃত সমান বা যথার্থ রূপে
Evenness, *s.* সমানতা, তুল্যতা, সমাবস্থা, সাম্য, অভেদ, চৌরস ভাব; স্থিরতা, ধৈর্য্য
Even-song, *s.* সন্ধ্যাকালের ভজনা গীত
Event, *s.* ঘটনা; শেষ, অন্ত; দৈবঘটনা; ফল
Eventful, *a.* দৈবযুক্ত, ঘটনাময়, সফল, ভারি
Even-tide, *s.* সায়ংকাল, সন্ধ্যাকাল, সাঁঝবেলা
Eventilate, *v.* শস্যাদি-ঝাড়, পাছড় [বেলা
Eventual, *a.* শেষান্ত, ঘটিতব্য, চরম, দৈবাৎ, কর্ম্মের ফল সম্বন্ধীয় [শেষে
Eventually, *ad.* পরে, অন্তে, শেষতঃ, অব-
Ever, *ad.* কখন, কোনকালে; সর্ব্বকালে, নিত্য, সদা, সর্ব্বদা, সতত, হামেশা
Everbubbling, *pa.* নিত্য টগ্‌বগ্‌করণশীল
Everburning, *ad.* নিত্যজ্বলনশীল, অনিবা-
Evergreen, *s.* সতত পত্রবিশিষ্ট বৃক্ষ [র্য্য
Everlasting, *a.* নিত্য, অনাশ্য, অক্ষয়, অনন্ত, অশেষ, অমর, নিত্যস্থায়ী, চিরস্থায়ী
Everlasting, Everlastingness, *s.* নিত্যতা, অনন্তকাল, নিত্যকাল
Everliving, *a.* অমর, চিরজীবী, চিরস্থায়ী
Evermore, *ad.* অশেষ, নিরন্তর, নিত্য, সতত, সদা, সর্ব্বদা, নিয়ত, নিত্যকালপর্য্যন্ত
Eversion, *s.* উচ্ছন্নতা, উৎখাত, উচ্ছেদ
Evert, *v. a.* উৎখাত-ক, নাশ-ক, উচ্ছন্ন-ক
Every, *a.* এক এক, প্রত্যেক, সকল
Everyday, *a.* প্রত্যহ, প্রতিদিন, নিত্য, দিন ২

Everywhere, *ad.* সর্ব্বত্র, সকল স্থানে
Evict, *v. a.* ব্যবস্থানুসারে অনধিকার-ক
Evicted, *pa.* বিচারে অনধিকৃত ; সপ্রমাণ
Eviction, *s.* বিচার মতে অনধিকার করণ ; প্রামাণ্য, প্রমাণ
Evidence, *s.* (*proof*) সাক্ষ্য, প্রমাণ, সাবুদ; (*witness*) সাক্ষী, সাইদ, গয়াহী [প্রসিদ্ধ
Evident, *a.* স্পষ্ট, সপ্রমাণ, চাক্ষুষ, প্রত্যক্ষ,
Evidently, *ad.* প্রত্যক্ষতঃ, প্রত্যক্ষরূপে
Evil, *a.* অনহিত, অপকৃষ্ট, মন্দ, অনিষ্ট, দুষ্ট, পাপিষ্ঠ, ভ্রষ্ট, কুৎসিত ; কু
Evil, Evilness, *s.* অনিষ্টতা, দুষ্টতা, দোষ, পাপ, অপচয়, হানি ; বিপত্তি, বিপদ
Evildoer, *s.* কুকর্ম্মকর্ত্তা, মন্দকারক
Evilminded, *a.* ঈর্ষ্যান্বিত, দ্বেষী, দুর্মতি, দুষ্ট
Evilspeaking, *s.* গর্হা, পরনিন্দা, কুৎসাবাদ
Evilworker, *s.* কুকর্ম্মকর্ত্তা, অপক্রিয়াকারক
Evince, *v. a.* সাভ্যস্ত-ক, সপ্রমাণ-ক, নিশ্চয়-ক, ব্যক্ত-ক, দর্শা, প্রকাশ-ক
Evincible, *a.* প্রকাশ্য, সপ্রামাণিক
Eviscerate, *v. a.* অন্ত্র আঁতড়ী বা নাড়ীভূঁড়ী বাহির-ক ; খুঁজ, অনুসন্ধান-ক
Evitable, *a.* নিবার্য্য, ত্যাগ বা দূরকরণীয়
Evitate, *v. a.* ত্যাগ-ক, দূর-ক ; রক্ষা-পাও
Eulogical, *a.* প্রশংসনীয়, স্তবনীয়
Eulogist, *s.* স্তাবক, স্তুতিকর্ত্তা, প্রশংসক
Eulogium, *s.* প্রশংসা, স্তব, স্তুতি, স্তোত্র
Eulogize, *v. a.* প্রশংসা-ক, স্তুতি-ক, স্তব-ক
Eulogy, *s.* প্রশংসা, স্তুতি, স্তব, গুণ কথন
Eunuch, *s.* ষণ্ড, নপুংসক, মুষ্কছিন্ন, খোজা
Evocation, *s.* ডাকন, হাঁকন, আহ্বান করণ
Evoke, *v. a.* আহ্বান-ক, ডাক, হাঁক্
Evolation, *s.* উড়ন, উড়িয়া যাওন
Evolve, *v. a.* অনাবৃত-ক, খুল, এলুয়া-ক
Evolution, *s.* খুলন, অনাবৃত প্রকাশ বা ব্যক্ত করণ ; সৈন্য বিন্যাস করণ
Euphony, *s.* সুস্বর, মিষ্ট স্বর
Euphorbia, *s.* সিজ ; (*ligularia*) মনসাসিজ ; (*antiquorum*) নাড়াসিজ ; তেকাঁটাসিজ ; (*chamæsyce*) ছোট ক্ষীরই
Euroclydon, *s.* উত্তরপূর্ব্বীয় ঝড় বা তুফান
European, *a.* ইউরোপ দেশীয়, ইউরোপীয়
Eurus, *s.* পূর্ব্বদিকস্থ বায়ু, পূবীয় বাতাস
Evulsion, *s.* উৎখাত, উৎপাটন, উন্মূলন
Ewe, *s.* মেড়ী, মেষী, ভেড়ী
Ewer, *s.* গাড়ু, ঝারী, জলপাত্র, আফ্তাবা

Exacerbate, *v.* তিতপীতা-ক, বিরক্ত-ক
Exacerbation, *s.* কষ্টের বা পীড়ার বৃদ্ধি, রোগের আতিশয্য বা বাইড়
Exact, *a.* সূক্ষ্ম, ঠিক, ঠিকঠাক, নিয়মবিশিষ্ট, অতন্ত্র, নিশ্চয়
Exact, *v. a.* ক্ষমতায় বা বলে-লও, অন্যায়পূর্ব্বক-লও, নিঙ্গড়িয়া বা শুষিয়া-লও
Exacted, *pa.* বলেনীত, দাবাকরা, দাবীকৃত
Exaction, *s.* বলে বা অন্যায্যরূপে লওন ; কঠিন কর বা রাজস্ব
Exactitude, *s.* প্রকৃততা, যাথার্থ্য
Exactly, *ad.* ঠিক বা যথার্থরূপে, সূক্ষ্মরূপে, প্রকৃত উপযুক্ত বা নিশ্চয় রূপে
Exactness, *s.* ঠিক্‌ঠাক্, সূক্ষ্মতা, উপযুক্ততা
Exaggerate, *v. a.* বর্ণনে বাহুল্য-ক, বাড়াইয়া-বল্, তিলকে তাল-ক ; স্তূপ-ক, রাশি-ক
Exaggeration, *s.* বর্ণনে বাহুল্য করিয়া বলন, তিলকে তাল করণ ; স্তূপকরণ [স্থির-ক
Exagitate, *v.* আলোড়ন-ক, উচ্চাটন-ক, অ-
Exalt, *v.* বর্দ্ধিষ্ণু-ক, বাড়া, উন্নত-ক, উচ্চ-ক, বাখ্‌না, প্রশংসা-ক
Exaltation, *s.* উচ্চ বা বর্দ্ধিষ্ণু করণ, উত্তোলন, উন্নতি, বিভবপ্রাপ্তি, বাখ্‌নান, প্রশংসা
Examen, *s.* তরাজু বা নিক্তির কাঁটা
Examination, *s.* বিতর্ক, বিতণ্ডা ; প্রশ্ন করণ ; পরীক্ষা, আলোচনা, বিচার, ইন্তাহাম, but properly ইম্‌তিহান্
Examine, *v.* প্রশ্ন-ক ; বিতর্ক-ক, আলোচনা-ক, বিচার-ক, পরীক্ষা-ক, অনুসন্ধান-ক
Examiner, *s.* পরীক্ষক, বিচারক, বিতর্কক
Examplary, *a.* উপমেয়, নিদর্শনীয়, দৃষ্টান্তযোগ্য, দৃষ্টান্তস্থল [উদাহরণ, দৃষ্টান্ত
Example, *s.* আদর্শ, উপমা, নিদর্শন, প্রমাণ,
Exanimate, *a.* নির্জীব, মৃত, মরা, নিস্তেজ
Exanimous, *a.* প্রাণহীন, মৃত, মরা ; হত
Exanthemata, *s.* ব্রণ, ফুস্কুড়ি, খোসাদি [ঢাল্
Exantlate, *v.* অপচয়-ক ; দ্রবদ্রব্য বাহির-ক,
Exarticulation, *s.* অস্থিসন্ধিচ্যুতি, হাড়সরণ
Exasperate, *v. a.* চিড়া, ক্ষেপা, রুষ্ট-ক, ত্যক্ত-ক, বিরক্ত-ক, রাগান্বিত-ক, দেক-ক
Exasperation, *s.* রোষবৃদ্ধি, উষ্মা, রাগ, ক্রোধ
Exauctorate, *v.* বৃত্তিচ্ছেদ-ক, অনধিকার-ক
Excarnate, *v. a.* নির্মাংস-ক, মাংসহীন-ক
Excavate, *v. a.* খনন-ক, গর্ত্ত-ক, সুড়ঙ্গ-ক
Excavation, *s.* গহ্বর, গর্ত্ত, গাড়া, সুড়ঙ্গ
Excavator *s.* খনক, যে খোঁড়ে ; খানি খনক

Exceed, *v.* অধিক-হ, শ্রেষ্ঠ-হ, অতিরিক্ত-হ, বেশী-হ, বাড়, বাড়িয়া-উঠ
Exceeding, *pa. a.* অতিশয়, অতিবাদ, অনেক, বহুল, বিস্তর, বহুত [বাহুল্যরূপে
Exceedingly, *ad.* অতি, অতিশয়, অতিবাদ,
Excel, *v.* শ্রেষ্ঠতম-হ, পটু-হ, উৎকৃষ্ট-হ, অন্যাপেক্ষায় উত্তম-হ
Excellence, or Excellency, *s.* উৎকর্ষ, উৎকৃষ্টতা, উত্তমতা, অপূর্ব্বতা, শ্রেষ্ঠতা, উপাদেয়তা, বিশিষ্টতা, ভদ্রতা; শুদ্ধতা, নির্মলতা; মহামহিমা, মর্য্যাদাসূচক আখ্যা
Excellent, *a.* আর্য্য, পরম, অপূর্ব্ব, বিশিষ্ট, উত্তম, উপাদেয়, বিলক্ষণ, শ্রেষ্ঠ, অতি ভাল
Excellently, *ad.* বিলক্ষণ বা উত্তমরূপে
Except, *v.* ছাড়, ছাড়িয়া-দে, লুপ্ত-ক, বর্জিত-ক, ব্যতিরিক্ত-ক
Except, Excepting, *pr.* ব্যতিরেকে, ভিন্ন, বই, বিনা, ছাড়া, নতুবা [দূষ্য, অগ্রাহ্য
Exceptionable, *a.* বর্জনীয়, আপত্তিযোগ্য,
Exception, *s.* ব্যতিরেক ; আপত্তি, ওজর
Exceptious, *a.* আপত্তিকারী, ঠেঁটা, খিট্‌খিটিয়া, চিড়্‌চিড়ে, বিরোধী, ঝগড়ু
Exceptive, *a.* আপত্তিবিশিষ্ট, দোষসূচক
Exceptor, *s.* ওজর বা আপত্তিকর্ত্তা
Excern, *v. a.* ছাঁক্, ভিন্ন-ক, পৃথক-ক
Excerpt, *a.* উৎপাটিত ; মনোনীত, বাছা
Excerption, *s.* কুড়ন, কুড়ান ; বাছন
Excess, *s.* অপরিমিততা, আতিশয্য, প্রাচুর্য্য, বাহুল্য, নিয়মাতিক্রম, অত্যাচার
Excessive, *a.* অত্যন্ত, অতিরিক্ত, অতিবাদ, অতিশয়, উৎকট, অপরিমিত, একান্ত
Excessively, *ad.* অতি, অতিবাদ, অতিশয়, একান্তরূপে, অপরিমিতরূপে
Exchange, *v. a.* পরিবর্ত্ত-ক, বিনিময়-ক, আদান প্রদান-ক, মার্জা-ক, বদল-ক ; (*bank-note* or *coin*) ভাঙ্গা
Exchange, *s.* পরিবর্ত্ত, বিনিময়, আদান প্রদান, পরিবর্ত্তন, মার্জা ; ভাঙ্গান বা গাঁথান ; বাণিজ্যার্থে সমারোহস্থান ; বাটা, ভাঙ্গানি
Exchequer, *s.* রাজ কোষ, রাজ ভাণ্ডার, রাজস্ব সঞ্চয় গৃহ, খালিসা [কর
Excise, *s.* রাজকর, বাণিজ্যদ্রব্যের নিরূপিত
Exciseable, *a.* কর বা সুল্কাধীন,মাসুলী, হা-
Exciseman, *s.* রাজস্ব বা কর গ্রাহক [সিলী
Excision, *s.* উচ্ছেদ, ছেদ করণ ; বিনাশ
Excitable, *a.* প্রবর্ত্তনীয়, প্রবর্ত্তয়িতব্য

Excitation, *s.* স্ফূর্ত্তি, চেতনা করণ, প্রবর্ত্ত, প্রবর্ত্তনা, প্রবৃত্তি [চেতনা-দে
Excite, *v. a.* উস্ক্, প্রবৃত্তি-জন্মা, উঠা, চেতা,
Excitement, *s.* ক্ষুব্ধতা, প্রবৃত্তি, প্রবর্ত্তনা, আড়ম্বর, চেতানি
Exclaim, *v. n.* চেঁচা, হাঁক, চীৎকার-ক, উচ্চৈঃস্বরে-কহ, উচ্চৈঃশব্দ-ক, শোর-ক
Exclamation, *s.* চমৎকার জ্ঞাপক শব্দ, চীৎকার, হুঙ্কার ; আশ্চর্য্য বা শোকোক্তির চিহ্ন, যথা (!) হায় হায় !
Exclamatory, *a.* চীৎকার শব্দকারী, গোলকারী, আশ্চর্য্য বা শোক ধ্বনিকারী
Exclude, *v.* সভা বা দলচ্যুত-ক, বহিষ্কৃত-ক, বাহির-ক, বর্জিত-ক, দূর-ক, নিবারণ-ক
Exclusion, *s.* বহিষ্করণ, বর্জন, নিবারণ
Exclusion-bill, *s.* বহিষ্করণ ব্যবস্থা পত্র
Exclusive, *a.* ব্যতিরিক্ত, ভিন্ন, ছাড়া, বর্জনকারী, নিবারক [একাকীরূপে
Exclusively, *ad.* ব্যতিরেকে, ভিন্ন, কেবল,
Excogitate, *v. a.* সৃষ্টি-ক, রচনা-ক, বানা, নির্ম্মাণ-ক, কল্পনা-ক
Excogitation, *s.* কল্পনা, কৌশল, উপায়, সৃষ্টি, রচনা, নির্ম্মাণ
Excommunicate, *v. a.* ভর্ৎসনা-ক, গর্হা-ক ; সভাভ্রষ্ট-ক, মণ্ডলীচ্যুত-ক, দোষী বোধে বহিষ্কৃত-ক, পঙ্‌ৎ বা দলের বাহির-ক
Excommunicated, *a.* মণ্ডলীহইতে বহিষ্কৃত, ধর্ম্মসভার বহির্ভূত, সভাচ্যুত বা ভ্রষ্ট
Excommunication, *s.* মণ্ডলীহইতে বহিষ্করণ, ধর্ম্মসভাচ্যুতকরণ,ধর্ম্মভ্রষ্ট জ্ঞানকরণ
Excoriate, *v.* ছুল্, ছড়্, চর্ম্ম বা ছাল-তুল
Excoriation, *s.* ছুলন, ছড়ান, চর্ম্ম বা ছাল তুলন ; লুট, লুটিত বস্তু
Excortication, *s.* বল্কল বা ছাল তুলন
Excrement, *s.* বিট্, বিষ্ঠা, মল, গু ; (*of a cow*) গোময়, গোবর ; (*of quadrupeds*) নাদি
Excremental, *a.* বিষ্ঠাবৎ, বিষ্ঠাবিষয়ক
Excrescence, *s.* উপমাংস, আব,আঁচিলাদি ; স্ফোটক, ফোড়া
Excretion, *s.* বাহ্যক্রিয়া, বিষ্ঠা বা মল ত্যাগ
Excretive, *a.* মলত্যাগী, বাহ্যক্রিয়াক্ষম
Excruciate, *v.* যন্ত্রণা-দে, যাতনা-দে, দুঃখ-দে
Excruciating, *a.* যন্ত্রণাযুক্ত, অতিযাতনাকর
Excubation, *s.* সমস্ত রাত্রি চৌকি দেয়
Exculpate, *v. a.* নিরপরাধী-ক, নির্দোষী জ্ঞান-ক, দোষাদির কলঙ্ক হইতে মুক্ত-ক

Exculpation, *s.* দোষমার্জন, নির্দোষী করণ
Exculpatory, *a.* দোষমার্জনীয়, অদূষ্য
Excursion, *s.* ভ্রমণ, বেড়ান, লঘু যাত্রা
Excursive, *a.* ভ্রমণকারী, পর্য্যটনীয়া, ভ্রমণী
Excusable, *a.* মার্জনীয়, ক্ষমাযোগ্য
Excuse, *v. a.* হেতু-দর্শা, ছুতা-ক, ওজর-ক, আপত্তি-ক; ক্ষমা-ক, মার্জনা-ক, মাফ-ক
Excuse, *s.* আপত্তি, ছুতা, ওজর, দোষ খণ্ডন, ক্ষমা, ক্ষমা প্রার্থনা
Excuseless, *a.* অমার্জনীয়, বেওজর
Excuss, *v. a.* ব্যবস্থামতে ক্রোক-ক
Execrable, *a.* ঘৃণ্য, হেয়, ঘৃণার্হ, অতি মন্দ; শাপার্হ, মন্যুযোগ্য
Execrably, *ad.* ঘৃণ্যরূপে, অভিশপ্তরূপে
Execrate, *v.* অভিশাপ-দে, মন্যু-ক, অমঙ্গল ইচ্ছা-ক, মন্দপ্রার্থনা-ক, অতি ঘৃণা-ক
Execration, *s.* শাপ, মন্যু, অভিশাপ, অমঙ্গল ইচ্ছা
Exect, *v.* ছেদ-ক, কাটিয়া-ফেল
Exectical, *a.* ব্যাখ্যাতব্য, অর্থকারী
Execute, *v. a.* কোন কর্ম্ম-ক, সম্পাদন-ক, নির্বাহ-ক, চালা; প্রাণদণ্ড-ক
Executer, *s.* নিষ্পাদক, সম্পাদক, কর্ম্মকর্ত্তা
Execution, *s.* নিষ্পত্তি, নিষ্পাদন, কর্ম্মকরণ; ধরা, আটক; ব্যবস্থা মতে প্রাণদণ্ড করণ
Executioner, *s.* প্রাণ হন্তা, জল্লাদ
Executive, *a.* করণক্ষম, কর্ম্মসম্পাদক, নিষ্পাদক
Executor, *s.* মৃতব্যক্তির বিষয়রক্ষক, মুমূর্ষুদানপত্রে লিখিত নিয়ম সম্পাদক
Executrix, *s.* মুমূর্ষুদানপত্রের নিয়ম সম্পাদিকা
Exegesis, *s.* টিপ্পনী, টীকা, ব্যাখ্যা, অর্থ, মানে
Exegetical, *a.* অর্থকারী, ব্যাখ্যাকর
Exegetically, *ad.* ব্যাখ্যা বা অর্থ ক্রমে
Exemplar, *s.* আদর্শ, নিদর্শন, উদাহরণ, দৃষ্টান্ত
Exemplary, *a.* নিদর্শনের যোগ্য, উদাহার্য্য, উত্তম, সদাচারী; অনুযোগী
Exemplification, *s.* নিদর্শন বা উপমাদ্বারা ব্যাখ্যান
Exemplify, *v.* দৃষ্টান্ত নিদর্শন বা প্রমাণ-দে, ব্যাখ্যা-ক, সুব্যক্ত-ক, স্পষ্ট-ক, নকল-ক
Exempt, *v. a.* ছাড়্, ত্যাগ-ক, অগণ্য-ক, অনধীন-ক, মুক্ত-ক; বিশেষ অধিকারী-ক
Exemption, *s.* ছাড়া, মুক্তি, অনধীনতা; (*privilege*) বিশেষ অধিকার
Exenterate, *v.* নাড়ীভুঁড়ী বাহির-ক
Exequies, *s. pl.* সমাধি বা অন্ত্যেষ্টি ক্রিয়া
Exercise, *v.* অভ্যাস-ক, ব্যবহার-ক, উদ্যম বা পরিশ্রম-ক, সাধ্; (*sword*) শস্ত্রাভ্যাস
Exercise, *s.* অভ্যাস, প্রয়াস, পরিশ্রম, ব্যায়াম, ব্যবহার; নির্ব্বাহ, সাধন
Exercitation, *s.* অভ্যাস, ব্যবহার, সাধনা
Exert, *v.* উদ্যোগ-ক, উদ্যম-ক, প্রয়াস-ক, যত্ন-ক, পরিশ্রম-ক, সাধনা-ক
Exertion, *s.* উদ্যম, উদ্যোগ, চেষ্টা, প্রয়াস, যত্ন, কষ্ট, পরিশ্রম, সাধনা
Exesion, *s.* খাদন, নষ্ট বা ক্ষয় করণ
Exestuation, *s.* ফুটিয়া বা খদ্‌বদ্ করিয়া উঠন
Exfoliate, *v. a.* ছিল, কেলা, খোসা-তুল
Exhalation, *s.* বাষ্পোদ্‌গমন, বাষ্প বা ভাপ উঠন, প্রক্ষারণ, ভাপন, বুখার্
Exhale, *v. a.* ভাপ, ভাপ বা বাষ্প উঠ
Exhalement, *s.* উদ্ভাব, বাষ্প, ভাপ, ধূম
Exhalent, *a.* প্রক্ষারক, বাষ্প উদ্‌গমনশীল
Exhaust, *v.* ফুরা, সমুদয় ব্যয়-ক, ক্ষীণ-ক, অবসন্ন-ক, নিঃশেষ-ক, ক্ষয়-ক
Exhausted, *a.* অবসন্ন, ক্লান্ত, ক্ষীণ
Exhaustion, *s.* অবসন্নতা, অবসাদ, ক্ষীণতা
Exhaustless, *a.* অক্ষয়, অশেষ, অফুরণ
Exhibit, *v.* দর্শা, দেখা, প্রকাশ-ক, ব্যক্ত-ক
Exhibited, *pa.* দর্শিত, দেখান, ব্যক্তীকৃত
Exhibiter, *s.* যে দর্শায় বা দেখায়
Exhibition, *s.* প্রদর্শন, প্রকাশ, দেখান; সং, কৌতুক
Exhilarate, *v.* আহ্লাদিত-ক, আনন্দিত-ক, হৃষ্টচিত্ত-ক, সজীব-ক, তুষ্ট-ক, খুসি-ক
Exhilaration, *s.* আমোদ, আহ্লাদ, হৃষ্টতা
Exhort, *v. a.* উপদেশ-দে, পরামর্শ-দে, বুঝা
Exhortation, *s.* উপদেশ, সৎপরামর্শ
Exhortative, Exhortatory, *a.* উপদেশক, প্রবৃত্তিজনক, সৎপরামর্শ সূচক
Exhumation, *s.* কবর হইতে শব বাহির করণ
Exigence, or Exigency, *s.* অপ্রতুল, অভাব, প্রয়োজন, নাচারি, দুর্গতি, দুরবস্থা, দুঃখ
Exigent, *s.* অত্যাবশ্যক কর্ম্ম; (*a law term*) বিচারকর্ত্তার বিশেষ আজ্ঞা পত্র
Exiguous, *a.* অতি ক্ষুদ্র, ছোট, সূক্ষ্ম, সরু
Exile, *v.* দেশবহির্ভূত-ক, শহরবদল-ক
Exile, *s.* দেশবহির্ভূততা; দেশবহির্ভূত ব্যক্তি
Exist, *v.* বর্ত্তমান-হ, থাক, জীবৎ-থাক, বাঁচ
Existence, Existency, *s.* সত্তা, স্থিতি, বর্ত্তমানতা, ভাব, জীবদ্দশা, জীবতাবস্থা, জীবন
Existent, *a.* বর্ত্তমান, সজীব, জীবৎ, স্থায়ী
Exit, *s.* প্রস্থান, বহির্গমন; মৃত, মরণ, অবসান
Exodus, *s.* যাত্রা, প্রস্থান; মুসা লিখিত ধর্ম্মপুস্তকের দ্বিতীয় পুস্তক

Ex-official, *a.* প্রমাণসিদ্ধ, যথার্থ, আসল
Ex-officio, *a.* অনিযুক্ত, উপরি, গতপদস্থ
Exonerate, *v. a.* নির্ভার-ক, ভার-ঘুঁচা, দোষ হইতে মুক্ত-ক, নির্দোষী জ্ঞান-ক
Exoneration, *s.* ভারহইতে মুক্তি, ভার ঘুঁচান
Exobtation, *s.* অতিশয়েচ্ছা, দৃঢ়াভিলাষ
Exorable, *a.* ক্ষমাশীল, শান্তকরণীয়, কোমল
Exorbitance, *s.* আতিশয্য, আত্যন্তিকতা; মহাপাতক, অত্যাচার
Exorbitant, *a.* আত্যন্তিক, বিস্তর, অধিক, অতিশয়, অপরিমিত, অসঙ্গত [রূপে
Exorbitantly, *ad.* আত্যন্তিক বা অসঙ্গত-
Exorcise, *v. a.* ভূত-ছাড়া, ঝাড়; নির্মল-ক
Exorcism, *s.* ভূত ছাড়ানি, ঝাড় ফুঁক
Exorcist, *s.* ভূতড়িয়া, যে ভূত ছাড়ায়, ওঝা
Exordium, *s.* উপন্যাস, মঙ্গলাচরণ বন্দনা, ভূমিকা, কথাপ্রসঙ্গের মুখবন্ধ
Exosseous, *a.* অস্থিরহিত, নিরস্থিনির্ম্মিত
Exoteric, *a.* প্রকাশ, প্রত্যক্ষ, সাধারণ
Exotery, *s.* যাহা সুগোচর বা সাধারণ আছে
Exotic, *a.* অন্যদেশের, বিদেশী, অন্যদেশীয়; *s.* অন্যদেশীয় বৃক্ষাদি
Expand, *v. a.* ফুট্, খুল, প্রফুল্ল-হ, প্রস্ফুটিত-হ, প্রসার্, বিস্তার-ক, প্রসারিত-ক
Expanded, *a.* প্রফুল্ল, প্রসারিত, বিস্তীর্ণ
Expanse, *s.* বিস্তার, প্রসার, প্রপঞ্চ, বিস্তৃত বস্তু; খগোল, আকাশ
Expansion, *s.* প্রফুল্লতা, প্রপঞ্চ, প্রসার, বিস্তারণ, প্রসারণ, আয়তন [প্রপঞ্চিত
Expansive, *a.* বিস্তারক, প্রসারণীয়, বিস্তৃত,
Ex-parte, (*a law term*) অভিযোগের এক পক্ষের উক্ত, মুকদ্দমার এক দিগের কথিত
Expatiate, *v.* গমনাগমন-ক, ভ্রমণ-ক, পর্য্যটন-ক; বিস্তার-ক, বাক্যবাহুল্য-ক [কর্ত্তা
Expatiator, *s.* বিস্তারকারক, বাক্য বাহুল্য-
Expatriate, *v.* স্বদেশ ত্যাগ-ক বা বহির্ভূত-হ
Expatriated, *pa.* স্বদেশবহির্ভূত, স্বদেশত্যক্ত
Expatriation, *s.* দেশবহির্ভূততা, স্বদেশত্যাগ
Expect, *v.* অপেক্ষা-ক, আশা-ক, উম্মেদ-ক
Expectancy, *s.* আশা, ভরসা, প্রত্যাশা, উম্মেদ
Expectant, Expecter, *s.* অপেক্ষক, প্রত্যাশী, যে ভরসা বা আশা করে, উম্মেদবার
Expectation, *s.* প্রতীক্ষণ, প্রত্যাশা করণ, অপেক্ষা, প্রতীক্ষা, আশা, ভরসা, উম্মেদ
Expectorate, *v. a.* শ্লেষ্মা-তুল বা নিক্ষেপ-ক, কফাদি নির্গত-ক

Expectoration, *s.* কফ বা শ্লেষ্মা প্রক্ষেপণ
Expedience, Expediency, *s.* উপযুক্ততা, যোগ্যতা, আবশ্যকতা, শুভিতা; ত্বরা
Expedient, *a.* উপযুক্ত, যোগ্য, প্রয়োজনীয়, অবশ্য কর্ত্তব্য, উচিত; শীঘ্র, ত্বরান্বিত
Expedient, *s.* ধারা, গতি, পথ, চারা, উপায়, ফিকির, কৌশল, কল্পনা
Expediently, *ad.* উপযুক্তরূপে, অনায়াসে
Expedite, *v. a.* সুগম-ক, ত্বরা-তাগাদা-তাড়া-ক, অবিলম্বে কর্ম্ম-করা, তাড়াতাড়ি-ক
Expedite, *a.* শীঘ্র, ত্বরান্বিত, জল্দী; সহজ, সুগম; ক্ষিপ্র, চাকাল
Expeditely, *ad.* শীঘ্ররূপে, অবিলম্বে
Expedition, *s.* ত্বরা, শীঘ্রতা, বেগগতি; ক্ষিপ্রতা, সতর্কতা; যুদ্ধযাত্রা, বিশেষ উদ্যম
Expeditious, *a.* শীঘ্রগামী, ত্বরান্বিত; জল্দ, সত্বর, ক্ষিপ্র, চালাক [ক্ষিপ্ররূপে
Expeditiously, *ad.* শীঘ্র, ত্বরায়, ঝটিতি;
Expel, *v. a.* বহিষ্কৃত-ক, বাহির-ক, দূর-ক, দেশ বহির্ভূত-ক, তাড়াইয়া-দে; নিঃসৃত-ক
Expend, *v. a.* ব্যয়-ক, খরচ-ক, ফুরা, উড়া
Expenditure, *s.* ব্যয়, খরচ
Expense, *s.* ব্যয়, খরচ, খরচা; মূল্য
Expenseless, *a.* ব্যয়ব্যতিরিক্ত, নিখরচা
Expensive, *a.* ব্যয়ী, ব্যয়শীল, খরচী; বহুমূল্য, মহার্ঘ্য; (*lavish*) বহুব্যয়ী, অপব্যয়ী, উড়ানিয়া, সাখরচী
Experience, *s.* পরীক্ষা, অনুভব, ব্যবহার-দ্বারা প্রাপ্ত জ্ঞান বা বিজ্ঞতা
Experience, *v.* পরীক্ষা-ক, অনুভব-ক, ব্যবহারদ্বারা-জান্ বা জ্ঞাত-হ
Experienced, *pa. a.* ব্যবহারদ্বারা জ্ঞাত, বিজ্ঞ, বহুদর্শী, অনুভূত, পরীক্ষিত
Experiment, *s.* পরীক্ষা, ব্যবহার, পরখ, পর-
Experiment, *v.* পরীক্ষা-ক, পরখ-ক [খাই
Experimental, *a.* অনুভবসিদ্ধ, পরীক্ষিত, পরীক্ষাদ্বারা স্থিরীকৃত [অনুভবপূর্ব্বক
Experimentally, *ad.* অনুভবে, পরীক্ষাদ্বারা,
Experimenter, *s.* পরীক্ষক, অনুভবকর্ত্তা
Expert, *a.* কৃতী, দক্ষ, ক্ষিপ্র, সত্বর, নিপুণ, পটু, পারক, চতুর, চালাক [রূপে
Expertly, *ad.* দক্ষতা বা নৈপুণ্যরূপে, উত্তম-
Expertness, *s.* দক্ষতা, নৈপুণ্য, পটুতা, পারকতা, ক্ষিপ্রতা, চতুরতা, চালাকী [ত্তব্য
Expiable, *a.* মার্জনীয়, ক্ষমণীয়, প্রায়শ্চি-
Expiate, *v.* প্রায়শ্চিত্ত-ক, পাপ মিটা বা ক্ষয়-ক

Expiation, *s.* প্রায়শ্চিত্ত, দোষ খণ্ডন, পাপ মিটান, প্রায়শ্চিত্ত করণ
Expiatory, *a.* পাপ বিমোচনীয়, প্রায়শ্চিত্ত-যোগ্য, প্রায়শ্চিত্তকরণক্ষম
Expiration, *s.* শ্বাস ত্যাগ, নিশ্বাস, প্রশ্বাস; শেষ, অন্ত; মৃত্যু, মরণ, প্রাণ ত্যাগ
Expire, *v.* শ্বাস ত্যাগ-ক, প্রশ্বাস-ক; প্রাণ ত্যাগ-ক, মর, শেষ-হ, নাশ-হ
Explain, *v. a.* বুঝা, অর্থ-ক, সুস্পষ্ট-ক, ব্যাখ্যা-ক, প্রকাশ-ক, বুঝাইয়া-দে
Explainable, *a.* অর্থকরণীয়, অর্থযোগ্য
Explainer, *s.* অর্থকারক, যে বুঝাইয়া দেয়
Explanation, *s.* অর্থ করণ, অর্থ প্রকাশ, ব্যাখ্যা, অর্থ; টীকা, টিপ্পনী
Explanatory, *a.* স্পষ্টার্থকারী, অর্থজ্ঞাপক, টীকাবিশিষ্ট, বোধক [ক্ষর, পূরণার্থশব্দ
Expletive, *s.* অনর্থক শব্দ, পদপূরক উপা-
Explicable, *a.* অভিধেয়, স্পষ্টকরণীয়, ব্যাখ্যাতব্য, প্রতিপাদ্য
Explicate, *v. a.* অর্থ-ব্যাখ্যা-ক, প্রকাশ-ক, টীকা দ্বারা সুস্পষ্ট-ক
Explication, *s.* ব্যাখ্যা বা অর্থ করণ, অর্থ, ব্যাখ্যা, টীকা, টিপ্পনী
Explicator, *s.* অর্থকারক, যে অর্থ করে
Explicative, *a.* অর্থকরণীয়, অর্থযোগ্য [ঠিক
Explicit, *a.* স্পষ্ট, সুব্যক্ত, প্রত্যক্ষ, নিশ্চয়,
Explicitly, *ad.* স্পষ্ট সুব্যক্ত বা প্রত্যক্ষ রূপে
Explode, *v.* ফুট্, শব্দ করিয়া ফুট্ বা ফাটিয়া-যা; অব্যবহার্য্য-ক, নিন্দা-তুচ্ছজ্ঞান-ক
Exploit, *s.* বৃহৎকর্ম্ম, বৃহদ্ব্যাপার, মহাকাণ্ড
Explore, *v. a.* তত্ত্ব-ক, অনুসন্ধান-ক, অন্বেষণ-ক; তর্ক-ক, পরীক্ষা-ক
Explosion, *s.* হঠাৎ মহাশব্দ, সশব্দে ফাটন, মহাশব্দে ফুটন, বেগে ছুটন
Explosive, *a.* ফুটনীয়া, মহাশব্দ করণীয়
Expoliation, *s.* নষ্ট করণ, অপব্যয় করণ
Exponent, *s.* মূলসংখ্যা প্রদর্শক অঙ্ক [দ্রব্য
Export, *s.* রপ্তানি, বিদেশে প্রেরিত বাণিজ্য-
Export, *v. a.* বাণিজ্য দ্রব্য দেশান্তর প্রেরণ-ক, রপ্তানি-ক, বিদেশে বিক্রয়ার্থে-পাঠা
Exportation, *s.* রপ্তানি, দেশান্তরে প্রেরণ
Export-godown, *s.* রপ্তানি গুদাম বা কুঠরী
Export-warehouse, *s.* রপ্তানি দপ্তরখানা
Exporter, *s.* যে প্রেরণ করে, রপ্তানিকারক
Expose, *v.* প্রকাশ-ক, অনাবৃত-ক, ব্যক্ত-ক; দায়ে-ঠেকা; দোষ ব্যক্ত-ক, গর্হা-ক
Exposition, *s.* অর্থ প্রকাশ, টীকা করণ, ব্যাখ্যা, টীকা, টিপ্পনী [বুঝায়
Expositor, *s.* অর্থ প্রকাশক, টীকাকার, যে
Expository, *a.* ব্যাখ্যাকারী, অর্থজ্ঞাপক
Expostulate, *v.* বিতর্ক-ক, বিতণ্ডা-ক, আপত্তি-ক, বুঝা, অনুযোগ-ক, রদ্‌বদল্‌-ক
Expostulation, *s.* বিতর্ক, বিতণ্ডা, আপত্তি, বুঝান, লঘ্যানুযোগ, রদ্‌বদল্‌
Exposure, *s.* ব্যক্ত বা প্রকাশ করণ, জানান; উপস্থিত দায়ে ঠেকন
Expound, *v. a.* বুঝা, ব্যাখ্যা-ক, অর্থ-ক, টীকা-ক, অর্থ বুঝা বা প্রকাশ-ক [কারক
Expounder, *s.* টীকাকার, ব্যাখ্যাকর্ত্তা, অর্থ-
Express, *v. a.* কহ, কথ, ব্যক্ত-ক, ভাবার্থ-ক, উল্লেখ-ক, উচ্চারণ-ক; চিপড়া, নিঙ্গড়া
Express, *a.* প্রত্যক্ষ, সুব্যক্ত, সুস্পষ্ট, নিশ্চিত
Express, *s.* বেগগামী দূত, ধাবক, ধাউড়্যা; দ্রুতসম্বাদ, বেগেপ্রেরিত সম্বাদ [সুবক্তব্য
Expressible, *a.* কথনীয়, বচনীয়, কথ্য, বাচ্য,
Expression, *s.* বাক্য, উক্তি, বচন, কথা; কথনের ধারা; বিজ্ঞাপন; নিংড়ান, নিঃসারণ
Expressive, *a.* অর্থপ্রকাশক, ভাব ব্যক্তকারী, ঠিক অর্থবোধক, অর্থ প্রতিপাদক
Expressly, *ad* সুস্পষ্টে, ব্যক্ত বা প্রকাশরূপে
Expressure, *s.* উক্তি, উল্লেখ, কথন, উচ্চারণ
Exprobation, *s.* কুৎসাবাদ, নিন্দা, ভর্ৎসনা
Expropriate, *v. a.* স্বত্বত্যাগ-ক, ছাড়িয়া-দে
Expugn, *v. a.* জয়-ক, জিত, বলে গ্রহণ-ক
Expulse, *v.* তাড়া, খেদা, বহিষ্কৃত-ক, হাঁক, তাড়াইয়া-দে, বাহির-ক, দূর-ক [করণ
Expulsion, *s.* বহিষ্করণ, নিরাকরণ, দূর-
Expulsive, *a.* নিরাকারক, বহিষ্কারী, তাড়নকারী, নিরাকরণক্ষম, দূরকারী
Expunge, *v. a.* কির্, মিটা, লোপ-ক, ঘুঁচা, মুচিয়া-ফেল, পুঁছিয়া-ফেল
Expurgate, *v.* পরিষ্কার-ক, শুদ্ধ-ক [কারী
Expurgatory, *a.* পরিষ্কারক, নির্ম্মল-শুদ্ধ-
Exquisite, *a.* অতি সুন্দর, উত্তম, বিলক্ষণ, পরিপাটি, উৎকৃষ্ট, অত্যুত্তম, শোভান্বিত
Exquisitely, *ad.* অত্যুত্তমরূপে, সম্পূর্ণরূপে
Exquisiteness, *s* পারিপাট্য, ঔৎকর্ষ্য, উত্তমতা
Exsiccant, *a.* শোষক, নীরস বা শুষ্ককারী
Exsiccate, *v. a.* শুষ্ক-ক, শুকা, নীরস-ক
Exsudation, *s.* ঘর্ম্ম হওন, ঘামন
Extancy, *s.* সর্ব্বাপেক্ষা বড় বা উচ্চ হওন
Extant, *a.* বর্ত্তমান, বিদ্যমান, দৃষ্টিগোচর

Extemporary, *a.* বিনাভ্যাসে উক্ত বা কথিত, বিনাপূর্ব্বচিন্তায় উক্ত, মুখে উক্ত
Extempore, *ad.* বিনাভ্যাসে, বিনাপূর্ব্বচিন্তায়, উপস্থিত মতে
Extemporize, *v. n.* পূর্ব্বচিন্তা না করিয়া কথন বা উচ্চারণ-ক, উপস্থিত কল্পনা-ক
Extend, *v. a.* আয়ত-ক, মেল্, বৃদ্ধি-ক, বাড়া, প্রসার্, বিস্তার-ক, প্রপঞ্চ-ক
Extended, *a.* বিস্তীর্ণ, প্রসারিত, প্রপঞ্চিত [র্য্য
Extensible, *a.* বিস্তারণীয়, প্রসারণীয়, বিস্তা-
Extension, *a.* বিস্তারণ, প্রসারণ, বিস্তার, প্রপঞ্চ, বিস্তীর্ণতা, বৃদ্ধি, ফৈলাও
Extensive, *a.* প্রশস্ত, চৌড়া; বৃহৎ, বড়, দরাজ; অনেক, বহুল, বিস্তর [দ্রূপে
Extensively, *ad.* প্রশস্ত বা বাহুল্যরূপে, বৃহ-
Extensiveness, *s.* প্রশস্ততা, বাহুল্য, বৃদ্ধি
Extensor-muscle, *s.* in *ana.* বিস্তারক
Extent, *s.* সীমা, অন্তর, পরিসর, পরিসীমা, হদ্দ; প্রসার, আয়তন; প্রপঞ্চ, প্রাশস্ত্য
Extenuate, *v.* ক্ষীণ-ক, ছোট-ক, লাঘব-ক, দোষাদির ন্যূনতা-ক
Extenuation, *s.* দোষ লাঘব বা হ্রাস করণ, ন্যূনতা, হ্রাস বা কম করা; ব্যাজ [রের
Exterior, *a.* বাহ্য, বহির্দ্দিগের, বহিস্থ, বাহি-
Exterminable, *a.* নিরাকরণীয়, নিরাকার্য্য
Exterminate, *v. a.* সমূলোৎপাটন-ক, উন্মূলন-ক, উচ্ছন্ন-নষ্ট-ক, তাড়া, তাড়াইয়া-দে
Extermination, *s.* সমূলোৎপাটন, বিনাশ, নিরাকরণ, নিরাকৃতি, লোপ, নাশ, ধ্বংস
Exterminator, *s.* বিনাশকর্ত্তা, উচ্ছন্নকারক
External, *a.* বহিস্থ, বাহিরের, বাহ্য, বহির্ভূত
Externally, or **Exteriorly**, *ad.* বাহ্যে, বহির্দ্দিগে, বাহিরে, উপরে, ভিতরে নয়
Extersion, *s.* মুছিয়া বা ঘসিয়া ফেলন
Extil, *v. n.* চো, ক্ষর্, ঝর্, বিন্দু২-পড়্
Extillation, *s.* ক্ষরণ, ঝরণ, বিন্দু ২ পড়ন
Extimulate, *v.* উস্কু, চেতনা-দে, প্রবৃত্তি-জন্মা
Extinct, *a.* নির্ব্বাণ, বুজান, নিবান, বুজা, লুপ্ত, গত, মৃত, নষ্ট, অবসন্ন
Extinction, *s.* নির্ব্বাণ করণ, নির্ব্বাণ, বুজান, নিবান; নির্ব্বাণতা; লোপ, বিনাশ, মৃত্যু
Extinguish, *v. a.* নির্ব্বাণ-ক, বুজাইয়া-দে, মিটা; লোপ-ক, বিনাশ-ক [নাশ্য
Extinguishable, *a.* নির্ব্বাণীয়, লোপনীয়,
Extinguisher, *s.* নির্ব্বাণকারী, মিটানীয়া, খিলিবৎ বাতি বুজাইবার চুঙ্গি বা ঠুঙ্গি

Extirpate, *v.* উপড়া, উৎখাত-ক, সমূলোৎপাটন-ক, উচ্ছন্ন-ক, বিনাশ-ক [বিনাশ
Extirpation, *s.* উৎখাত, উৎপাটন, উচ্ছন্নতা,
Extirpator, *s.* উৎপাটনকর্ত্তা, বিনাশক
Extol, *v. a.* বাখ্না, প্রতিষ্ঠা-ক, প্রশংসা-ক, গুণবর্ণনা-ক, স্তব-ক, তারিফ-ক
Extort, *v.* হর্, বল বা দৌরাত্ম্য করিয়া-লও, মুচড়িয়া নিঙ্গড়িয়া বা জবর্দস্তিতে-লও
Extortion, *s.* দৌরাত্ম্য, বলাৎকারদ্বারা গ্রহণ, অত্যাচার, অন্যায়, জবর্দস্তি [গ্রাহক
Extortioner, *s* পীড়ক, অন্যায়ী, অন্যায্যধন-
Extra, *a.* অতিরিক্ত, অধিক, উপাধিক, বেসি, বাড়তি, উপরি, ঠিকা, বাজ়ে
Extract, *v. a.* নির্গত-ক, বাহির করিয়া-লও, বাছ্, বাছিয়া-লও, সারোদ্ধার-ক, সার সঙ্গ্রহ-ক, চুম্বক বা সার ভাগ-লও
Extract, *s.* রস, নির্য্যাস; সারভাগ, চুম্বক, সঙ্গৃহীত পদ বা বাক্য, সার সঙ্গ্রহ
Extraction, *s.* ক্বাথ বা নির্য্যাস বাহির করণ, নির্গত করণ, সার সঙ্গ্রহ করণ; *(lineage)* গোত্র, গোষ্ঠী, কুল, বংশ [অব্যবস্থিত
Extrajudicial, *a.* বিচারের ধারা বহির্ভূত,
Extramission, *s.* বহিষ্করণ, নিঃক্ষেপ [ড়া
Extramundane, *a.* জগদতিরিক্ত, পৃথিবীছা-
Extraneous, *a.* অস্বাভাবিক, ভিন্ন, অন্য, ভিন্ন বস্তুর, পৃথক, বিদেশী, উপরি
Extraordinarily, *ad.* অসামান্য-অসাধারণ-অদ্ভুত বা আশ্চর্য্য রূপে, উত্তমরূপে
Extraordinary, *a.* অসাধারণ, অসামান্য, উত্তম, বিলক্ষণ, বিশিষ্ট, শ্রেষ্ঠ, অদ্ভুত
Extraparochial, *a.* পাড়া বহির্ভূত, ধর্ম্মাধ্যক্ষের অধিকার বহির্ভূত [ব্যবস্থাতিরিক্ত
Extraregular, *a.* অধারাবাহিক, অব্যবস্থিত,
Extravagance, *s.* অপব্যয়, অনিয়ম, উড়ানী, নিয়মাতিক্রম, বহুব্যয়, উন্মাদ, অপচয়
Extravagant, *a.* বহুব্যয়ী, অপরিমিত ব্যয়ী, অপব্যয়ী, নিয়মাতিক্রমী, মিথ্যাব্যয়ী, উন্মাদ, অপচয়ী, উড়ানিয়া [ব্যয়পূর্ব্বক
Extravagantly, *ad.* উন্মাদ অপব্যয় বা বহু-
Extravasated, *a.* স্বস্থানচ্যুত, স্বধমনীবহির্ভূত,
Extravenate, *a.* শিরাহইতেনির্গত [নাড়ীচ্যুত
Extra-work, *s.* ঠিকা উপরি বা বেসি কর্ম্ম
Extreme, *a.* অতিশয়, অতিরিক্ত, অত্যন্ত, আত্যন্তিক, চরম, অন্তস্থ, সর্ব্বান্ত, শেষ
Extreme, *s.* অগ্র, আগ, অন্তভাগ, আতিশয্য, সীমা, শেষ, অন্ত, ধার

Extremely, *ad.* অতি, অতিশয়, আত্যন্তিক বাহুল্য বা অতিশয় রূপে
Extremity, *s.* অগ্র, আগ, ডগা, অন্ত ভাগ, সীমা, ধার ; অভাব, প্রয়োজন ; দায়, দুর্দশা ; অত্যাচার, কষ্ট, দুঃখ
Extricable, *a.* উদ্ধরণীয়, মুক্তকরণীয়
Extricate, *v. a.* ছাড়া, উদ্ধার-ক, মুক্ত-ক
Extrication, *s.* মুক্তকরণ, ছাড়ান, উদ্ধার, রক্ষা, ছাড়ানি, মুক্তি
Extrinsic, *a.* বাহ্য, বাহিরের, বহিস্থ, অনভ্যন্তর, উপরের, ভিতরের নহে
Extruct, *v. a.* গাঁথ, নির্ম্মাণ-ক, সৃষ্টি-ক
Extrude, *v. a.* তাড়া, দূর-ক, ঠেলিয়া-ফেল
Extrusion, *s.* বহিষ্করণ, তাড়ান, দূর করণ
Extuberance, *s.* স্ফীতি, ফুলা, আবু, গাঁইট
Exuberance, *s.* আধিক্য, বাহুল্য, প্রাচুর্য্য, অতি ব্যাপন, অতি বিস্তার
Exuberant, *a.* অধিক, বিস্তর, অনেক, বহু, বহুল, প্রচুর, বহুত, ব্যাপক, বিস্তারক
Exuberantly, *ad.* আধিক্য বা বাহুল্যরূপে
Exuccous, *a.* নীরস, শুষ্ক, শুকনা
Exudation, *s.* ঘর্ম্মহওন, ঘামন, ঘর্ম্ম, ঘাম
Exudate, Exude, *v. n.* ঘাম্, ঘর্ম্মনির্গত-হ
Exulcerate, *v.* ক্ষত-ক, ঘা-ক, খাইয়া-যা, ক্ষয়-হ বা ক, পীড়া-দে, জ্বালা-ক
Exult, *v. n.* উল্লসিত-হ, অত্যন্তানন্দিত-হ, জয়ধ্বনি-ক, দম্ভ-ক [জয়ধ্বনি, খুসী
Exultation, *s.* আহ্লাদ, উল্লাস, মহানন্দ,
Exundation, *s.* উথলন, জলবৃদ্ধি ; বাহুল্য
Exuperable, *a.* জেয়, জেতব্য, পরাভবনীয়
Exuperant, *a.* অতিশয়, অধিক, বহু, বিস্তর
Exuscitate, *v. a.* উস্ক্, চিয়া, উঠা, জাগৃৎ-ক
Exustion, *s.* জ্বলন, পুড়ন, অগ্নিদাহ
Exuviæ, *s.* সাপের খোলস, জন্তুর ত্যক্ত ত্বক্ বা ছাল ; ফেণ, গেঁজা ; নিঃক্ষিপ্ত বস্তু, উচ্ছিষ্ট, গাদ, মলা
Eyas, *s.* বাজ বা শ্যেন পক্ষির শাবক
Eye, *s.* দর্শনেন্দ্রিয়, অক্ষি, চক্ষু, নেত্র, নয়ন, লোচন, আঁখ ; দৃষ্টি, দর্শন ; সূঁচের ছিদ্র
Eye, *v. a.* অবলোকন-ক, দৃষ্টি-ক, দেখ্, হের্, দৃষ্টিগোচর-রাখ, চৌকি-দে [লী
Eyeball, *s.* অক্ষিকূটক, চক্ষুর তারা বা পুত্-
Eyebrow, *s.* ভ্রূ, চক্ষুর ভ্রূ, ভোমা [পাপনি
Eyelash, *s.* পক্ষ্ম, বর্ত্মন, চক্ষুর পাতার চুল,
Eyeglass, *s.* চক্ষুর চস্মা বা আইনা
Eyeless, *a.* অচক্ষু, দৃষ্টিহীন, অন্ধ, কাণা
Eyelet, *s.* গবাক্ষ, দীপ্ত্যর্থে ছিদ্র
Eyelid, *s.* অক্ষিপুট, চক্ষুর পাতা [ড়ায়
Eye-salve, *s.* চক্ষুর প্রলেপ, যাহাতে চক্ষু যু-
Eye-service, *s.* চক্ষুর গোচরে সেবা
Eyeshot, *s.* কটাক্ষ, দৃষ্টিপাত, ঈষদ্দৃষ্টি, অপাঙ্গ দর্শন, কান্‌কি, আড়দৃষ্টি [শক্তি
Eyesight, *s.* দৃষ্টি, চক্ষু দ্বারা দর্শন, দর্শন-
Eyesore, *s.* চক্ষুঃপীড়া, নেত্ররোগ, চক্ষুঃক্লেশদ বস্তু, চক্ষের বালি (অতি শত্রু)
Eyetooth, *s.* মাঢ়ির অগ্র দন্ত, কুকুর দাঁত
Eyewitness, *s.* সাক্ষী, প্রত্যক্ষপ্রমাণ
Eyre, *s.* দেশ ভ্রমণকারী বিচারকর্ত্তাদের ব্যবস্থান, দারসাএরি কাছারি [বাসা করে
Eyry, *s.* উৎক্রোশ কুরুলাদি পক্ষী যে স্থানে

F, বর্ণমালার ষষ্ঠাক্ষর ; বিশেষ স্থানে বহুরূপ সঙ্কেতার্থে ব্যবহার্য্য, যথা *F. R. S.* Fellow of the Royal Society, ইত্যাদি
Fabaceous, *a.* শিম ফলের ধর্ম্মবিশিষ্ট
Fable, *s.* নীতি কথা, হিতোপদেশার্থক গল্প, ইতিহাস ; গল্প, গপ্প, মিথ্যা রচনা
Fable, *v.* কল্পনা-ক, গল্প-ক, মিথ্যা রচনা-ক, কল্পিত কথা-লিখ [সোক্ত
Fabled, *pa.* কল্পিত, কৃত্রিম, মিথ্যা, ইতিহা-
Fabric, *s.* ইষ্টকালয়, গৃহ, অট্টালিকাদি ঘর, ঘরের গাঁথুনি, রচনের ধারা, বুনট
Fabricate, *v.* গাঁথ, গ্রন্থন-ক, বানা, নির্ম্মাণ-সৃষ্টি-ক, রচনা-ক ; কৃত্রিম-ক, কল্পনা-ক
Fabrication, *s.* সৃষ্টি, নির্ম্মাণ, গাঁথন, বানান, নির্ম্মাণ করণ ; কৃত্রিম করণ
Fabricator, *s.* নির্ম্মাণকর্ত্তা, নির্ম্মাতা, গ্রন্থক
Fabulist, *s.* নীতিকথা লেখক, ইতিহাসবেত্তা
Fabulous, *a.* ইতিহাসবিশিষ্ট, কল্পিত, কাল্পনিক, রচিত ; কৃত্রিম, মিথ্যা
Fabulously, *ad.* কল্পিতরূপে, মিথ্যারূপে
Facade, *s.* অট্টালিকার সম্মুখ বা অগ্র ভাগ
Face, *s.* মুখ, বদন, আস্য, আনন, মুখমণ্ডল ; উপরি ভাগ, অগ্র ভাগ, সম্মুখ
Face, *v.* সাক্ষাৎ-সম্মুখ-হ বা ক, ভিড়্, সম্মুখবর্ত্তী-হ, ঢাক, আবৃত-ক
Face to face, *ad.* সম্মুখাসম্মুখি, মুখামুখি
Facet, *s.* কাটা মণির এক মুখ
Facetious, *a.* হাস্যরসাবিষ্ট, রসিক, হৃষ্টচিত্ত, পরিহাসক, কৌতুকী [ঠাট্টা
Facetiousness, *s.* রসিকতা, গদ্দি, পরিহাস,
Facile, *a.* সুগম, সহজ, অদুষ্কর ; নম্য, নরম

Facilitate, *v. a.* লাঘব-ক, সুগম-ক, সহজ-ক
Facility, *s.* সুবিধতা, সুগমতা, অনায়াস, শুভিতা; নৈপুণ্য; সুশীলতা, আলাপনীয়তা
Facing, *a.* সম্মুখস্থ, সম্মুখবর্ত্তী, অগ্রবর্ত্তী; *s.* অলঙ্কার স্বরূপ আবরণ পাইড় বা অঞ্চল, হাঁসিয়া, সঞ্জাপ [ণার্হ
Facinorous, *a.* দুরাচার, দুষ্ট, কুৎসিত, ঘৃ-
Facsimile, *s.* প্রতিচ্ছায়া, প্রতিমা, প্রতিরূপ, আদর্শ, নিদর্শন, বানকী, ঠিক উতারা
Fact, *s.* কর্ম্ম, কার্য্য, ক্রিয়া; সত্যতা, নিশ্চয়, সত্য, প্রমাণ, যাথার্থ্য
Faction, *s.* রাজদ্রোহী সমাজ, বৈরি দল, বিরোধ, দ্বন্দ্ব, বিবাদ
Factious, *a.* রাজদ্রোহী, স্বদলের পক্ষপাতী, বিরোধী, বিরোধান্বেষী, কুন্দলিয়া
Factitious, *a.* অস্বাভাবিক, অপ্রকৃত, কৃত্রিম
Factor, *s.* কর্ম্মনির্ব্বাহক, কর্ম্মকর্ত্তা, প্রতিনিধি, নাএব, গোমাস্তা, কুঠীবালা [ঘর
Factory, *s.* কুঠী, বাণিজ্য কুঠী, আড়ঙ্গ, আড়ৎ-
Factotum, *s.* সর্ব্বকর্ম্মি ভৃত্য, তাবৎ কার্য্যকারি দাস, সকল কর্ম্মের চাকর
Faculty, *s.* মনের শক্তি, সাধ্য, ক্ষমতা, গুণ, বুদ্ধি; বিদ্যালয়ের অধ্যাপকগণ
Facundity, *s.* সদ্বক্তৃতা, বাক্‌পটুতা [লা-ক
Faddle, *v.* মিথ্যাকালক্ষেপ-ক, পরিহাস-খে-
Fade, *v.* মূর্ঝিয়া-যা, শুকিয়া-যা, বিকার-হ, ম্লান-হ, মলিন-হ, ক্ষীণ-হ, ক্ষয়-হ
Fæces, *s.* বিষ্ঠা, মল, গু; মলা, গাদ [যত্ন-ক
Fag, *v.* পরিশ্রান্ত-ক্লান্ত-হ, অতিপরিশ্রম-ক,
Fagend, *s.* অসার ভাগ, শেষ তুচ্ছাংশ, ছাঁট
Fagot, *s* জ্বলানি আটিকাষ্ঠ, খড়ীকাষ্ঠ, খটিকা
Fail, *v.* অকৃতার্থ-হ, নির্ধন-হ, যোত্রহীন-হ, দেউল্যা-হ; ত্রুটি-অন্যথা-ক, খেলাফ-ক; (*to desert*) পলা, পলায়ন-ক, ত্যাগ-ক; অমনোযোগ-ক, ভুল্, চুক্; হ্রাস-ক, ক্ষয়-ক
Fail, *s.* ভুল, চুক, ছুট, ছাইড়; গর্ভপাত
Failing, Failure, *s.* ন্যূনতা, কমী, অনির্ব্বাহ, ত্রুটি; দেউল্যা হওন; ভুল, চুক, কসুর
Fain, *a.* হৃষ্ট, পুলকিত, তুষ্ট; বলাৎকৃত; *ad.* ইচ্ছাপূর্ব্বক, স্বেচ্ছাক্রমে, তুষ্টরূপে
Faint, *a.* ক্ষীণ, দুর্ব্বল, অবসন্ন, ক্লান্ত, কাহিল, কমজোর; বিবর্ণ, মলিন, ফিকা
Faint, *v. n.* ক্ষীণ-হ, পরিশ্রান্ত-হ, ক্লান্ত-হ, ক্ষয়-হ; মূর্চ্ছাগত-হ, অসাড়-হ
Faint-hearted, *a.* ভীরু, কাপুরুষ, ডরফক্কা
Fainting, *s.* মূর্চ্ছা, বিহ্বলতা, স্পন্দনরাহিত্য
Faintish, *a.* ঈষৎমূর্চ্ছাপন্ন, ক্ষীণ, নিস্তেজ
Faintly, *ad.* ধিমায়, ক্ষীণরূপে [কাহিলী
Faintness, *s.* মূর্চ্ছাবস্থা, ক্ষীণতা, দৌর্ব্বল্য,
Fair, *a.* সুন্দর, সুরূপ, সুশ্রী; প্রসন্ন, স্বচ্ছ, শুভ, ফরসা, শুভ্র, গৌরবর্ণ, গোরা; পরিষ্কার, খোলসা; যথার্থ, ন্যায্য; সরল, নিষ্কপট; (*words*) যথার্থবাদ [ন্যায়ক্রমে
Fair, *ad.* কৃতার্থ অকাপট্য বা সারল্য রূপে,
Fair, *s.* সুন্দরী স্ত্রী; স্ত্রীজাতি; হট্ট, হাট, মেলা
Fairing, *s.* ভোজ, মেলার্থক উপঢৌকন
Fairly, *ad.* যথার্থ সরল বা সুন্দর রূপে
Fairness, *s.* সরলতা, অকাপট্য, যাথার্থ্য, যাথার্থিকতা; পরিষ্কার, সৌন্দর্য্য [মায়িকা
Fairy, *s.* পরী, ইতিখ্যাত উপদেবী; মোহিনী,
Fairy, *a.* পরীদত্ত, পরীসম্বন্ধীয় [ইমান
Faith, *s.* প্রত্যয়, বিশ্বাস, শ্রদ্ধা, ভক্তি, ধর্ম্ম,
Faithful, *a.* বিশ্বস্ত, বিশ্বাস্য, প্রত্যয়যোগ্য, বিশ্বাসী, ভক্তিকর, প্রত্যয়ী, প্রভুভক্ত, সত্যবাদী, যাথার্থিক, ধর্ম্মিষ্ঠ, ইমানদার
Faithfully, *ad.* ভক্তিপূর্ব্বক, সারল্যে, বিশ্বস্তরূপে, যথার্থরূপে [পালন, সারল্য
Faithfulness, *s.* বিশ্বস্ততা, প্রভুভক্তি, সত্য-
Faithless, *a* অপ্রত্যয়ী, অবিশ্বাসী, ভক্তিহীন, বিশ্বাসঘাতক, অধর্ম্মী, নিমক্‌হারাম
Falcated, *a.* বক্র, কাস্ত্যাবৎবক্র, কাস্ত্যাকার
Falchion, *s.* ক্ষুদ্র বক্র করবাল, উনা
Falcon, *s.* শ্যেন, বাজপক্ষী, বহরী [কারী
Falconer, *s.* শ্যেনপক্ষিপালক, বাজদ্বারাশী-
Falconet, *s.* ক্ষুদ্র কামান বা তোপ বিশেষ
Fall, *v.* পত, পড়, পতিত-হ, চ্যুত-হ, আছাড়-খা, পড়িয়া-মর, হ্রাস-হ; (*to be shed*) ঝর্, ঝরিয়া বা খসিয়া-পড়; (*to join as a river*) লগ্ন-হ, মিল; (*to apostatize*) স্বধর্ম্মত্যাগ-ক, স্বধর্ম্মচ্যুত-হ; (*to be slain*) হত-হ, মারা-পড়; (*to be degraded*) পরিভ্রষ্ট-হ, পদভ্রংশ-হ, অপমানিত-হ; (*to be overthrown*) উচ্ছন্ন-হ, বিনাশ-হ, দুর্দশাপন্ন-হ; (*to happen or befal*) ঘট, হঠাদুপস্থিত-হ, আসিয়া-পড়; to *fall* in value or price, ন্যূন-হ, হ্রাস-হ, কম-হ; to *fall* from a person, নির্গত-বাহির-হ; to *fall* away (*grow lean*), কৃশ-হ, শুকিয়া-যা; to *fall* out (*quarrel*), বিবাদ-ক, ঝকড়া-ক
Fall, *s.* পড়ন, পতন, আছাড়, অধোগতি, পড়িয়া যাওন, পাত; বিনাশ, ভ্রংশ; হ্রাস, ন্যূনতা; মরণ, হত্যা; (*cadence*) লঘুচ্ছন্দ,

উতার ; (*cascade*) নির্ঝর, ঝরণা ; down-fal, অধোপতন, দুর্দশা, দুর্ভাগ্য [মিথ্যা
Fallacious, *a.* ভ্রমজনক, অপ্রকৃত, কল্পিত,
Fallacy, *s.* সিদ্ধান্তাভাস, অযুক্তি, ভ্রম, চুক, ধোকা, মিথ্যা যুক্তি, প্রবঞ্চনা
Fallibility, *s.* ভ্রমযোগ্যতা, ভ্রাম্যত্ব, ভ্রান্তি-বিশিষ্টতা, পতনীয়ত্ব, প্রবঞ্চনীয়ত্ব
Fallible, *a.* পতনীয়, প্রতারণীয়, ভ্রাম্য, ভ্রান্তিবিশিষ্ট, প্রবঞ্চনীয়, ভ্রমযোগ্য
Falling, *s.* পতন, অধোগমন, নিপতন ; (*sin*) ভ্রংশ, পাপ, অপরাধ, কসূর [র্চ্ছাবায়ু
Falling-sickness, *s.* অপস্মার, মৃগীরোগ, মু-
Fallow, *v. n.* চষ্, চাষ-দে, মই-দে, কোদলা
Fallow, *a.* পড়া, পতিত, উজ্জট, গরআবাদী ; *s.* পতিত বা অচষা ভূমি
False, *a.* অসত্য, মিথ্যা, অপ্রকৃত, অপ্রামাণ্য, অযথার্থ, কৃত্রিম, আরোপিত
False-hearted, *a.* শঠ, ঠক, প্রতারক, ধূর্ত্ত, প্রবঞ্চক, বিশ্বাসঘাতক, অবিশ্বাসনীয় [ঝুট
Falsehood, *s.* মিথ্যাকথা, অসত্যবাদ, মিথ্যা,
Falsely, *ad.* অযথার্থরূপে, মিথ্যারূপে, ভ্রমপূর্ব্বক, চুকে, ভোগাদিয়া, ঠকামি করিয়া
Falsific, *a.* মিথ্যাকারী, অসত্যকর, প্রতারক
Falsify, *v.* কল্পিত-ক, কৃত্রিম-ক ; (*to confute*) মিথ্যা-ক, মিথ্যা প্রমাণ-ক, ঝুট বা রদ-ক ; (*to tell lies*) মিথ্যা-কথ
Falsity, *s.* Falsehood শব্দ দেখ
Falter, *v. n.* থতমত-খা, কষ্টবাদী-হ, কথাঠেক, অস্পষ্ট-কহ, তোতলা-হ, ঘবরা
Faltering, *pa. a.* তোতলা, তোতোকারী, কষ্টবাদী, অস্পষ্ট কথক, থরথরাণীয়া
Fame, *s.* কীর্ত্তি, সুখ্যাতি, যশঃ, খ্যাতি, নাম, প্রতিষ্ঠা, প্রতীতি, প্রথা
Famed, *a.* কীর্ত্তিমন্ত, খ্যাত্যাপন্ন, প্রসিদ্ধ, প্রতিষ্ঠিত, যশস্বী, খ্যাত [সিদ্ধ, অযশস্বী
Fameless, *a.* অকীর্ত্তিমান, অখ্যাত, অপ্র-
Familiar, *a.* গৃহী, ঘরুয়া, পরিজনীয় ; প্রণয়ী, আলাপী, সুশীল, বন্ধুবৎ, পরিচিত, অনুগত
Familiar, *s.* সুহৃৎ, বন্ধু, সখা, আত্মীয়, আলাপিত ব্যক্তি ; (*spirit*) অপচ্ছায়া, ভূত
Familiarity, *s.* সখ্য, সৌহৃদ্য, বন্ধুতা, ভাব, আলাপ, পরিচয়, প্রণয়, সদ্ভাব, আলাপন
Familiarize, *v. a.* অভ্যাস বা ব্যবহার দ্বারা জ্ঞাত-হ, আলাপ পরিচয় বা ভাব-ক
Familiarly, *ad.* সখ্যভাবে, বন্ধুস্বরূপে, ভাব বা প্রণয়পূর্ব্বক, সৌহৃদ্যরূপে, অনায়াসে

Family, *s.* পরিবার, পরিজন, সংসার ; কুল, বংশ, গোত্র, গোষ্ঠী ; (*pride*) কুলগরিমা
Famine, *s.* আকাল, দুর্ভিক্ষ, মন্বন্তর
Famish, *v.* শুকিয়া-মর, অনাহারে-মর্ বা মার্, অন্নাভাবে প্রাণ নষ্ট-ক বা হ
Famous, *a.* যশস্বী, কীর্ত্তিমান, খ্যাত, প্রথিত, খ্যাত্যাপন্ন, প্রসিদ্ধ, নামজদ
Famously, *ad.* যশস্বী খ্যাত বা প্রসিদ্ধ রূপে
Fan, *s.* ব্যজন, পাখা ; (*winnowing*) সূর্প, কুলা
Fan, *v.* ব্যজন-পাখা-ক ; শস্য-ঝাড় [ব্যক্তি
Fanatic, *s.* ধর্ম্মোন্মত্ত, ধর্ম্মবিষয়ে অত্যুৎসুক
Fanatic, Fanatical, *a.* ধর্ম্মবিষয়ে অতিব্যগ্র, অনর্থক প্রত্যাশী, অবিবেকী, স্বমতোন্মত্ত
Fanaticism, *s.* ধর্ম্মবিষয়ে ভ্রান্তি, স্বীয় ধর্ম্মে অনর্থক ব্যগ্রতা বা প্রত্যাশা, উন্মত্ততা
Fanciful, *a.* মানসিক, অদ্ভুত, ভ্রমজাত, অযথার্থ, কাল্পনিক, মনোদ্ভবনীয়
Fancifully, *ad.* কল্পিতরূপে, মানসিকরূপে
Fancy, *s.* মনের কল্পনা, মানস, মনন, মতি, মনোরথ, অনুভব, ইচ্ছা, বাঞ্ছা [ভাল-বাস
Fancy, *v.* মানস-ক, অনুভব-বোধ-মনে-ক,
Fancy-dress, *s.* শকেরপরিচ্ছদ, খুস্‌পোসাক
Fandango, *s.* স্পানীয় দ্রুত নৃত্যবিশেষ [লা
Fane, *s.* দেবালয়, মন্দির, ভজনালয়, ধর্ম্মশা-
Fanfaron, *s.* গর্ব্বী, দাম্ভিক, আস্পর্দ্ধাকর্ত্তা
Fanfaronade, *s.* দম্ভ, আস্পর্দ্ধা, মালসাট, গর্ব্ব
Fang, *s.* পশ্বাদির দন্ত, বিষদন্ত ; পক্ষির নখ,
Fanged, *pa.* দন্তী, বিষদন্তী ; নখী [থাবা
Fangle, *s.* সামান্য চেষ্টা, তুচ্ছ কল্পনা
Fangled, *a.* চিত্রবিচিত্র, ভড়কিয়া, চটকদার
Fantastic, or Fantastical, *a.* কল্পিত, মানসিক, অসার, অনর্থক, চঞ্চল, ক্ষণমৌজী
Fantasy, Fantasm, *s.* মিথ্যা কল্পনা, অসার চিন্তা, অনর্থক মানস, অকস্মাদ্বাসনা
Far, *a.* দূর, অন্তর, দূরস্থ ; অধিক, অতি ; *ad.* দূরে, অন্তরে ; (*off*) বহুদূর, অত্যন্তর
Farce, *s.* পরিহাসঘটিত নাটক, হাস্যোৎপাদক কাব্য সং বা যাত্রা
Farcical, *a.* ঐ নাটক সম্বন্ধীয়, হাস্যজনক, রসযুক্ত, কৌতুকবিশিষ্ট
Farcy, *s.* অশ্বব্যাধি, অশ্বকুষ্ঠ, অগ্নিবাত
Fardel, *s.* পুলিন্দা, ক্ষুদ্র মোট, বোঝা
Fare, *s.* খাদ্য দ্রব্য, আহার ; জল বা স্থল যানের বেতন, গাড়ি নৌকাদির ভাড়া
Fare, *v.* যা, চল্, গতি-ক, ঘট্, হওন, ভালমন্দ অবস্থাপ্রাপ্ত-হ ; আহার-ক, ভক্ষণ-ক

Farewell, *ad.* প্রস্থান কালীন বন্দনা, যথা বিদায় হই; যাও, আইস, মঙ্গল হউক
Farfetched, *a.* দূরহইতে আনীত; কষ্টে উৎপন্ন, বহুশ্রমে কল্পিত, অসম্ভব
Farinaceous, *a.* গোধূমাদি চূর্ণবৎ, ময়দা বা আটাবৎ, শস্য গুণ বা ভাব বিশিষ্ট
Farm, *v. a.* ভূমির পত্তনি-দে, ইজারা-দে বা লও, জমি ভাড়া-ক বা দে [চাষের ভূমি
Farm, *s.* ইজারা, যোত, যোতা, যোতের বা
Farmer, *s.* ইজারদার, যোতদার, কৃষক, চাষা
Inherent, *a.* অন্তর্বর্ত্তি, অন্তর্জাত; সংলগ্ন, সমবেত, সংযুক্ত, সংশ্লিষ্ট, স্বাভাবিক
Inherit, *v.* পৈতৃকাধিকার প্রাপ্ত-হ, উত্তরাধিকার ভোগ-ক, অধিকার ভোগ-ক [গ্য
Inheritable, *a.* উত্তরাধিকার্য্য, অধিকারযো-
Inheritance, *s.* অধিকার, উত্তরাধিকার, পৈতৃকাধিকার, পৈতৃক ধনাদি
Inheritor, *s.* উত্তরাধিকারী, অংশী, দায়াদ
Inheritress, Inheritrix, *s.* উত্তরাধিকারিণী

Inhibit, *v. a.* ব্যাঘাত-নিষেধ-নিবারণ-ক
Inhibition, *s.* ব্যাঘাত, নিবারণ, নিষেধ, বাধা
Inhospitable, *a.* অতিথিদ্বেষী, অনাতিথ্য
Inhospitably, *ad.* অনাতিথ্যরূপে
Inhospitality, Inhospitableness, *s.* অনাতিথ্যতা, অতিথি সেবাতে অনিচ্ছা, কার্পণ্য
Inhuman, *a.* অসভ্য, নির্দয়, নিষ্ঠুর, ক্রূর
Inhumanity, *s.* নির্দয়তা, নিষ্ঠুরতা, ক্রূরতা
Inhumanly, *ad.* নিষ্ঠুররূপে, নির্দয়রূপে
Inhumate, *v. a.* সমাধি-দে, শবকে মাটি-দে
Inject, *v.* প্রক্ষেপ-ক, ভিতরে-ফেল, গুহ্যদিয়া দ্রবৌষধ প্রবিষ্ট-ক, পিচকারি-দে
Injection, *s.* প্রক্ষেপ, ভিতরে ফেলন, গুহ্যদিয়া রেচকৌষধ প্রবিষ্ট করণ, পিচকারি; পিচকারির ঔষধ [নিষ্টকারী
Inimical, *a.* শত্রুবৎ, বিপক্ষ, প্রতিকূল, অ-
Inimitable, অননুকরণীয়, অনুপম, অত্যুত্তম
Inimitably, *ad.* অননুকার্য্য বা অত্যুত্তমরূপে
Iniquitous, *a.* অন্যায়ী, দুষ্ট, দুরাচার, পাপিষ্ঠ
Iniquity, *s.* দুষ্টতা, দুষ্কর্ম্ম, অধর্ম্ম, অন্যায়, অবিচার, কুক্রিয়া পাপ, দোষ
Initial, *a.* আদিম, আদ্য, প্রাথমিক, আদি, প্রথম; *s.* সংজ্ঞা বা নামের আদ্যাক্ষর
Initiate, *v. a.* বিদ্যারম্ভ-ক, দীক্ষা-ক, শিক্ষা-করা, শিক্ষাদিয়া দলভুক্ত-ক
Initiation, *s.* দীক্ষা, প্রথম শিক্ষা, শিক্ষোপক্রম, দলভুক্ত করণ
Injudicial, *a.* বিধিবিরুদ্ধ, অব্যবস্থামত
Injudicious, *a.* অবিবেচক, অবিবেকী
Injudiciously, *ad.* অবিবেচনাপূর্ব্বক
Injudiciousness, *s.* অবিবেচকতা, অবিবেচনা
Injunction, *s.* আদেশ, আজ্ঞা, অনুমতি
Injure, *v. a.* হান্, ক্ষতি-অপচয়-ক, নষ্ট-ক, অপকার-অন্যায়-ক, হিংসা-ক, দুঃখ-দে
Injurer, *s.* হিংসা অন্যায় বা ক্ষতি কারক
Injurious, *a.* নৃশংস, হিংস্রক, দ্বেষী, অনিষ্টকারী, অপকারক, ক্ষতিকর, দ্বেষক
Injury, *s.* অপকার, অপচয়, হানি, অন্যায়, হিংসা, ক্ষতি, ত্রুটি, আঘাত
Injustice, *s.* অবিচার, অধর্ম্ম, অন্যায়
Ink, *s.* মসী, কালি, সিয়াহি; *v.* কালি-মাখা
Inkhorn, *s.* লেখনের দ্রব্যাধার, কলমদান
Inkling, *s.* সঙ্কেৎ, ইঙ্গিত, ঠার; ইচ্ছা
Inkstand, *s.* মসীপাত্র, মসীপ্রসূ, দোআৎ
Inky, *a.* মসীময়, কালীবৎ, কালীময়
Inland, *a.* সমুদ্রান্তর্বর্ত্তী, দেশমধ্যস্থ, দেশী
Inlapidate, *v. a.* প্রস্তরবৎ-ক, পাথর-ক
Inlay, *v. a.* মুড়, খচিত-ক, জড়িত-মণ্ডিত-ক, জড়াও-ক, চিত্রবিচিত্র-ক
Inlet, *s.* প্রবেশ পথ; নেতা, খাড়ি, খাল
Inly, *ad.* অভ্যন্তরে, অন্তরে, ভিতরে, মনের
Inmate, *s.* এক গৃহবাসী, সহবাসী [মধ্যে
Inmost, Innermost, *a.* অন্তরস্থ, অন্তর্বর্ত্তী, অভ্যন্তর্বর্ত্তী, অন্তঃকরণস্থ, আন্ত্রিক
Inn, *s.* পথিকাবাস, উত্তরণস্থান, সরাই, ভেটেরা ঘর, ভেটিয়ারখানা; বিদ্যালয়
Innate, *a.* অন্তর্বর্ত্তী, অন্তর্জাত, স্বাভাবিক
Innavigable, *a.* অনাব্য, অনৌকাপথী, অগম্য
Inner, *a.* অভ্যন্তর, অন্তরস্থ, অন্তর্বর্ত্তী, ভিতরী
Inn-keeper, *s.* পথিকাবাসের কর্ত্তা, ভেটিয়ারা, উত্তরণস্থানাধ্যক্ষ, সরাইরক্ষক
Innocence, Innocency, *s.* অনঘতা, নির্দোষিতা, শুদ্ধতা, অহিংসুকতা, পাপরাহিত্য
Innocent, *a.* অনঘ, অকৃতপাপ, নির্দোষী, শুদ্ধ, নিষ্পাপী, নিরপরাধী, অহিংসু
Innocently, *ad.* নির্দোষী নিরপরাধী বা নিষ্কলঙ্ক রূপে, অনপরাধে, অকপটে
Innocuous, *a.* অনপকারক, অহিংসুক
Innovate, *v. a.* নূতন ধারা প্রকাশ-ক, নবরীতি স্থাপন-ক, অন্যমতে-চালা
Innovation, *s.* নূতন ধারা প্রকাশ বা স্থাপন
Innovator, *s.* নূতন ধারা প্রকাশক বা স্থাপক
Innoxious, *a.* অনপকারী, অহিংসু, নির্দোষী
Innuendo, *s.* ইঙ্গিত, সঙ্কেৎবাক্য, ঠার, ইসারা
Innumerable, *a.* অগণ্য, অসংখ্য, অগণনীয়, বহুল, বিস্তর, অতিশয়, বেসুমার
Inoculate, *v. a.* বসন্তের টিকা-দে; কলম-ক
Inoculation, *s.* বসন্তের টিকা; এক বৃক্ষের ফেকুড়ী অন্যেতে লাগান, কলম করণ
Inoculator, *s.* টিকাদাতা, টিকাদার
Inodorous, *a.* গন্ধরহিত, বাসহীন, নির্গন্ধ
Inoffensive, *a.* অনঘ, অদুষ্ট, নির্দোষী, শিষ্ট, অনপকারী, অহিংসুক [পূর্ব্বক
Inoffensively, *ad.* অনপকার বা অহিংসা-
Inopportune, *a.* অপ্রাপ্ত বা অশুভ কালীন, অসাময়িক, অসময়জাত
Inordinate, *a.* অপরিমিত, বহুল, অতিশয়, অধিক, আত্যন্তিক [হীন, নির্জীব
Inorganic, Inorganical, *a.* স্বাভাবিক শক্তি-
Inosculate, *v.* যোড়া-লাগ, পরস্পর সংযোগ-ক বা হ [যোড়া লাগন
Inosculation, *s.* পরস্পর যোগ হওন বা

Inquest, *s.* বিচার, অনুসন্ধান করা, অপঘাত মৃত্যুর হেত্বন্বেষণ বা পরীক্ষা
Inquietude, *s.* উদ্বেগ, চিন্তা, ভাবনা, অস্থিরতা, ব্যাকুলতা, ব্যগ্রতা, উদ্বিগ্নতা
Inquire, *v. a.* জিজ্ঞাসা-ক, প্রশ্ন-ক, তত্ত্ব-ক, অন্বেষণ-ক, পরীক্ষা-ক, অনুসন্ধান-ক
Inquirer, *s.* অন্বেষক, জিজ্ঞাসক, পরীক্ষক
Inquiry, *s.* প্রশ্ন, জিজ্ঞাসা, তত্ত্ব, অন্বেষণ, অনুসন্ধান, পরীক্ষা, বিচার, বিতর্ক
Inquisition, *s.* ব্যবস্থামত বিচার বা দোষানুসন্ধান; কৃষ্টীয়মতে পাষণ্ডপীড়ন ব্যবস্থান
Inquisitive, *a.* অনুসন্ধানী, জিজ্ঞাসু, পরচ্ছিদ্রান্বেষী, অনধিকারচর্চী [চর্চাক্রমে
Inquisitively, *ad.* জিজ্ঞাসুরূপে, অনধিকার-
Inquisitiveness, *s.* অনধিকারচর্চা [কর্তা
Inquisitor, *s* পাষণ্ডপীড়ন ব্যবস্থানের বিচার-
Inroad, *s.* আক্রমণ, চড়াও, শত্রুর আগমন
Insalubrious, *a.* অস্বাস্থ্যজনক, অসুস্থ, মন্দ
Insane, *a.* উন্মত্ত, ক্ষেপা, বাতুল, ক্ষিপ্ত, বাউল, বাউরা, পাগল, উন্মাদ; (*-hospital*) উন্মত্তচিকিৎসালয়, পাগলখানা, পাগলাগারদ
Insaneness, or Insanity, *s.* উন্মত্ততা, পাগলামী, ক্ষিপ্ততা, উন্মাদ, বাতুলতা
Insatiable, Insatiate, *a.* অতর্পণীয়, বহ্বাশী, অতৃপ্তব্য, অত্যেচ্ছুক, অতিলোভী [প্ততা
Insatiableness, Insatiety, *s.* বহ্বাশা, অতৃ-
Insatiably, *ad.* অতৃপ্তরূপে, বহ্বাশাপূর্ব্বক
Insatisfaction, *s.* অতৃপ্তি, অতুষ্টি, অতিলোভ
Insaturable, অপূরণীয়, বিতৃষ্ণা নাই যাহার
Inscribe, *v. a.* উপরে-লিখ, শিরনামা-দে; স্বীয় রচিত পুস্তকে নিবেদনপূর্ব্বক কোন মহল্লোকোদ্দেশে উৎসর্জনার্থক পত্র-লিখ
Inscription, *s.* শিরনামা, লিখন, অঙ্কিতাক্ষর, কোন দ্রব্যের উপরিভাগে তক্ষিত বা লিখিত নাম বর্ণনা ইত্যাদি [চিহ্নধারী
Inscriptive, *a* অঙ্কিতাক্ষর বা শিরনামাযুক্ত,
Inscrutable, *a.* অবিচিন্তনীয়, অবিজ্ঞেয়, অনুপলভ্য, অবিচিন্ত্য, গূঢ়ার্থ, গুপ্ত
Insect, *s.* কীট, পোকা, কৃমি, মশা, ভ্রমরাদি
Insection, *s.* ছেদন, কাটন, কাটা ঘা
Insecure, *a.* সভয়, সশঙ্ক, বিঘ্নকর, আপদযুক্ত
Insecurity, *s.* সঙ্কট, দায়, বিপদ, ভয়, বিঘ্ন, শঙ্কা, দায়ে ঠেকা, আপদযুক্ততা
Insensate, *a.* হতজ্ঞান, মূর্খ, অবোধ, স্তব্ধ
Insensibility, *s.* স্পন্দনরাহিত্য, অচেতনা, স্তব্ধি, মূর্চ্ছাবস্থা, জড়তা, নির্বুদ্ধিতা

Insensible, *a.* অননুভব্য, অচেতন, স্পন্দনরহিত, অস্পন্দ, নিস্পন্দ, মূর্চ্ছাপন্ন, অসাড়
Insensibly, *ad.* অলক্ষ্যরূপে, বোধাগম্যরূপে
Inseparable, *a.* অবিযোজ্য, অপৃথক্করণীয়, অভেদ্য, অবিচ্ছেদ্য, নিত্যসহবর্ত্তী [রূপে
Inseparably, *ad.* অভেদ্যরূপে, অবিযোজ্য-
Insert, *v. a.* লিখ্, লিখিয়া-রাখ, অন্যের সহিত যুক্ত-ক, অন্তর্গত-ভুক্ত-ক, সামিল-ক
Insertion, *s.* সামিল বা ভুক্ত করা, লিখিয়া রাখা, অন্যের সহিত লিখিয়া রাখন
Inship, *v. a.* নৌকায় বা জাহাজে-রাখ
Inshrine, *v.* কোন পবিত্রস্থানাশ্রিত করিয়া-
Insiccation, *s.* শোষণ, শুকান [রাখ
Inside, *s.* অভ্যন্তর, মধ্যস্থল, অন্তর, ভিতর
Insidious, *a.* প্রবঞ্চক, প্রতারক, কুটিল, শঠ, কপটী, খল, ধূর্ত্ত, ছলী, ভুলানীয়া [রূপে
Insidiously, *ad.* ছলক্রমে, কৌটিল্য বা শাঠ্য-
Insidiousness, *s.* প্রতারকতা, কুটিলতা, কাপট্য, ধূর্ত্ততা, শাঠ্য, খলতা, শঠতা
Insight, *s.* অবেক্ষণ, আলোকনা, অনুসন্ধান, তত্ত্বজ্ঞান, বিশেষজ্ঞান
Insignia, *s.* বিশেষ পদ বা সম্ভ্রমের চিহ্ন
Insignificance, *s.* অনর্থকতা, ক্ষুদ্রতা, তুচ্ছতা
Insignificant, *a.* অনাবশ্যক, অনর্থক, তুচ্ছ, অকর্ম্মণ্য, অগণ্য, অল্প, ক্ষুদ্র
Insincere, *a.* অঋজু, কুটিল, ভণ্ড, কপটী, অসরল, খল, অসার [কাপট্য, খলতা
Insincerity, *s.* অঋজুতা, কৌটিল্য, অসারল্য,
Insinuate, *v.* কৌশলক্রমে বা ইঙ্গিতে-বুঝা, সন্দেহার্থ কথা-কহ, ভুলা, কৌশলে বশ-ক
Insinuating, *a.* কৌশলে বশকারী, তুষ্টকারী
Insinuation, *s.* বাক্কৌশলে কথন, কৌশলে প্রবেশ বা বশ করা, ঠার, কৌশল বাক্য
Insipid, *a.* বিরস, পানস্যা, বিস্বাদু, বেমজ়া
Insipidity, Insipidness, *s.* বিস্বাদ, পানস্যা ভাব, বৈরস্য, বিস্বাদুতা [জড়তা
Insipience, *s.* অনভিজ্ঞতা, মূর্খতা, পাগলামী,
Insist, *v. n.* পণ-ক, তষ্টি-ক, পুনঃ২-কহ, স্ববাক্য বলবৎ-ক, উত্তেজনা-ক, জেদ-ক
Insnare, *v. a.* ফুসলা, ভুলা, ফাঁদে-ফেল, জালে বা কৌশলে বন্ধ-ক [লামি
Insobriety, *s.* অতি মদ্যপান, মত্ততা, মাত-
Insociable, *a.* অনালাপী, অসম্ভাষ্য, অপ্রণয়ী
Insolence, *s.* প্রাগল্ভ্য, দম্ভ, গর্ব্ব, মুখড়তা, অশিষ্টতা, ঢেঁটলাম [অশিষ্ট, ঢেঁটা
Insolent, *a.* প্রগল্ভ, দাম্ভিক, উচক্কা, গর্ব্বী,

Insolently, *ad.* সদর্পে, গর্ব্ব বা দম্ভপূর্ব্ব
Insolvable, *a.* অপরিশোধ্য; অর্থ অকরণীয়
Insoluble, *a.* অদ্রবনীয়, অগলনীয়, অদ্রাব্য
Insolvency, *s.* ঋণশোধনে অসামর্থ্য, ঋণপরিশোধনে অক্ষমতা, দেউল্যামী
Insolvent, *a.* ঋণশোধনে অসমর্থ, ঋণপরিশোধনে অক্ষম, দেউল্যা [বিশিষ্ট
Insomnious, অসুনিদ্রিত, অসুসুপ্ত, দুঃস্বাপ-
Insomuch, *ad.* অতএব, এপর্য্যন্ত, এতাবৎ
Inspect, *v. a.* দৃষ্টি-ক, সমীক্ষা-ক, আলোকনা-ক, অবেক্ষণ-ক, জাচ্, পরীক্ষা-ক
Inspection, *s.* সমীক্ষা, অবেক্ষা, আলোকনা, জাচন, তত্ত্বাবধারণ, পরীক্ষা [ধারক
Inspector, *s.* অবেক্ষক, জাচন্দার, তত্ত্বাব-
Inspersion, *s.* প্রোক্ষণ, ছিটান, ছড়ান
Inspiration, *s.* নিশ্বাস গ্রহণ বা লওন; দৈবজ্ঞান, দৈবাবেশে জ্ঞান প্রাপ্তি, দৈবাবির্ভাব
Inspire, *v.* নিশ্বাসগ্রহণ-ক; দৈবজ্ঞান প্রদান-ক
Inspired, *a.* ঈশ্বরাদিষ্ট, দৈবজ্ঞানবিশিষ্ট
Inspirit, *v.* সজীব-ক, সাহস-দে, তেজবৃদ্ধি-ক
Inspissate, *v. a.* ঘন-ক, গাঢ়-ক, আওটা, ঘনীভূত-ক, আবর্ত্তন-ক
Inspissation, *s.* ঘনীভূত করণ, আওটান
Instability, *s.* অস্থিরতা, চাঞ্চল্য, অস্থৈর্য্য
Instable, *a.* অস্থির, চঞ্চল, অস্থায়ী, চপল
Install, *v. a.* পদার্পণ-ক, অভিষেক-ক, পদাভিষিক্ত-ক, পদার্পিত-ক [ভিষেক করা
Installation, *s.* অভিষেক, পদার্পণ, পদা-
Instalment, *s.* অভিষেক করণ, অভিষেক; কালিকা, কিস্তি, টাকার কালিকা
Instance, *s.* যাচ্ঞা, ঘেঙ্গানি; ঘটনা, কারণ; দৃষ্টান্ত, উদাহরণ, প্রমাণ
Instance, *v.* প্রমাণ দৃষ্টান্ত বা উদাহরণ-দে
Instant, *s.* ক্ষণকাল, ক্ষণ, নিমিষ, মুহূর্ত্ত, লহমা
Instant, *a.* বর্ত্তমান কালের বা মাসের, সাম্প্রতিক, অবিলম্ব; ব্যস্ত, ব্যগ্র, ঘেঙ্গানিয়া
Instantaneous, *a.* ক্ষণিক, ক্ষণকালীন, তৎক্ষণজ, অবিলম্বিত, তৎক্ষণিক, হঠাৎ
Instantly, Instantaneously, *ad.* এইমাত্র, এক্ষণে, এইক্ষণে, এখনি, তৎক্ষণাৎ, অবিলম্বে, আপাততঃ, ঝট করিয়া [র্পিত-ক
Instate, *v. a.* বিশেষ পদে নিযুক্ত-ক, পদা-
Instauration, *s.* প্রত্যর্পণ, পুনঃস্থাপন
Instead, *ad.* পরিবর্ত্তে, ঠাঁই, স্থানে, বদলে
Insteep, *v. a.* সিক্ত-ক, ভিজা, ডুবিয়া-রাখ,
Instep, *s.* পায়ের পাতার উপরি ভাগ [চুবা
Instigate, *v. a.* প্রবৃত্তি-লওয়া, প্রবর্ত্তনা-ক, মন্ত্রণা-দে, প্রবৃত্তি-জন্মা, কুমন্ত্রণা-দে
Instigation, *s.* মন্ত্রণা, পরামর্শ, প্রবৃত্তি, প্রবর্ত্তনা, চেতানি, কুমন্ত্রণা [কুপরামর্শী
Instigator, *s.* প্রবর্ত্তনাকর্ত্তা, কুমন্ত্রণাদাতা,
Instil, *v. a.* চোয়া, বিন্দু২-ঝরা; ক্রমে২ উপদেশ-দে, মনেপ্রবিষ্ট-করা [উপদেশকরণ
Instillation, *s.* বিন্দু২চোয়ান, ঝরাণ; ক্রমে২
Instinct, *s.* সংস্কার, স্বাভাবিক জ্ঞান ইচ্ছা বা ঘৃণা, পশুবুদ্ধি, স্বভাবহেতুক গতি
Instinctive, *a.* স্বাভাবিক, স্বভাবহেতুক, পশুবৎ জ্ঞানাত্মক, সংস্কার বা প্রকৃতি সিদ্ধি
Instinctively, *ad.* স্বভাবতঃ, প্রকৃতিবলে, বিনাভ্যাসে, পশুবৎ বুদ্ধিপূর্ব্বক
Institute, *v.* সংস্থাপন-ক, নিযুক্ত-স্থির-ক, নূতন ব্যবস্থা-ক, নিয়ম-ক, নিয়োগ-ক
Institute, *s.* ব্যবস্থা, বিধি, নিয়ম, সংস্থাপিত ধারা, আইন
Institution, *s.* স্থাপিত মত, নিয়ম, বিধি, ব্যবস্থা, আইন; পাঠশালা, বিদ্যা মন্দির
Institutor, *s.* ব্যবস্থাপক, স্থাপনকর্ত্তা
Instruct, *v. a.* অধ্যাপনা-ক, উপদেশ-দে, শিক্ষা-করা, আদেশ-ক [আদেশ, আজ্ঞা
Instruction, *s.* অধ্যাপনা, উপদেশ, শিক্ষা;
Instructions, *s. pl.* আজ্ঞা, আদেশ, বিধান
Instructive, *a.* উপদেশক, উপদেশকারী, শিক্ষাদায়ক, উপদেশযোগ্য
Instructor, *s.* উপাধ্যায়, অধ্যাপক, উপদেশক, শিক্ষক, উপদেষ্টা, উপদেশকর্ত্তা
Instrument, *s.* অস্ত্র, হাতিয়ার, শস্ত্র, যন্ত্র, কল; লিখন, পত্র, নিয়ম পত্র, পাট্টা; হেতুক, কারক; কারণ, নিমিত্ত, হেতু
Instrumental, *a.* হেতুক, প্রয়োজক, সাধ্যসাধক, কারণাত্মক, কারক, সহকারী, যন্ত্রসিদ্ধ, বাদ্যযন্ত্রোৎপন্ন [মাথালাড়া
Insubordinate, *a.* অবাধ্য, অবশ, অবিনত,
Insubordination, *s.* অবাধ্যতা, অবশতা, অবিনয়, ঠেঁটামি [ঘৃণ্য, অতিকুৎসিত
Insufferable, *a.* অসহ্য, অসহনীয়, দুঃসহ্য,
Insufficiency, *s.* অপ্রচুরতা, অসুসার, অপ্রতুল, অনির্ব্বাহ, অপ্রাচুর্য্য, অক্ষমতা
Insufficient, *a.* অপ্রচুর, অযথেষ্ট, অকুলান; অপারক, অক্ষম, অনুপযুক্ত [রূপে
Insufficiently, *ad.* অপ্রতুলরূপে, অনুপযুক্ত-
Insular, *a.* উপদ্বীপস্থ, উপদ্বীপসম্বন্ধীয়
Insulated, *a.* অসংযুক্ত, অসংলগ্ন, পৃথক

Insult, *s.* বিপ্রকৃতি, অপমান, অমর্য্যাদা, অসম্মান, অবজ্ঞা, নিন্দা, তিরস্কার, অভ্রম
Insult, *v. a.* অপমান-ক, অভ্রম-ক, অমর্য্যাদা-ক, তিরস্কার-ক [শক্যতা
Insuperability, *s.* অজেয়তা, অপার্য্যতা, অ-
Insuperable, *a.* অজেয়, অপার্য্য, অসাধ্য
Insupportable, *a.* অসহ্য, আত্যন্তিক, অসহনীয়, উৎকট, প্রচণ্ড [অতিশয়
Insupportably, *ad.* অসহ্যরূপে, প্রচণ্ডরূপে,
Insurable, *a.* বিমাকরণীয়, বিমারযোগ্য
Insurance, *s.* বিমা, ক্ষতিপূরণের নিয়ম
Insure, *v. a.* বিমা-ক, ক্ষতি বা অপচয় ভাগী-হ, ঝুঁকি স্বীকার-ক, দায়ঠেকা-ক
Insurer, *s.* বিমাকর্ত্তা, অপচয়ভাগী
Insurgent, *s.* রাজদ্রোহী, উপদ্রবকর্ত্তা [সাধ্য
Insurmountable, *a.* অজেয়, অনিবার্য্য, দুঃ-
Insurrection, *s.* রাজদ্রোহ, স্বরাজার বিপক্ষতাচরণ, গণ্ডগোল, উন্দধুন্দ
Intactible, *a.* অস্বজ্ঞেয়, স্পর্শবোধাতীত
Intaglio, *s.* খোদিতাকৃতি, মণিতে তক্ষিতাক্ষর
Integer, *s.* অভিন্ন, আস্ত, গোটা, সমস্ত, সমুদায় অঙ্ক বা সংখ্যা [সমুদায়, ছিট নয়
Integral, *a.* অখণ্ড, অটুট, সম্যক্, পূর্ণ, সমস্ত,
Integrity, *s.* অভিন্নতা, অখণ্ডতা, সাকল্য, সম্পূর্ণতা; ঋজুতা, সাধুতা, সারল্য
Integument, *s.* ত্বক্, চর্ম্ম, বল্কল, বাক্‌লা, খোসা, ছাল, ছোল, আবরণ [জ্ঞান, ধী
Intellect, *s.* মনীষা, প্রবোধ, চিত্ত, বুদ্ধি, বোধ,
Intellective, *a.* বোধক্ষম, বুদ্ধিবিশিষ্ট
Intellectual, *a.* মনীষিন্, মানসিক, বুদ্ধি বা জ্ঞান সম্বন্ধীয়, তদ্বিষয়ক, জ্ঞানসম্পর্কীয়
Intelligence, *s.* বুদ্ধি, জ্ঞান, বিজ্ঞতা, বোধ, ধী; সম্বাদ, সমাচার, খবর
Intelligent, *a.* মনীষিন্, মনস্বী, ধীমান, বিজ্ঞ, প্রজ্ঞ, নিপুণ, জ্ঞানী, বুদ্ধিমান
Intelligible, *a.* সুজ্ঞেয়, সুস্পষ্ট, বোধগম্য
Intelligibly, *ad.* সুজ্ঞেয় সুস্পষ্ট বা ব্যক্তরূপে
Intemperance, *s.* অধৈর্য্য, অপরিমিতাচার, আতিশয্য, অতিপান, অতিভোজন [চার
Intemperateness, *s.* অধৈর্য্য, অপরিমিতা-
Intemperate, *a.* অপরিমিত, অধৈর্য্যবান্, অপরিমিতাচারী; মত্ত; রাগী [আধিক্য
Intemperature, *s.* আতিশয্য, বৈশম্য, গুণের
Intend, *v. a.* ঠাওর্, ঠাওরা, অভিপ্রায়-ক, কল্প-ক, মনস্থ-মনে-ক, বাসনা-ক [কর্ত্তা
Intendant, *s.* তত্ত্বাবধারক, রক্ষণাবেক্ষণ-

Intense, *a.* অতিশয়, অত্যন্ত, অবিশ্রান্ত, অষ্টপ্রহর, দৃঢ়, কঠিন, শক্ত, উগ্র, প্রচণ্ড
Intensely, *ad.* আত্যন্তিক বা আতিশয্যরূপে
Intenseness, *s.* আতিশয্য, আত্যন্তিকতা,
Intensity, *s.* তথা [কাঠিন্য, ব্যগ্রতা
Intent, *a.* মনোনিবিষ্ট, সচেষ্ট, আবিষ্টচিত্ত, পরিশ্রমী, উদ্যোগী [তাৎপর্য্য, মতলব্
Intent, *s.* অভিপ্রায়, মানস, উদ্দেশ, চেষ্টা,
Intention, *s.* মানস, অভিপ্রায়, ভাব, বাসনা, মনস্থ, মতলব্ [প্রেত, মনে করা
Intentional, *a.* জ্ঞানস্বরূপ, জ্ঞানকৃত, অভি-
Intentionally, *ad.* জ্ঞানতঃ, জ্ঞানপূর্ব্বক
Intentive, *a.* চেষ্টান্বিত, বিশেষ মনোযোগী
Intently, or Intentively, *ad.* আবিষ্টচিত্তে
Inter, *v. a.* পোৎ, সমাধি-দে, কবর-মাটি-দে
Interamnian, *a.* নদ নদীর মধ্যস্থলবর্ত্তী
Intercalary, *a.* মলমাসিক, অধিমাসিক; (*-month*) মলমাস, অধিমাস [নিরূপণ
Intercalation, *s.* মাস বৃদ্ধি করণ, মলমাস
Intercede, *v. n.* মধ্যস্থালি-ক, মধ্যস্থ-হ, পরার্থ প্রার্থনা-ক, প্রতিনিধি-হ
Intercedent, *s.* মধ্যস্থ, পরের হিতার্থ চেষ্টক
Intercept, *v. a.* আটক-ক, ধর, পথে-ধর, গতিরোধ-ক, বাধা-জন্মা, বাটপাড়ি-ক
Interception, *s.* গতিরোধ, পথেধরণ, আটক
Intercession, *s.* পরার্থ মঙ্গল প্রার্থনা, মধ্যস্থতা, মধ্যস্থি, মধ্যস্থালী [মধ্যস্থ জন
Intercessor, *s.* মধ্যস্থ, পরের মঙ্গল প্রার্থক,
Interchain, or Interlink, *v. a.* শৃঙ্খলে নিবদ্ধ-ক, গাঁথ, গাঁথিয়া-বাঁধ, সংশ্লেষ-ক
Interchange, *v. a.* আদান প্রদান-ক, বিনিময়-ক, পরিবর্ত্ত-ক, মার্জা-ক, বদল-ক
Interchange, *s.* আদান প্রদান, বিনিময়, পরিবর্ত্ত, মার্জা, বদল
Interchangeable, *a.* পরিবর্ত্তনীয়, মার্জাযোগ্য
Intercolumniation, *s.* স্তম্ভদ্বয়ের মধ্যস্থান
Intercommunication, *s.* উভয় গতিবিধি
Intercostal, *a* পর্শুকাভ্যন্তরস্থিত, পঞ্জরমধ্যস্থ
Intercourse, *s.* গতিবিধি, সম্ভাষ, আলাপ, যাতায়াত, নেউটপাড়া, সংসর্গ; (*colloquial* or *free*) কথোপকথন, কথাবার্ত্তা
Intercurrent, *a.* মধ্যস্থলে প্রবহনশীল
Interdict, *v. a.* নিষেধ-ক, বারণ-ক, মানা-ক
Interdict, *s.* নিষেধ, ধর্ম্মকর্ম্মের নিবারণ
Interdiction, *s.* নিষেধ, নিবারণ, মানা, বারণ; অভিশাপ, মন্যু

Interdictory, *a.* নিষেধক, বাধক, বারণকারী; অভিশাপ বা মন্যুকারী
Interest, *v.* তৎপক্ষীয়-হ, পক্ষপাতী-হ, টেক্, লিপ্ত-ক, লাগ্, অংশী-হ, লাভালাভের ভাগী-ক, স্বার্থ বা সম্পর্ক-রাখ
Interest, *s.* লাভালাভ, অংশ, স্বার্থ, প্রয়োজন, সহায়তা, আনুকূল্য, চেষ্টা; কুষীদ, বৃদ্ধি, সুদ, মিত্তি, লভ্য, লাভ, বেআজ
Interesting, *pa.* মনোহর, রম্য, উপকারী
Interfere, *v. n.* হাত-দে বা লাগা, মধ্যস্থ-হ, পরাধিকার চর্চ্চা-ক [ধিকারচর্চ্চা
Interference, *s.* হাতদেওয়া, মধ্যস্থালি, অন-
Interjacent, *a.* মধ্যস্থিত, উভয়ের মধ্যবর্ত্তী
Interjection, *s.* আশ্চর্য্য বা দুঃখাদিবোধক অব্যয় শব্দ, যথা আহা, উহু, হায়, হায়২
Interim, *s.* অবসর, মধ্যকাল; (*in the*) ইতোমধ্যে, ইত্যবসরে, ইহারমধ্যে, ইত্যবসান
Interior, *a.* অভ্যন্তর, আন্তরিক, অন্তরস্থ, আন্ত্রিক, মধ্যবর্ত্তী, মধ্যস্থ
Interlace, *v.a.* অন্যেতে মিশ্রিত বা সামিল-ক
Interlard, *v.* স্থানে২ বা মধ্যে২ প্রবিষ্ট-ক, চিত্রবিচিত্র-ক, রংবিরং-ক [গজ-দে
Interleave, *v. a.* প্রতিপৃষ্ঠার পরে সাদা কা-
Interline, *v.* লিখিত পংক্তির মধ্যে২-লিখ
Interlineation, *s.* পংক্তির মধ্যে২ লিখন
Interlocution, *s.* কথোপকথন, সম্ভাষ, পরস্পর আলাপ, কহাকহি [প্রত্যুত্তরকর্ত্তা
Interlocutor, *s.* কথোপকথনকারক, উত্তর-
Interlocutory, *a.* অনিষ্পন্নকারী, উত্তরপ্রত্যুত্তরকারী, কথোপকথনবিশিষ্ট
Interlope, *v. n.* অনধিকার মধ্যস্থ-হ, পরবৃত্ত্যাকর্ষণ-ক, অনিমন্ত্রিতাতিথি-হ
Interloper, *s.* অনধিকার ব্যবসায়ী, পরবৃত্ত্যাকর্ষণকর্ত্তা, অনিমন্ত্রিতাতিথি
Interlucent, *a.* মধ্যে২ জাজ্বল্যমান
Interlude, *s.* যাত্রার অবান্তর কৌতুক বা সং
Interlunar, *a.* নূতন ও পুরাতন চন্দ্রের মধ্য-
Intermarriage, *s.* পরিবর্ত্ত বিবাহ [কালীন
Intermarry, *v. a.* পরিবর্ত্ত বিবাহ-ক
Intermeddle, *v.* ঘেঁটা, অন্যের কর্ম্মে প্রবৃত্ত-হ বা হাত-দে, পরাধিকার চর্চ্চা-ক
Intermediate, or Intermedial, *a.* মধ্যস্থিত, মধ্যবর্ত্তী, অন্তরকালের, মধ্যকালীন
Intermedium, *s.* অন্তর, ব্যবহিত বা মধ্যকাল
Interment, *s.* সমাধি, গোর বা কবর দেওন
Interminable, *a.* অসীম, অশেষ, অনন্ত
Intermingle, *v.* মিশা, মিশ্রিত-ক, মিশাল-ক, মিল, মিলা, সংশ্লিষ্ট-হ বা ক [নিবৃত্তি
Intermission, *s.* বিরাম, বিশ্রাম, বিরতি,
Intermit, *v.* কিয়ৎকাল-ছাড়, মধ্যে২ উপশম-হ, কিছুকালান্তর-হ
Intermittent, or Intermissive, *a.* অনিত্য, অনিয়মিত, বিরতিবিশিষ্ট, পালামত
Intermix, *v.* মিশ্রিত-ক বা হ, মিল, মিশা
Intermixture, *s.* মিশ্রণ, নানা দ্রব্যের মিশ্রণ, মিশালগোশাল, মিশ্রিত বস্তু [মধ্যস্থায়ী
Intermundane, *a.* দুই ভুবনের বা মণ্ডলের
Intermural, *a.* দুই প্রাচীরের অন্তর্বর্ত্তী
Internal, *a.* অভ্যন্তর, অন্তঃস্থ, মধ্যস্থ, অন্তর্বর্ত্তী, অন্তরেণ, আন্তরিক, অন্তরিত, অন্তরস্থ, স্বাভাবিক, প্রকৃত; দেশী, দেশীয়
Internally, *ad.* অভ্যন্তরে, ভিতরে, অন্তরে, মনে, মনের মধ্যে [বা মধ্যস্থ জন
Internuncio, *s.* উভয় পক্ষের দূত বার্ত্তাবাহক
Interpolate, *v. a.* পর রচনাতে বাক্যান্তরলিখ, কল্পিত-ক, কৃত্রিম-ক, ভাঁজ-দে
Interpolation, *s.* পর রচনাতে বাক্যান্তর লিখন, কৃত্রিম বা কল্পিত লিপি [করে যে
Interpolator, *s.* পর রচনাতে কৃত্রিম রচনা
Interposition, *s.* পরার্থ প্রার্থনা, মধ্যস্থতা, মধ্যবর্ত্তিতা, মধ্যস্থালি
Interpose, *v.* পরার্থপ্রার্থনা-ক, মধ্যস্থালি-ক, মধ্যস্থ-হ, মধ্যবর্ত্তি-হ, মধ্যে-হ
Interpret, *v. a.* কথা-বুঝা, অর্থ ব্যাখ্যা-ক, অর্থ-ক, মানে-ক, ভাষান্তর-ক, তর্জমা-ক
Interpretation, *s.* অর্থ করণ, ব্যাখ্যা, অর্থ, মানে, ভাষান্তর করণ, তর্জমা [ভাষীয়া
Interpreter, *s.* অর্থকারক, ব্যাখ্যাকর্ত্তা, দো-
Interregnum, *s.* অরাজক কাল বা সময়
Interrogate, *v.* প্রশ্ন-ক, জিজ্ঞাসা-ক, প্রশ্নদ্বারা পরীক্ষা-ক [চিহ্ন, যথা (?)
Interrogation, *s.* প্রশ্ন, জিজ্ঞাসা, প্রশ্নসূচক
Interrogative, *a.* জিজ্ঞাসার্থক, প্রশ্নকারী
Interrogative, *s.* প্রশ্নকারী সর্ব্বনাম পদ
Interrogator, *s.* প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসক, প্রষ্টা
Interrogatory, *a.* প্রশ্নবিশিষ্ট, প্রশ্নকারী
Interrogatory, *s.* জিজ্ঞাসা, প্রশ্ন
Interrupt, *v.* বাধা-জন্মা, আটক-ব্যাঘাত-ক, ভঙ্গ-ক, ভণ্ডুল-ক, বিচ্ছেদ-ক
Interruption, *s.* প্রতিবন্ধ, ব্যাঘাত, বাধা, আটক, রোধ, ভঙ্গ, ভেদ [আড়ি-মিল
Intersect, *v.* কাট্, দ্বিভাগ-দ্বিখণ্ড-ক, আড়া-

Intersection, *s.* পরস্পরের ছেদন, আড়াআড়ি মিলন, দুই রেখার মিলন স্থল
Intersperse, *v. a.* ছিটা, ছড়া, ইতস্ততো নিক্ষেপ-ক, স্থানে২-ফেল
Interstice, *s.* দুই দ্রব্যের মধ্যস্থল, ফাঁক, ছিদ্র
Intertexture, *s.* মধ্যে২ বুনান, বুনাট করণ
Intertwine, Intertwist, *v.* পাক দিয়া জড়া
Interval, *s.* অন্তর, অভ্যন্তর কাল বা স্থান, মধ্যকাল, ফাক, থাক, ছেদ, বিরাম
Intervene, *v.* মধ্যস্থ-হ, মধ্যবর্ত্তী-হ, মধ্যে-হ, ব্যবহিত-হ, কালের অন্তর-হ
Intervention, *s.* মধ্যস্থতা, মধ্যস্থালি, ব্যবধান
Interview, *s.* সাক্ষাৎ হওন, সাক্ষাতালাপ, সৎদর্শন, ভেট, দেখাশুনা [যুক্ত-ক
Intervolve, *v. a.* এক অন্যেতে জড়িত বা সং-
Interweave, *v.* এক অন্যেতে বুন, মিশ্রিত-ক
Intestate, *a.* উত্তরাধিকার বা দান পত্র না করিয়া মরে যে, দান পত্র রহিত
Intestinal, *a.* অন্ত্রবর্ত্তী, অন্ত্রসম্বন্ধীয়, আন্ত্রিক
Intestine, *a.* অন্ত্রবর্ত্তী, আন্ত্রিক, অবাহ্য, আন্তরিত, ঘরুয়া, ঘরের, আপোসের
Intestines, *s.* অন্ত্র, আঁত, আঁতড়ী, নাড়ীভুঁড়ী
Inthral, *v. a.* দাসত্বাপন্ন-ক, অধীন-ক
Inthralment, *s.* দাসত্ব, অধীনতা [নস্থ-ক
Inthrone, *v. a.* রাজ্যাভিষিক্ত-ক, সিংহাস-
Intimacy, *s.* অন্তরঙ্গতা, আত্মীয়তা, বন্ধুতা, বনায়, প্রণয়, সখ্য, মিত্রতা, দোস্তালী
Intimate, *v. a.* সঙ্কেতে-জানা, ইশারা-ক, বিজ্ঞাপন-ক, অবগত-ক, সম্বাদ-দে
Intimate, *a.* অন্তরস্থ, আন্তরিক, আত্মীয়, সম্পর্কীয়, একচিত্ত, প্রণয়ী, একভাবী
Intimate, *s.* সখা, মিত্র, বন্ধু, আত্মীয়, অন্তরঙ্গ
Intimately, *ad.* আন্ত্রিক বা আত্মীয়তারূপে, সখ্যক্রমে, মিত্রভাবে, প্রণয়পূর্ব্বক
Intimation, *s.* সঙ্কেত বাক্য, ইশারা, ঠার, বিজ্ঞাপন, অস্পষ্ট কথন [ক্রান্ত-ক
Intimidate, *v. a.* ভীত-ক, ভয়-দেখা, ভয়া-
Intimidation, *s.* ধমকান, ভয় দর্শান
Into, *prep.* প্রবেশবোধক অব্যয় শব্দ, যথা মধ্যে, ভিতরে, মাঝে, ইত্যাদি
Intolerable, *a.* অসহ্য, দুঃসহ্য, অতিশয় মন্দ, অতিপীড়াকর, উৎকট, প্রচণ্ড [কটরূপে
Intolerably, *ad.* অতিশয়, অসহ্যতারূপে, উৎ-
Intolerant, *a.* অসহনশীল, পরধর্ম্ম দ্বেষী, পরমতাসহিষ্ণু [কবর-দে
Intomb, Inurn, *v. a.* সমাধি-দে, গোর-দে,
Intonation, *s.* বজ্রনিস্বন করণ; উচ্চারণের ধারা, শব্দের বা স্বরের ধর্ম্ম
Intort, *v. a.* মুচড়া, পাক-দে, নিঙ্গড়া
Intoxicate, *v. a.* মত্ত-ক, বিহ্বল-ক, মাতাল-ক
Intoxication, *s.* মত্ততা, মাতলামী [র্দান্ত
Intractable, *a.* অবাধ্য, অদম্য, অবশ্য, দু-
Intractably, *ad.* অদম্য বা অবাধ্য রূপে
Intransitive, *a.* in *gram.* অকর্ম্মক; (*-verb*) অকর্ম্মক ক্রিয়া পদ [পরিণামাযোগ্য
Intransmutable, *a.* অপরিবর্ত্তনীয়, অবিকার্য্য,
Intreasure, *v. a.* সঞ্চিত-ক, ভাণ্ডারে-রাখ
Intreaty, *s.* অনুনয়. Entreaty শব্দ দেখ
Intrench, *v.* গড়বন্দি-ক, গড়খাই-ক, গড়বেষ্টন-ক, ক্রমে২ পরদ্রব্যাক্রমণ-ক [ঘাত্য
Intrenchant, *a.* অভেদ্য, অখণ্ডনীয়, অনা-
Intrenchment, *s.* গড়বন্দি, গড়খাই বেষ্টন
Intrepid, *a.* নির্ভয়, বিক্রান্ত, সাহসী, শূর, বীর্য্যবান, নিঃশঙ্ক [বীরত্ব
Intrepidity, *s.* সাহস, বিক্রম, নির্ভয়তা, বীর্য্য,
Intrepidly, *ad.* সাহসে, অভয়ে, বীর্য্যক্রমে
Intricacy, *s.* ক্লেশ, দায়, সঙ্কট, উৎপাত, লট্‌খট্, বাগ্‌ড়া, পেঁচ, নট্‌খটী, ঝঞ্ঝাট
Intricate, *a.* শক্ত, কঠিন, ঘোর, বাগড়াটিয়া, ঝঞ্ঝাটিয়া, লট্‌খটিয়া, পাকপড়া, পেঁচাল
Intrigue, *s.* কুমন্ত্রণা, ছলনা, তন্ত্রতা, শাঠ্য, শড়, শটরবটর, ফন্দি, ধূর্ত্ততা
Intrigue, *v. n.* কুমন্ত্রণা-ক, ছলনা-ক, ফন্দি-ক
Intriguingly, *ad.* কুমন্ত্রণা শাঠ্য বা ছল ক্রমে
Intrinsic, Intrinsical, *a.* অভ্যন্তর, প্রকৃত, স্বাভাবিক, সত্য, যথার্থ, অকৃত্রিম
Introduce, *v. a.* প্রবেশ বা সাক্ষাৎ-করা, সাক্ষাৎ করিয়া-দে, পুস্তকে প্রবিষ্ট-ক
Introduction, *s.* সাক্ষাৎ বা প্রবেশ করাণ; মুখবন্দ, ভূমিকা, প্রসঙ্গ, প্রস্তাব
Introductory, Introductive, *a.* পূর্ব্ব, পূর্ব্বনিয়ামক, প্রাথমিক, প্রাসঙ্গিক, প্রস্তাবিক
Intrude, *v.* অনধিকার কর্ম্মে হাত-দে, পরাধিকারচর্চ্চা-ক, অনুমতি বিনা প্রবেশ-ক, অনাহূতাতিথি-হ, অসম্মতিতে উপস্থিত-হ
Intruder, *s.* পর কর্ম্মে হাত দেয় যে, বিনানুমতিতে আগত যে, অনাহূতাতিথি [প্রবেশ
Intrusion, *s.* অসম্মতিতে আগমন, অনাহূত
Intrust, *v.* গচ্ছা, জিম্মা-ক, সমর্পণ-ক [জ্ঞান
Intuition, *s.* হঠাদুপলব্ধি, স্বাভাবিক আশু-
Intuitive, *a.* হঠাদুপলব্ধ, আশুজ্ঞাত [জ্ঞানে
Intuitively, *ad.* হঠাদুপলব্ধিক্রমে, আশু-

Intumescence, *s.* শোথ, স্ফীতি, ফুলা
Intwine, *v. a.* পাকা, জড়া, লপ্‌টা, পাক-দে
Invade, *v. a.* আক্রমণ-ক, চড়াও-ক
Invader, *s.* আক্রামক, চড়াওকারক, শত্রু
Invalescence, *s.* আরোগ্য, স্বাস্থ্য, সবলত্ব
Invalid, *a.* অবলবৎ, অকর্ম্মার্হ, জ্বরী, অপ্রামাণিক, অসার, নিরর্থক, ব্যর্থ
Invalid, *s.* ক্ষীণ দুর্ব্বল বা রুগ্ন ব্যক্তি, বলহীন বা অসুস্থ লোক, সুখনশ্বর
Invalidate, *v.* দুর্ব্বল-ক, অগ্রাহ্য-ক, অন্যথা-ক, ব্যর্থ-ক, খণ্ডা, কাট্, অপ্রামাণ্য-ক
Invalidity, *s.* অবলবত্তা, দৌর্ব্বল্য, অদৃঢ়তা
Invaluable, অমূল্য, বহুমূল্য, অনর্ঘ্য, অত্যুত্তম
Invariable, *a.* স্থির, নিয়ত, অবিকার্য্য, নিত্য
Invariably, *ad.* নিত্যশঃ, নিত্য২, সতত, সদা
Invasion, *s.* আক্রমণ, চড়াও [ক্রামক
Invasive, *a.* আক্রমণ বা চড়াও কারী, আ-
Invective, *s.* তাড়না, দুর্ব্বাক্য, নিন্দা, তিরস্কার, কটুবাদ; *a.* গ্লানিকর, নিন্দাময়
Invectively, *ad.* কটুবাক্যে, তিরস্কার করিয়া, গালি দিয়া, নিন্দাপূর্ব্বক [গ্লানি-ক
Inveigh, *v. a.* দোষ-দে, নিন্দা অপবাদ বা
Inveigle, *v. a.* ভুলা, ফুসলা, প্রতারণা-ক
Inveigler, *s.* ভুলায় বা ফুসলায় যে, প্রতারক
Inuendo, *s.* ইঙ্গিত, সঙ্কেত, ঠার, ইশারা
Invent, *v. a.* রচ্, জন্মা, রচনা-ক, সৃষ্টি-ক, আরোপিত-ক, কৃত্রিম-ক
Invention, *s.* সৃষ্টি, রচনা, নূতনোৎপত্তি, আরোপিত বস্তু বা বাক্য, কল্পনা
Inventive, *a.* রচনাকারী, সৃষ্টিকরণক্ষম, কল্পনাকারী, সুবুদ্ধি, ফিচাল
Inventor, *s.* স্রষ্টা, রচক, রচনা বা সৃষ্টিকর্ত্তা
Inventory, *s.* ফিরিস্তি, ফর্দ্দ, জায়, তালিকা
Inverse, *a.* ব্যতিক্রান্ত, বিরুদ্ধ, বিপরীত, উল্টা
Inversely, *ad.* বিরুদ্ধ বা বিপরীত ভাবে
Inversion, *s.* ব্যতিক্রম, উল্টাভাব, বৈপরীত্য, বিলোমবিধি, বিলোম ক্রিয়া
Invert, *v. a.* বিপরীত-ক, উল্টা-ক, ব্যতিক্রম-ক, ফিরা, উল্টা, উপর নীচ-ক
Invertedly, *ad.* উল্টাভাবে, ব্যুৎক্রমপূর্ব্বক
Invest, *v. a.* সজ্জিত-ক, বস্ত্রান্বিত-ভূষিত-ক, পদে নিযুক্ত-ক, বেষ্টন-ক, ঘের
Investigable, *a.* বিতর্কনীয়, আলোচনীয়, মীমাংস্য, বিবেচনীয়, অনুসন্ধানীয়
Investigate, *v.* প্রৌঢ়ি-ক, বিচার-ক, আলোচনা-ক, বিতর্ক-ক, তত্ত্ব-ক, অনুসন্ধান-ক
Investigation, *s.* প্রৌঢ়ি, বিচার, বিতর্ক, বিবেচনা, অনুসন্ধান [আলোচনাকর্ত্তা
Investigator, *s.* অনুসন্ধানকারক, বিবেচক,
Investiture, *s.* পদস্থ করণ, অধিকার দেওন
Investment, *s.* পরিচ্ছদ, বস্ত্রাদি; পদার্পণ; বাণিজ্য দ্রব্যের এক খেপ
Inveteracy, *s.* বহুকালস্থায়িত্ব, রোগ কোপ দ্বেষাদির চিরস্থায়িত্ব
Inveterate, *a.* চিরকালীন, বহুকালীন, পুরাতন; অতি দুষ্ট, কঠিন, শক্ত, দ্বেষী, ক্রোধী
Inveterateness, *s.* Inveteracy শব্দ দেখ
Invidious, *a.* ঈর্ষ্যা, দ্বেষী, মাৎসর্য্যশীল, খল
Invidiously, *ad.* ঈর্ষ্যা বা দ্বেষপূর্ব্বক, দূষ্য-
Invidiousness, *s.* দ্বেষজনকতা, দ্বেষ [ভাবে
Invigorate, *v. a.* তেজ বা বল বৃদ্ধি-ক, পুষ্ট বা সজীব-ক, সবল-ক
Invigoration, *s.* সবল করণ বা হওন, সতেজ করণ, পুষ্টিবর্দ্ধন
Invincible, *a.* অজেয়, অপরাভবনীয়, অদম্য
Invincibly, *ad.* অজেয়রূপে, অদম্যরূপে
Inviolable, *a.* অলঙ্ঘনীয়, অভঞ্জনীয়, অটল
Inviolate, *a.* অলঙ্ঘিত, অভগ্ন, স্থির, অটুট
Invisibility, *s.* অচাক্ষুষতা, অদৃশ্যতা, অন্তর্দ্ধি
Invisible, *a.* অনালোক্য, অচাক্ষুষ, অদৃশ্য
Invisibly, *ad.* অদর্শনপূর্ব্বক, অদৃশ্যরূপে
Invitation, *s.* আমন্ত্রণ, নিমন্ত্রণ, আহ্বান; (*note*, or *card*) নিমন্ত্রণ পত্র
Invite, *v.* আমন্ত্রণ-ক, নিমন্ত্রণ-ক, আহ্বান-ক, ডাক; ভুলা, লোভ-দেখা [চিত্তচোর
Inviter, *s.* আমন্ত্রক, নিমন্ত্রক, আহ্বানকর্ত্তা;
Invitingly, *ad.* রম্য বা মনোহর রূপে
Inumbrate, *v. a.* মেঘাচ্ছন্ন-ক, ছায়াবৃত-ক
Inunction, *s.* তৈলমর্দ্দন বা তৈলাক্ত করণ
Inundate, *v.* জলপ্লাবন-ক, জলাকীর্ণ-ক, জলে-ভাসা, মগ্ন-ক, সয়লাব-ক [লাব
Inundation, *s.* জলপ্লাবন, বন্যা, হানা, সয়-
Invocate, *v.* জপ্, সম্বোধন-ক, আহ্বান-ক, নাম-জপ, কামনা-ক, প্রার্থনা-ক
Invocation, *s.* সম্বোধন, জপ, প্রার্থনা, সিদ্ধপুরুষের নাম জপ করা
Invoice, *s.* দ্রব্যাদির জায়, তালিকা, চালান
Invoke, *v.* Invocate শব্দ দেখ
Involve, *v.* জড়িত-ক, গুস্ত-ক, জড়িয়া-বাঁধ, শামিল-ক, পেঁচে বা ফাঁদে-ফেল [চ্ছায়
Involuntarily, *ad.* অপর্য্যাপ্তে, অসাধে, অনি-
Involuntary, *a.* অপর্য্যাপ্ত, অনিচ্ছ, অনিচ্ছু

Involution, *s.* গুটান, জড়ান, পেঁচ, পাক
Inure, *v. a.* অভ্যাস-ক বা করা, পুনঃ২ ব্যবহার দ্বারা পারক-ক [ব্যবহার
Inurement, *s.* অভ্যাস, সংস্কার, পুনঃপুনঃ
Inutile, *a.* ব্যর্থ, নিরর্থক, বৃথা, পণ্ড, নিষ্ফল
Inutility, *s.* অনুপযোগিতা, অনর্থকারিতা, ব্যর্থতা, অনর্থকতা, নিষ্ফলত্ব, পণ্ডশ্রম
Invulnerable, *a.* অনাঘাতনীয়, অভেদ্য
Inward, Inwardly, *ad.* অভ্যন্তরে, অন্তরে, ভিতরে; মনের মধ্যে, গোপনে, গুপ্তে
Inward, *a.* অন্তর্বর্ত্তি, অভ্যন্তর, অন্তরস্থ, আন্ত্রিক, অন্তরিত, আন্তরিক [র্বর্ত্তিতা
Inwardness, *s.* অভ্যন্তরতা, আন্ত্রিকতা, অন্ত-
Inwrap, *v. a.* জড়া, মোড়ক-ক; পেঁচে-ফেল
Inwreathe, *v.* মাল্য-পরা, মাল্য বেষ্টিত-ক
Inwrought, *a.* শিল্পকর্ম্ম জড়িত বা বিশিষ্ট
Ionic, *a.* গৃহনির্ম্মাণবিদ্যায় গুন্থনের এক ধারা
Ipecacuanha, *s.* বমনকারী ঔষধ বিশেষ
Irascible, *a.* উগ্র, আশুকোপী, রাগাল
Irascibleness, *s.* আশুকোপ, উগ্রতা, ক্রোধ
Ire, *s.* কোপ, রাগ, ক্রোধ, উষ্মা, আক্রোশ
Ireful, *a.* কোপান্বিত, ক্রোধী, রাগী, প্রচণ্ড
Iris, *s.* ইন্দ্রধনুক, শুক্রধনুক; (*of the eye*) উপতারা, চক্ষুর তারামণ্ডল [কঠিন
Irksome, *a.* ক্লান্তিকর, ক্লেশদ, দুঃখদ, দুষ্কর,
Iron, *s.* অয়স্, লৌহ, কান্ত, লোহা; *a.* লৌহজাত, লৌহনির্ম্মিত, কঠিন, নিষ্ঠুর, নির্দয়
Iron, *v. a.* বস্ত্র শাঁক-ক, কাপড় ইস্ত্রি-ক
Ironical, *a.* অবক্ষেপক, ব্যঙ্গ বা শ্লেষযুক্ত
Ironically, *ad.* শ্লেষবাক্যে, অবক্ষেপপূর্ব্বক
Iron-monger, *s.* লৌহ দ্রব্যব্যবসায়ী, কামার
Iron-mould, *s.* বস্ত্রে লোহার চিহ্ন বা দাগ
Irons, *s.* নিগড়, শৃঙ্খল, বেড়ী, হাতকড়ি
Irony, *s.* অবক্ষেপ, ব্যঙ্গোক্তি, শ্লেষ, দ্ব্যর্থবাক্য
Irradiance, or Irradiancy, *s.* দ্যুতি, দীপ্তি, আভা, উজ্জ্বল, রশ্মিপাত
Irradiate, *v. a.* উজ্জ্বল-ক, দীপ্তিমান-ক, দীপ্তি আভা বা দ্যুতি-ক, জ্ঞানোজ্জ্বল-ক
Irradiation, *s.* দীপ্তি করণ, উজ্জ্বলতা, দীপ্তি, তেজ, শোভা, আভা, জ্ঞানোদয়
Irrational, *a.* বুদ্ধিরহিত, পশুবৎ, অজ্ঞান, নির্ব্বোধ, অনর্থক, অযুক্তিসিদ্ধ
Irrationality, *s.* বুদ্ধিরাহিত্য, পশুত্ব, পশুবৎ স্বভাব, অনর্থকতা
Irrationally, *ad.* অযুক্তিপূর্ব্বক, পশুবদ্রূপে, অনর্থক বাক্যদ্বারা, বুদ্ধিরাহিত্যরূপে

Irreclaimable, *a.* অপুনঃপ্রাপ্য, অবশ্য, অশোধনীয়, অতিদুষ্ট [অকরণীয়
Irreconcilable, *a.* অশাম্য, ঐক্য বা পুনর্ম্মিল
Irreconcilably, *ad.* অশাম্যতারূপে
Irrecoverable, *a.* পুনরপ্রাপ্য, অনুদ্ধরণীয়, ফের পাইবার নয় [পূর্ব্বক, নিরুপায়ে
Irrecoverably, *ad.* অনুদ্ধার্য্যরূপে, অনুদ্ধার-
Irreducible, *a.* হ্রাসাযোগ্য, অক্ষয়ণীয়
Irrefragability, *s.* অপরিহার্য্যতা, অখণ্ডনীয়ত্ব, অকাট্যতা, যুক্তিসিদ্ধি
Irrefragable, *a.* অটল, অকাট্য, অখণ্ডনীয়, সপ্রমাণ, যুক্তিসিদ্ধ, অপরিহার্য্য
Irrefragably, *ad.* সপ্রামাণ্যরূপে, অখণ্ড্য অটল বা অকাট্য রূপে [অটল, সপ্রমাণ
Irrefutable, *a.* অপরিহার্য্য, অখণ্ড্য, অকাট্য,
Irregular, *a.* অনিয়ম, অযন্ত্রিত, অনিয়মিত, অব্যবস্থিত, অরীতিমত, অশাস্ত্র, অবিহিত, বিষম, অক্রমাগত, এলুয়ামেলুয়া
Irregularity, *s.* অক্রম, উৎক্রম, নিয়মাভাব, ব্যতিক্রম, ব্যবস্থালঙ্ঘন, অপরিমিতাচার
Irregularly, *ad.* অনিয়মপূর্ব্বক, অনিয়মিত বা অবিহিত রূপে, এলুয়ামেলুয়া
Irregulate, *v. a.* অনিয়ম-ক, অনিয়মিত-ক
Irrelative, *a.* নিঃসম্বন্ধ, নিঃসমন্বয়, অসংসৃষ্ট
Irrelatively, *ad.* নিঃসম্বন্ধে, নিঃসমন্বয়ে
Irrelevant, *a.* অনাহত, অপ্রয়োজনীয়, অসঙ্গত, অনুপযোগী
Irreligion, *s.* অক্রিয়া, অধর্ম্ম, অধার্ম্মিকতা, ধর্ম্মরাহিত্য, নাস্তিকতা
Irreligious, *a.* অক্রিয়ান্বিত, অপুণ্যবান, অধার্ম্মিক, অধর্ম্মী, নাস্তিক, পাষণ্ড
Irreligiously, *ad.* অধর্ম্ম বা নাস্তিকতাক্রমে
Irremeable, *a.* পুনরাগমন হয় না যাহার
Irremediable, *a.* অনুপায়, নিরুপায়, অচিকিৎস্য, অপ্রতীকার্য্য [মার্জনীয়
Irremissible, *a.* অক্ষমণীয়, অমোচনীয়, অ-
Irremoveable, *a.* অলড়নীয়, অচালনীয়, অটল, অচল, স্থাবর [নিরুপায়
Irreparable, *a.* অনুদ্ধরণীয়, অপ্রতীকার্য্য,
Irreparably, *ad.* নিরুপায়ে, অপ্রতীকার্য্যরূপে
Irrepleviable, *a.* অনুদ্ধার্য্য, অনুদ্ধরণীয়
Irreprehensible, *a.* অনিন্দনীয়, অদূষ্য
Irreprehensibly, *ad.* অনিন্দ্য বা অদূষ্যরূপে
Irrepresentable, *a.* অনিবেদ্য, অনাবেদ্য
Irreproachable, *a.* অনিন্দ্য, অভর্ৎসনীয়, অদূষ্য, অপবাদাযোগ্য, নিখুঁত, নিষ্কলঙ্ক

Irreproveable, অতিরস্কার্য্য, অদূষ্য, অনিন্দ্য
Irresistibility, *s.* অনিবার্য্যতা, অপ্রতিবন্ধকতা
Irresistible, *a.* অনিবার্য্য, প্রতিবন্ধকাযোগ্য
Irresistibly, অনিবার্য্যরূপে, প্রতিবন্ধাভাবে
Irresoluble, অভঞ্জনীয়, অগলনীয়, অদ্রবনীয়
Irresolute, *a.* অপ্রতিজ্ঞ, অদৃঢ় বা অস্থিরমনাঃ
Irresolutely, *ad.* অপ্রতিজ্ঞায়, অদার্ঢ্য মনে
Irresolution, *s.* অপ্রতিজ্ঞা, মনের অস্থৈর্য্য বা অদার্ঢ্য, চাঞ্চল্য, নিঃসাহস, সন্দেহ
Irrespective, *a.* কোন বিষয়াসম্পর্কীয় [ভাবে
Irrespectively, *ad.* কোন বিষয়ের সম্পর্কা-
Irresponsibility, *s.* দায় বা ঝুঁকী রাহিত্য
Irresponsible, *a.* ঝুঁকী বা দায় রহিত
Irretrievable, *a.* অপুনঃপ্রাপ্য, অনুদ্ধরণীয়
Irreverence, *s.* অনাদর, অসম্মান, অবজ্ঞা
Irreverent, *a.* অনাদরকারী, অবজ্ঞাকারী
Irreverently, *ad.* অবজ্ঞা বা অনাদর পূর্ব্বক
Irreversible, *a.* অপরাবর্ত্ত্য, অব্যর্থকরণীয়
Irrevocable, *a.* অপরাবর্ত্তনীয়, অটল, ব্যর্থ বা অন্যথা করণাযোগ্য, অখণ্ড্য [রূপে
Irrevocably, *ad.* অপরাবর্ত্ত্য অটল বা দৃঢ়-
Irrigate, *v.* ভূমি-সেঁচ্, ক্ষেত্রে জল-দে, ভিজা
Irrigation, *s.* ভূমি বা জল সেঁচন, আর্দ্রকরণ
Irritability, *s.* ক্রোধশীলতা, খেপানি, রাগ
Irritable, *a.* ক্রোধী, রাগী, কোপাসক্ত, ক্ষেপা
Irritate, *v. a.* ক্ষেপা, চিড়া, রোষা, কোপা, পীড়, বিরক্ত-ক, রাগান্বিত-ক ; বাড়া
Irritation, *s.* বিরক্ত করণ, কোপানি, রাগ, ক্ষেপানি, বৈরক্ত্য, জ্বালা, তাড়স, টিস্
Irruption, *s.* আক্রমণ, চড়াও, বলেতে প্রবেশ করণ ; বিস্ফোটক, ব্রণ, ফুস্কুড়ী
Is, *v.* আছে, আছেন, হয়, হয়েন ; যথা he *is*, সে আছে, তিনি আছেন, ইত্যাদি
Ischury, *s.* মূত্রকৃচ্ছ্র, মূত্রবন্ধ, কষ্টে প্রস্রাব
Isinglass, *s.* মৎস্যের অন্ত্রনির্ম্মিত শিরীস
Island, or Isle, *s.* জলবেষ্টিত ভূমি খণ্ড, দ্বীপ, উপদ্বীপ, চড়া, টাপু
Islander, *s.* উপদ্বীপ নিবাসী, দ্বীপবাসী
Islet, *s.* ছোট দ্বীপ, ক্ষুদ্র উপদ্বীপ
Isolated, *a.* পৃথক্‌কৃত, একাকী, নিভৃত স্থানবাসী, নিঃসঙ্গ, অলগ্ন, জুদা, অলগ্
Isosceles, *s.* সমদ্বিভুজবিশিষ্ট ত্রিকোণ
Israel, *s.* এব্রী বা যিহুদী লোকের সংজ্ঞা
Issue, *s.* শেষ, চূড়ান্ত ; ফল, শেষ ঘটনা ; সন্তান, সন্ততি ; নিঃসরণ, নির্গম, নির্ঝর ; শরীরের রস নিঃসরণার্থ ঘা বা পেশী ছিদ্র
Issue, *v.* প্রকাশ-ক, বিজ্ঞাপন-ক, নির্গত-হ, বাহির-হ, উদ্ভব-হ, উৎপন্ন-হ, সন্তান-হ
Issueless, *a.* নিঃসন্তান, নির্ব্বংশ, অপুত্রক
Isthmus, *s.* দুই দ্বীপের মধ্যস্থিত সুড়ী
It, *pron.* ক্লীবলিঙ্গবাচক সর্ব্বনাম, যথা ইহা, এ, উহা, ও, তাহা, তা [বা লোক
Italian, *a.* ইটালী দেশীয় ; *s.* তদ্দেশীয় ভাষা
Italics, *s. pl.* বক্রাকৃতি ছাপার অক্ষর বিশেষ
Itch, *s.* কচ্ছু, কণ্ডূয়া, খোস, পাঁচড়া, চুল্কনা, সুড়্‌সুড়ি ; নিয়ত বাসনা, দুরাশা
Itch, *v.* চুল্কা, খুজলা, সুড়্‌সুড়্-ক, কণ্ডূয়ন-ক
Itching, *s.* কণ্ডূয়ন, সুড়্‌সুড়ি, চুল্কনি, সুড়্‌সুড়নি
Itchy, *a.* কণ্ডূয়াবিশিষ্ট, সুড়্‌সুড়নিয়া
Item, *ad.* অপর, পুনশ্চ, আর, দফে
Item, *s.* ইঙ্গিত, সঙ্কেত, ঠার, ইশারা ; নূতন বিষয়, বিশেষ, বিশেষ বা অপর বস্তু
Iterate, *v.* পুনরুক্তি-ক, পুনরায় বা ফের-ক
Iteration, *s.* পুনরুক্তি, পুনরায় করণ বা কথন
Itinerant, ভ্রমণকারী, প্রর্য্যটনীয়া, ফিরণীয়া
Itinerary, *a.* ভ্রমণকারী ; *s.* দেশ ভ্রমণের বৃত্তান্ত বর্ণনা পুস্তক [আপনি, ইত্যাদি
Itself, *pron.* ক্লীবলিঙ্গ বোধে স্বয়ং, নিজে,
Ivory, *s.* কুঞ্জ, গজদন্ত, হস্তিদন্ত, হাতিদাঁত
Ivory, *a.* গজদন্তনির্ম্মিত, কুঞ্জময়
Ivory-black, *s.* চিক্কণ কাল রঙ্গ
Ivy, *s.* লতা বৃক্ষ বিশেষ

J, ইংলণ্ডীয় বর্ণমালার দশমাক্ষর ; সুগমার্থে J অক্ষর I অক্ষর হইতে পৃথক করিলাম
Jabber, *v. n.* বড়্‌বড়া, বক্‌বক্-ক
Jabberer, *s.* অস্পষ্টবক্তা, বকা, বড়্‌বড়্যা
Jacinth, *a.* ফিরোজ় মণি
Jack, *s.* জাহাজের ক্ষুদ্র পতাকা ; দম্‌কল, ফিক্‌না কল ; John নামের সঙ্কেত সংজ্ঞা
Jackal, *s.* শিবা, জম্বুক, শৃগাল, শেয়াল, গিদড়
Jackanapes, *s.* কপি, বানর ; ফুল্লারবিন্দ,
Jackass, *s.* খর, গর্দ্দভ, গাধা [বস্ত্রবিলাশী
Jackdaw, *s.* কাকবিশেষ
Jacket, *s.* অঙ্গরাখা, উপরের গাজামা
Jack-with-a-lantern, *s. See* Ignis-fatuus.
Jacobite, *s.* দ্বিতীয় যাকুব রাজার পক্ষপাতী
Jaculation, *s.* ক্ষেপণ, অস্ত্র নিক্ষেপ করণ
Jade, *s.* শ্রমক্লিষ্ট বা অকর্ম্মণ্য অশ্ব ; স্বৈরিণী, ভ্রষ্টা স্ত্রী ; *v. a.* শ্রান্ত-ক, ক্লান্ত-ক
Jadish, *a.* দুষ্ট, মন্দ, স্বৈরিণী বা কুলটাবৎ
Jagg, *v. a.* করাতবৎ দাঁত-কাট ; খাঁজ-কাট

Jagg, *s.* করাতবৎ দাঁত, দাড়; খাঁজ
Jagged, Jaggy, *a.* করাতের দাঁতের ন্যায়, দাড়যুক্ত; টোল পড়া, আবুড়া [ফাটক
Jail, *s.* কারাগার, বন্দিশালা, কয়েদখানা,
Jail-bird, *s.* কারাগরে থাকিয়াছে যে
Jailer, *s.* কারাগাররক্ষক, বন্দিপাল, নাজ়ীর
Jak-fruit, *s.* কণ্টকি ফল, কাঁটাল, কাঁঠাল
Jakes, *s.* বাহ্যস্থান, সেতখানা, পায়খানা
Jalap, *s.* ভেদকৌষধবিশেষ, গুলাবাসের মূল
Jam, *s.* মোরব্বা, মিঠাইবিশেষ; *v. a.* দুই দ্রব্যের মধ্যে বদ্ধ-ক, ঠাসিয়া-ভর
Jamb, *s.* চৌকাঠের বাজু
Janizary, *s.* তুরকীয় সৈন্যবিশেষ [মাস
January, *s.* ইংরাজী মাঘ, তৎসনের প্রথম
Japan, *s.* এক দেশ; রোগণ; (*-work*) রোগণী
Japan-earth, *s.* খদির, খএর, কথ [কর্ম্ম
Japanner, *s.* রোগণী কর্ম্মকারক
Jar, *v. n.* ঝমং বা ঝনং-ক, কর্কশ শব্দ-ক; অমিল বা অনৈক্য-হ, ঝকড়া-ক
Jar, *s.* ঝনাৎকার, ঝনঝন বা কর্কশ শব্দ; ঝকড়া; কুম্ভ, মৃৎপাত্র, জালা, মট্কা [ভাষা
Jargon, *s.* মিশ্রিত বা অস্পষ্ট বাক্য, নীচ-
Jarring, *s.* ঝনঝন শব্দ; ঝকড়া, কচ্কচি
Jasmine, Jessamine, *s.* বেল ফুল, মল্লিকা,
Jasper, *s.* সূর্য্যকান্ত মণি [চম্বেলী
Javelin, *s.* শূল্ফা, শল্য, শলাকা, সাং, বরশা
Jaundice, *s.* পাণ্ডুরোগ, কামলা, কামল, নেবা
Jaundiced, *a.* পাণ্ডুরোগবিশিষ্ট, কামলী
Jaunt, *v. n.* ভ্রমণ-ক, ফির; *s.* ভ্রমণ, বেড়ান
Jaw, *s.* চুয়াল, কস; (*-bone*) হনূ, কসাস্থি
Jay, *s.* পক্ষিবিশেষ; বস্ত্রবিলাসী
Jealous, *a.* জারাশঙ্কিত, সন্দেহী, সশঙ্কিত, সদা শঙ্কিত, জ্বলনশীল
Jealousy, *s.* জারাশঙ্কা, জ্বালা, শঙ্কা, সন্দেহ
Jeer, *v.* বিদ্রূপ-ব্যঙ্গ-ঠাট্টা-অবজ্ঞা-ক, চিড়া
Jehovah, *s.* এব্রীভাষায় যিহুহ, পরমেশ্বর
Jejune, *a.* ক্ষুধার্ত্ত; রসহীন, অনর্থক, নিষ্ফল, শূন্য, তুচ্ছ [শূন্যতা, তুচ্ছতা
Jejuneness, *s.* দারিদ্র্য; রসাভাব, অনর্থকতা,
Jelly, *s.* জমান মিঠাই বা মোরব্বা বিশেষ
Jenny, *s.* সূতা কাটন কল; (*-ass*) গর্দ্দভী
Jeopardous, *a.* আপদ বা সঙ্কটজনক, বিষম
Jeopardy, *s.* দায়, বিপদ সম্ভাবনা, ঝুঁকী, ভয়, শঙ্কা, আপদ, সঙ্কট, ঠকঠকী [টান
Jerk, *s.* ঝিঁকা, ঝোঁক, দমক, হেঁচকা, দম্কা-
Jerk, *v.* ঝিঁকা-মার, দম্কা বা হেঁচকা-টান

Jest, Jesting, *s.* শ্লেষ, বিদ্রূপ, কৌতুক, পরিহাস, গদ্দি, ফষ্টি, ভণ্ডতা, ঠাট্টা, ভাঁতি
Jester, *s.* পরিহাসক, কৌতুকী, ভণ্ড, মস্করা, গদ্দিকর্ত্তা, ফষ্ট্যা, ভাঁড়, ঠাট্টাবাজ
Jesuit, *s.* ইগ্নেসস্ লয়লা নামক ব্যক্তি কর্তৃক স্থাপিত মতাবলম্বী রুমীয় যাজক
Jesuitical, *a.* পর্ব্বোক্ত মত সম্পর্কীয়; ধূর্ত্ত, শঠ, প্রবঞ্চক, প্রতারক
Jesus, *s.* ঈশু, যীশু, জগতের ত্রাণকর্ত্তা
Jesus Christ, *s.* যীশু বা ঈশু খ্রীষ্ট, জগত্ত্রাতা
Jet, *s.* আকরীয় কাল প্রস্তর; ঝোরণা, নির্ঝর; *v.* বাহির-হ; বুক ফুলাইয়া-চল
Jetty, *a.* কাল প্রস্তরময়, তদপ্রস্তরবৎ কাল
Jew, *s.* ইস্রাইল, য়িহূদী বা এব্রী লোক; কাফর
Jewel, *s.* মণি, রত্ন, অভরণ, অলঙ্কার, গহনা
Jeweller, *s.* রত্নজীবী, মণিহারী, স্বর্ণকার,
Jewellery, মণিহারির ব্যবসায়দ্রব্য [জৌহরি
Jewess, *s.* য়িহূদী স্ত্রীলোক, য়িহূদীর স্ত্রী
Jewish, *a.* য়িহূদীয়, এব্রী, ইস্রাইলী [বিশেষ
Jew's-harp, *s.* মুচঙ্গ, মুর্চঙ্গ, লৌহ বাদ্যযন্ত্র-
Jib, *s.* জাহাজের সম্মুখের হেলিত মাস্তুল
Jib-boom, *s.* ঐ মাস্তুলের অগ্রের চৌড়া বাতা
Jig, *s.* বাদ্য বা নৃত্য বিশেষ
Jilt, *s.* পুরুষকে প্রীতির আশ্বাস দিয়া নৈরাশ করে যে স্ত্রী, অবিশ্বস্তা নায়িকা, প্রতারিকা; *v. a.* প্রতারণা-ক, ফাকি-দে
Jingle, *s.* ঝনাৎকার, ঝুনুরং ঝুনং বা ঝাঁজের শব্দ; *v.* ঝনং বা ঝুনুরং শব্দ-ক
Job, *s.* টুম্, টম্টাম্, ঠিকা বা ফাক্ড়া কর্ম্ম; *v.* সামান্য ব্যবসায় বা কিনাবেচা-ক, টুম্-টাম্-ক, রোকড়ের কায-ক, ঠিকা কর্ম্ম-ক
Jobber, *s.* ঠিকা বা রোকড়ের কর্ম্মকর্ত্তা, ক্রয় বিক্রয়কর্ত্তা, দালাল
Job-work, *s.* টুম্টাম্ ফাক্ড়া বা ঠিকা কর্ম্ম
Jobe, *v. a.* অনুযোগ-ক, ধমকা, শাসন-ক
Jockey, *s.* অশ্বব্যবসায়ী; অশ্বারূঢ়, চাবুকসবার, ঘোড়দৌড়ের ঘোড়ায় চড়ে যে; ঠগ
Jocose, Jocular, *a.* মস্করা, কৌতুকী, পরিহাসক, ফষ্ট্যা, রসিক, ভণ্ড, ঠাট্টাবাজ
Jocosely, *ad.* মস্করাম বা রসিকতা পূর্ব্বক, পরিহাস করিয়া, কৌতুকক্রমে, ঠাট্টায়
Jocoseness, or Jocularity *s.* রসিকতা, মস্করাম, কৌতুক, পরিহাস, ঠাট্টা
Jocund, *a.* রসিক, পুলকিত, হৃষ্ট, হাসকুটে, খেলাড়ু, প্রফুল্লচিত্ত [হাস্যভাবে
Jocundly, *ad.* রসিকতাক্রমে, পুলকিতরূপে,

Jog, or Joggle, *v.* ধাক্কা-দে, ঠেল, লাড়, ঠেস্-[মার
Jogger, *s.* ধীরেধীরে চলে যে
Jog-on, *v.* ধীরে গতি-ক, ধীরেধীরে-চল
Join, *v.* যুড়্, মিলা, যুড়িয়া-দে, সংশ্লেষ-ক, একত্র-ক, সংযোগ-ক, যোড়-দে
Joiner, *s.* সূত্রধর, ছুতার, উত্তম সূত্রধর
Joinery, *s.* সূত্রধরের কর্ম্ম, ছুতারের কায
Joining, *s.* সন্ধি, যোড়; (*in planks*) বাইন
Joint, *s.* সন্ধি, গ্রন্থি, পর্ব্ব, গাঁইট, গিরা; খাদ্যার্থ হত পশুর একাঙ্গ
Joint, *v. a.* গাঁটি২ পৃথক-ক; যোড়-দে
Joint, *a.* অংশিদের সাধারণ, সংসৃষ্ট, সংযুক্ত, নিবাঁট, ভাগাভাগি, মিলিত
Jointed, *a.* গ্রন্থি বা পর্ব্ব বিশিষ্ট, গাঁটিময়, গেঁটে; গাঁইট২ বা খান২ করিয়া কাটা
Jointer, *s.* ছুতারের বড় রেন্দা
Joint-heir, *s.* উত্তরাধিকারাংশী
Jointly, *ad.* এক সাথে, একত্র হইয়া, ভাগাভাগিতে, সাঝায়, মিলেজুলে [সহভোগিনী
Jointress, *s.* যৌতুক বিশিষ্টা স্ত্রী, অংশিনী,
Jointure, *s.* স্ত্রীধন, যৌতুক, বিধবার ন্যস্তধন
Joke, *s.* বিদ্রূপ, পরিহাস, গদ্দি, ফষ্টি, মস্করাম, ঠাট্টা, মজাক; *v.* গদ্দি, বিদ্রূপাদি-ক
Joker, *s.* কৌতুকী, বিদ্রূপী, ভণ্ড, ভাঁড়, পরিহাসক, মস্করা, ঠাট্টাবাজ
Jole, *s.* গণ্ডদেশ, গাল, মাছের মুড়া
Jollily, *ad.* সকৌতুকে, রসিকতা আমোদ বা হর্ষ পূর্ব্বক, সানন্দে
Jollity, *s.* হর্ষ, রসিকতা, কৌতুক, পরিহাস, আমোদ, আনন্দ, আহ্লাদ
Jolly, *a.* প্রফুল্ল, হৃষ্ট, পুলকিত, কৌতুকী, রসিক, রঙ্গিলা; সুন্দর, সুস্পষ্ট
Jolly-boat, *s.* জাহাজের ডিঙ্গী
Jolt, *v.* লড়, লড়া, দুল্, দুলা, লাড়াচাড়া-ক, হিলা, এদিকওদিক্-ক, ঠেলা বা ধাক্কা-দে
Jolt-head, *s.* মূঢ়, নির্ম্মেধ, মোটা বুদ্ধি
Jonquil, *s.* পুষ্পবিশেষ, গুলনর্গিশ্
Jostle, *v.* ঠেল্, ঠেলাঠেলি-ক, কুণুইর ঠেলা-দে
Jot, Iota, *s.* ক্ষুদ্র বস্তু, বিন্দুমাত্র, তিল, অনু
Jovial, *a.* কৌতুকী, রসিক, প্রফুল্ল, রঙ্গিলা
Jovially, *ad.* হর্ষপূর্ব্বক, কৌতুকক্রমে, রঙ্গে
Jovialness, *s.* রসিকতা, কৌতুক, আমোদ, হর্ষ
Journal, *s.* খোসড়া, জাব্দা বহি, রোজনামা; দৈনন্দিন বা সাময়িক প্রকাশিত সম্বাদপত্র
Journalist, *s.* পূর্ব্বোক্ত সম্বাদপত্র সম্পাদক লেখক বা প্রকাশক, রোজনামা নবিস
Journey, *s.* যাত্রা, চলি, দেশ পর্য্যটন বা ভ্রমণ, সফর; *v.* যাত্রা-ক, দেশ ভ্রমণ-ক
Journeyman, *s.* ঠিকা কর্ম্মকারক, বেতনীক
Joust, *s.* অস্ত্রক্রীড়া, মিথ্যা যুদ্ধ [শিল্পকর
Jowler *s.* শিকারী কুক্কুর
Joy, *s.* হৃষ্টি, হর্ষ, আমোদ, উল্লাস, হৃষ্টতা, আনন্দ, আহ্লাদ, তুষ্টি, খুশী
Joy, *v.* আনন্দ-ক, উল্লাস-ক, আমোদ-ক, তুষ্ট-হ বা ক, খুশী-হ বা ক, উল্লাসিত-হ
Joy-and-dejection, *ph.* হর্ষবিষাদ
Joyful, *a.* আনন্দমনাঃ, আনন্দিত, হৃষ্ট, তুষ্ট, হর্ষযুক্ত, সানন্দ, পুলকিত, হর্ষমাণ, সুখময়
Joyfully, *ad.* আনন্দিতরূপে, সানন্দে, হর্ষ বা আহ্লাদপূর্ব্বক, হৃষ্টচিত্তে
Joyfulness, *s.* আনন্দ, উল্লাস, মহাহ্লাদ
Joyless, *a.* নিরানন্দ, বিষণ্ণ, বিষাদী, উদাস
Joyous, *a.* হর্ষান্বিত, আনন্দিত, হর্ষযুক্ত, রসিক, প্রফুল্ল, পুলকিত
Jubilant, *s.* জয়প্রশংসাবাদী, জয়গানকারী
Jubilation, *s.* জয় প্রশংসা বা জয় ধ্বনি করণ
Jubilee, *s.* প্রতি ঊনপঞ্চাশ বৎসরান্তে উৎসব কাল, মহোৎসব, আমোদের সময়
Judaical, *a.* য়িহূদীয়, য়িহূদী লোকের
Judaism, *s.* য়িহূদী লোকের ধর্ম্ম বা মত
Judaize, *v.* য়িহূদীধর্ম্মাবলম্বন-ক, তন্মতে-চল
Judge, *s.* প্রাড়্বিবাক, বিচারকর্ত্তা, ন্যায়ক, নিয়মকর্ত্তা, নির্ণেতা, বিবেচক, জজ, কাজ্জি
Judge, *v. a.* চুকা, বিচার-ক, বিবেচনা-ক, নির্ণয়-ক, নিষ্পত্তি-ক, তজবিজ-ক
Judgment, *s.* বিচার, কর্ম্ম বা দোষাদোষ বিচার, নিষ্পত্তি; দণ্ডাজ্ঞা, বিচারকর্ত্তার আদেশ, বিধান; ঐশ্বরী কোপ, কহর, দৈবোৎপাত, দৈবঘটনা; বুদ্ধি, বোধ, বিবেচনা; (*day of*) মহাবিচারের দিন
Judgment-hall, *s.* বিচারের দালান
Judgment-seat, *s.* বিচারস্থান, বিচারাসন
Judicatory, *s.* ব্যবস্থান, বিচারস্থল, অদালত
Judicature, *s.* বিচার করণের ক্ষমতা বা অধিকার; (*court of*) ব্যবস্থান
Judicial, Judiciary, *a.* ন্যায়ী, বিচারকারী, বিচারসিদ্ধ, ন্যায়কারী, ব্যবস্থানুযায়ী
Judicially, *ad.* ন্যায়ানুসারে, ব্যবস্থাক্রমে
Judicious, *a.* সুবিবেচক, নিপুণ, পরিণামদর্শী, প্রজ্ঞ, বিজ্ঞ, জ্ঞানী, বহুদর্শী, সুবুদ্ধি
Judiciously, *ad.* বিজ্ঞরূপে, সুবিবেচনাপূর্ব্বক
Jug, *s.* জলপাত্রবিশেষ, কলস, ঘট, ভাণ্ড, ভাঁড়

Juggle, *v.* প্রতারণা-ক, ইন্দ্রজালিক ক্রীড়া-ক, ভোজবাজি বা ভেলকী-ক, ঢিট্‌বন্দি-ক
Juggle, *s.* ইন্দ্রজাল, কুহক, ভণ্ডামী, প্রবঞ্চনা, প্রতারণা, ভেলকী, ভোজবাজি, ছলনা
Juggler, *s.* ভোজ বিদ্যাবেত্তা, ভেল্‌কী, ভেলকিৱালা, বাজিকর, ঠগ, প্রতারক
Juggling, *pa.* ইন্দ্রজালিকা, মায়ী, বাজি বা ভেলকিকর, বঞ্চক ; *s.* ইন্দ্রজাল, ভেলকী
Jugular, *a.* কণ্ঠস্থ, গলার, গ্রীবাসম্বন্ধীয়
Jugulate, *v. a.* গ্রীবাচ্ছেদন-ক, গলা-কাট
Juice, *s.* সত্ত্ব, রস, নির্য্যাস, ক্বাথ, আরক
Juiceless, *a.* নীরস, সত্ত্বরহিত, শুষ্ক
Juiciness, *s.* রসালতা, রসময়তা, রসপূর্ণত্ব
Juicy, *a.* সরস, রসময়, রসযুক্ত, রসাল
Jujube, *s.* বদরী, কোল, কুল ফল, বইর
Julian-year, *s.* জুলীয়স্‌ কাইসর রাজার অব্দ
July, *s.* ইংরাজী শ্রাবণ, তৎসনের সপ্তম মাস
Jumart, *s.* বৃষ ও ঘোটকী জাত জন্তু
Jumble, *v.* মিশালগোশাল-ক, গাবড়্‌গঞ্জি-ক
Jumble, *s.* মিশালগোশাল, মিশ্রিত দ্রব্য
Jump, *v.* লাফ্‌, উল্লম্ফ-ক, লাফা, কুঁদ, ফাঁদ, ঝম্প-দে, লাফ-মার, ডিঙ্গা [ঝাঁপান
Jump, *s.* উল্লম্ফ, কুঁদন, লম্ফ, লাফ, ঝম্প,
Junction, *s.* যোগ, মিল, সংযোগ, সংশ্লেষ, সংসৃষ্টি, সন্ধি, ঐক্য, সঙ্গম
Juncture, *s.* সন্ধি, যোগ, যোড় ; কালের যোগ, যোগমাহাত্ম্য, বিশেষ সময়
June, *s.* ইংরাজী আষাঢ়, তৎসনের ষষ্ঠ মাস
Junior, *a.* অনুজ, অন্ত্যজ, কনিষ্ঠ, ছোট
Juniper, *s.* যে ফলেতে জিন মদ্য হয়
Junk, *s.* চীনদেশীয় পোত, পুরাতন কাছি বা
Junkate, *s.* গুপ্তভোজ, বনভোজ [হামার
Junto, *s.* কুচক্র, গুপ্তসমাজ, কুমন্ত্রির সভা
Jupiter, *s.* বৃহস্পতি গ্রহ ; গ্রীকদেশীয় দেবতা
Juridical, *a.* ব্যবস্থানে ব্যবহৃত [মতে
Juridically, *ad* ন্যায়তঃ, ব্যবস্থাক্রমে, বিচার
Jurisconsult, *s.* ব্যবস্থাদায়ক, স্মৃতিশাস্ত্রজ্ঞ
Jurisdiction, *s.* বিচার করণের ক্ষমতা বা অধিকার, অধিকারের সীমা [বিদ্যা
Jurisprudence, *s.* স্মৃতি, ধর্ম্মশাস্ত্র, ব্যবস্থা-
Jurist, *s.* ব্যবস্থাকর্ত্তা, বিধিজ্ঞ, স্মৃতিশাস্ত্রবেত্তা
Juror, Juryman, *s.* জুরী বা পঞ্চায়তের জন
Jury, *s.* দোষাদোষ যথার্থ বিচার করণার্থ ১২ বা ২৪ জনের সমাজ, পঞ্চায়ত, জুরী
Jury-mast, *s.* যুদ্ধে বা ঝড়ে ভগ্ন মাস্তুলের পরিবর্ত্ত ক্ষুদ্র ডোল বা মাস্তুল

Just, *a.* ধার্ম্মিক, যাথার্থিক, সাধু, যথার্থ, ন্যায্য, প্রকৃত, উপযুক্ত, ঠিক, সরল, খারা
Just, *ad.* ঠিক, প্রায়, শুধু, মাত্র, উত্তমরূপে
Justice, *s.* ন্যায়, যাথার্থ্য, ধর্ম্ম, নীতি, সুবিচার ; বিচারকর্ত্তা
Justiceship, *s.* বিচারকর্ত্তার পদ বা ক্ষমতা
Justiciary, *s.* বিচারকর্ত্তা, ন্যায় বিচারক
Justifiable, *a.* ন্যায্য করণার্হ, হেতুবিশিষ্ট, বিধিমত, অদণ্ডার্হ
Justifiably, *ad.* ন্যায়পূর্ব্বক, যথার্থতঃ
Justification, *s.* দোষ খণ্ডন, নির্দোষী করণ ; প্রতিবাদ, উত্তর, হেতুবাদ ; মুক্তি, পাপ-মোচন, পরপুণ্যে দোষ ক্ষমা
Justificator, *s.* নির্দোষিকর্ত্তা, মুক্তিদাতা
Justifier, *s.* নির্দোষি বা রক্ষাকর্ত্তা, প্রতিবাদী
Justify, *v.* প্রতিবাদ-ক, যাথার্থ্য সাব্যস্ত-ক, নির্দোষী-ক, পাপ ক্ষমা-ক
Justle, *v.* ধাক্কাধাক্কি-ক, ঠেলাঠেলি-ক
Justly, *ad.* যথার্থ প্রকৃত বা উপযুক্ত রূপে, ন্যায়পূর্ব্বক, ধর্ম্মতঃ, উচিতমতে
Justness, *s.* যাথার্থ্য, ন্যায়, ঔচিত্য, সত্যতা
Jut, *v.* বাহিরহইয়া-পড়, ফুঁড়িয়া বাহির-হ
Juvenile, *a.* যৌবনবিশিষ্ট, যুবা, তরুণ, যুব-কালীন, আবাল [বাল্যাবস্থা
Juvenility, *s.* যৌবনাবস্থা, যৌবন, যুবতা,
Juxta-position, *s.* নিকটানিকটি, নৈকট্যাবস্থা

K, বর্ণমালার একাদশাক্ষর ; *n* বর্ণের অগ্রে নিঃশব্দ হয়, যথা knap, knee, knife, &c.
Kalendar, *s.* পঞ্জিকা, পাঁজি [ক্ষার, ভস্ম
Kali, *s.* সামুদ্র শৈবাল যদ্ভস্মে কাঁচ জন্মে,
Kaw, *s.* কাকের রব, কা কা ; *v.* কা কা-ক
Keck, *v. n.* উকি-তোল, বমনোদ্রেক-হ
Keckle, *v.* কাছি বা হাসারে দড়ি-জড়া
Kecks, or Kecksy, *s.* শুষ্ক নলের ডাঁটা
Kedger, *s.* ক্ষুদ্র নঙ্গর, নদী নিক্ষিপ্য নঙ্গর
Keel, *s.* নৌকাদির মেরুদণ্ড, পানীতরাস
Keelhale, *v. a.* নাব্য মতে দোষি জনকে নৌকার তল দিয়া আড়পার করা দণ্ড-দে
Keen, *a.* প্রখর, তীব্র, তীক্ষ্ণ, ধারাল, খর, চোকাল, কটু, ব্যগ্র, উগ্র, কঠিন, শক্ত
Keenly, *ad.* তীক্ষ্ণতা ব্যগ্রতা বা কটুতা রূপে
Keenness, *s.* তীব্রতা, তীক্ষ্ণতা, ধার, উগ্রতা
Keep, *v. a.* রাখ, ধর, রক্ষা-ক, পালন-ক, পাল, পুষ্‌, প্রতিপালন-ক, সাবধানে-রাখ, চরা, চৌকি-দে, আটক-ক, আটকা, আগ্-

লা, ঠেকা, টেক, টাটকা-থাক, থাম, তিষ্ঠ; (-*back*,) লুকাইয়া-রাখ; (-*off*) দূরে-থাক; (-*up*) বজায়-রাখ; জাগ্রত-থাক; (-*under*) দমনে-রাখ; (*at home*) ঘরে-থাক [গার
Keep, *s.* আটক, কারাগার, দুর্গের বন্ধনা-
Keeper, *s.* রক্ষক, রক্ষিতা, রক্ষাকর্ত্তা, প্রতিপালক, পালক, রাখাল, পাল, রাখে যে; (*of the Privy Seal*) রাজমুদ্রা রক্ষক
Keeping, *s.* রক্ষাকরণ, আটক, রক্ষা, আশ্রয়
Keg, or Kag, *s.* ক্ষুদ্র পিপা
Kell, *s.* অন্ত্রাপ্লাবক; ব্যঞ্জন বিশেষ
Kelp, *s.* সমুদ্রীয় শৈবালের ক্ষার লবণ
Ken, *v. a.* দূর হইতে-দেখ, জান; *s.* দৃষ্টিগোচর, দৃষ্টিগতি, অবলোকন [নরদামা
Kennel, *s.* কুক্কুরাগার; এক ঝাঁক কুক্কুর;
Kept, Keep ক্রিয়ার অতীতকাল বাচক; যথা রক্ষিত, রাখিল, রাখিয়াছে, ইত্যাদি
Kerchief, *s.* মস্তকাচ্ছাদনী, গামছা, রুমাল
Kern, *s.* যাঁতা, চাকি; ঐরলণ্ডীয় সৈন্য
Kernel, *s.* শাঁস, ফলের শস্য
Kerseymere, *s.* উত্তম পশমী বস্ত্র বিশেষ
Ketch, *s.* দুই মাস্তলের ছোট জাহাজ
Kettle, *s.* কেতলী, জল উষ্ণ করণের পাত্র
Kettledrum, *s.* ধামসা, টিকারা, ঢক্কা, নাগরা, জয়ঢাক, পিত্তলের ডঙ্কা বা ডগর
Key, *s.* ছোড়ান, কুঁজি, কাঠী, চাবী; কঠিন বিষয়ের ব্যাখ্যা; নৌকার মাল তোলা ঘাট; বাদ্য যন্ত্রের স্বর চাবী
Key-hole, *s.* চাবীর ঘর, কুলুপের ছিদ্র
Key-stone, *s.* খিলানের মধ্যস্থ প্রস্তর
Kibe, *s.* পাদস্ফোট, গোড়মুড়ার ক্ষত
Kick, *v. a.* পদাঘাত-ক, চাটি বা লাথি-মার
Kick, *s.* পদাঘাত, লাথি, লাথ, চাটি
Kicking, *s.* পদাঘাত করণ, লাথি মারণ
Kid, *s.* ছাগ বৎস, অজা শাবক, হালবান
Kid, *v.* ছাগীর প্রসব-হ, অজা শাবক-হ
Kid-meat, *s.* ছাগ বৎসের মাংস
Kidnap, *v. a.* ছেলিয়া বা মানুষ চুরি-ক [যে
Kidnapper, *s.* ছেলিয়াধরা, মনুষ্য চুরি করে
Kidney, *s.* মেট্যা, গিলা, গুর্দা; (পরিহাসার্থে) জাতি, প্রকার, রকম, তর
Kidney-bean, *s.* শিম্বা, শিম্বী, শিম, ছিম
Kilderkin, *s.* বির মদ্যের দেড় মোন পরিমাণ
Kill, *v. a.* হন্, বধ্, মার, হত্যা-বধ-খুন-ক
Killer, *s.* হননকর্ত্তা, হত্যাকারী, ঘাতক, খুনী
Kiln, *s.* পাজা, ভাটি, উনান, আখা

Kimbo, *s.* বক্র, বাঁকা, খিলান করা
Kin, *s.* জ্ঞাতিতা, সম্পর্ক, সম্বন্ধ, আত্মীয় বর্গ, কুটুম্ব, জ্ঞাতি, এক জাতি, এক প্রকার
Kind, *a.* অনুগ্রাহক, হৃদ্য, দাতা, নম্র, দয়ালু, দয়াশীল, সদাশয়, কৃপালু, প্রসন্ন, কৃপাবান
Kind, *s.* বিশেষ স্বভাব, সাধারণ বর্গ, জাতি, আকার, রূপ, ধারা, প্রকার, তর, রকম
Kindle, *v.* জ্বল্, জ্বলা, জ্বলিয়া-উঠ, অগ্নি-ধরা; রোষা, রাগা, উস্কা, প্রবৃত্তি-জন্মা
Kindly, *ad.* কৃপাপুরঃসরে, অনুগ্রহ বা দয়াপূর্ব্বক, অনুগ্রহ করিয়া, অনুকূল হইয়া
Kindly, *a.* একধর্ম্মক; নম্র, কোমলস্বভাবী
Kindness, *s.* দাতৃত্ব, অনুগ্রহ, হৃদ্যতা, কৃপা
Kindred, *s.* আত্মীয়, জ্ঞাতিকুটুম্ব, বন্ধু লোক, সম্বন্ধ, সম্পর্ক, কুটুম্বতা, অন্তরঙ্গতা
Kindred, *a.* জ্ঞাতিতুল্য, গোত্রজ, সগোত্র, কুটুম্ব, সমজাতি, এক ধর্ম্মক
Kine, *s.* Cow শব্দের বহুবচন, গোসমূহ
King, *s.* নৃপ, নৃপাল, নৃপতি, অধিপ, ভূপ, ভূপাল, ভূপতি, রাজন্, রাজা, বাদশাহ
Kingcraft, *s.* রাজত্ব করণ কর্ম্ম বা বিদ্যা
Kingdom, *s.* অধিকার, রাজ্য, রাজত্ব, বাদ-
Kingfisher, *s.* মাছরাঙ্গা পক্ষী [শাহৎ
Kingly, Kinglike, *a.* রাজার, রাজতুল্য, নৃপ-
King's-bench, *s.* রাজ্যের মহা ব্যবস্থান [বৎ
King's-evil, *s.* গণ্ডমালা রোগ [শাহী
Kingship, *s.* নৃপতিত্ব, রাজপদ, রাজতা, বাদ-
Kinsfolk, *s.* জ্ঞাতিকুটুম্ব, বন্ধু লোক, ভাইবন্ধু
Kinsman, *s.* কুটুম্ব, জ্ঞাতি, বন্ধু, বান্ধব, স্বজন
Kinswoman, *s.* কুটুম্বিনী, স্ত্রী জ্ঞাতি
Kirk, *s.* স্কটলণ্ডীয় ভজনালয় গীর্জা বা মণ্ডলী
Kiss, *v. a.* চুম্, চুম্বন-ক, চুম্বা-দে, চুমা-খা
Kiss, *s.* চুম্বন, চুম্বা, চুমা [বা লও
Kit, *s.* কেটুয়া; ক্ষুদ্র সারিন্দা [বাবুর্চিখানা
Kitchen, *s.* রন্ধনাগার, পাকশালা, রান্নাঘর,
Kitchen-garden, *s.* তরিতরকারির বাগান
Kitchen-maid, *s.* পাচিকা, রান্ধুনী, বাবুর্চিনী
Kite, *s.* চিল্ল, চিল, আতায়ী; ঘুঁড়ি, ঢাউস্
Kitten, *s.* বিরাল ছানা; *v.* বিরালী প্রসব-হ
Klick, *v. n.* ঘড়ীবৎ শব্দ-ক, কেঁকেঁ শব্দ-ক
Klicking, *s.* ঘড়ীবৎ বা কেঁকেঁ শব্দ, কর্কশ শব্দ
Knab, *v.* কড়মড় করিয়া-কামড়া বা চর্ব্বণ-ক
Knack, *s.* দক্ষতা, পারকতা; দাঁড়া, অভ্যাস; ব্যবসায়ে নৈপুণ্য; কৌশল, উপায়; খেলনা
Knag, *s.* কাঠের গাঁইট; কিলক, গোঁজ, মেখ
Knaggy, *a.* আবড়া, গাঁইটময়, গেঁটে

Knap, *s.* ফুলা, আব্; কাপড়ের আঁস বা নালী সূতা; *v.* দংশ্; ভগ্ন-ক [কুচা, ঝোলা
Knapsack, Haversack, *s.* সৈন্যের পিটবোঁ-
Knare, Knur, Knurle, *s.* শক্ত গাঁইট বা গিরা
Knave, *s.* প্রবঞ্চক, প্রতারক, শঠ, ধূর্ত্ত, ঠগ, বঞ্চনাকর্ত্তা, জুয়াচোর; তাসের গোলাম
Knavery, *s.* প্রবঞ্চকতা, প্রতারণা, জুয়াচুরী, শঠতা, খলতা, চাতুরী, ঠগী, ধূর্ত্ততা, শাঠ্য
Knavish, *a.* বঞ্চনাকারী, ধূর্ত্ত, খল, দুষ্ট, শঠ
Knavishly, *ad.* শাঠ্যরূপে, প্রতারণাপূর্ব্বক
Knead, *v.* চট্কা, মাখ্, ছান্, মাখা, ছানা, দল্
Kneading-trough, *s.* ছানিবার পাত্র, কেঠুয়া, [তাগাড়ী
Knee, *s.* জানু, হাঁটু, আঁটু
Knee-deep, *a.* এক হাঁটু, হাঁটু পর্য্যন্ত
Kneel, *v. n.* হাঁটু গাড়, বীরাসনী-হ [ফল
Knee-pan, *a.* মালাইচাকি, হাঁটুরচাকী, জানু-
Kneeling, *s.* হাঁটুগাড়ন, বীরাসন [ধ্বনি
Knell, *s.* ঘণ্টার শব্দ, সমাধিকালীন ঘণ্টার-
Knew, Know ক্রিয়ার অতীতকাল, যথা জ্ঞাত-ছিলাম, জানিয়াছে, জানিল, ইত্যাদি
Knife, *s.* ছুরিকা, ছুরী, ছোরা; *(fish-)* বটী
Knight, *s.* যোদ্ধৃ কুলীনোপাধি; শতরঞ্চের
Knight, *v. a.* ঐ উপাধিবিশিষ্ট-ক [ঘোটক
Knight-errant, *s.* ভ্রমণকারি যোদ্ধৃকুলীন
Knighthood, *s.* যোদ্ধৃকুলীনের মর্য্যাদা বা পদ
Knightly, *a.* যোদ্ধৃ কুলীনের উপযুক্ত [লীন
Knight of the Garter, *s.* ফিতাধারী যোদ্ধৃকু-
Securely, *ad.* নির্বিঘ্নে, নির্ভয়ে, নিঃসন্দেহে
Security, *s.* প্রতিভূ, জামীন; রক্ষা, আশ্রয়; নির্ভয়তা, অভয়, নিরাপত্তি, নিঃশঙ্কা
Sedan, *s.* বুচা বা বসা পাল্কী, চৌকী, কেদেরা
Sedate, *a.* ধীর, অচঞ্চল, ভারী, গম্ভীর, অনুদ্বেগ, গভীর, গেরেম্বার, স্থির, শান্ত
Sedately, *ad.* ধীরে, ধৈর্য্য বা গাম্ভীর্য্য রূপে
Sedateness, *s.* ধৈর্য্য, মনঃস্থৈর্য্য, অচাঞ্চল্য
Sedative, *a.* উপশমকারী, সুস্থিরকারী
Sedentary, *a.* অচরক, অচরিষ্ণু, উপবেশ্য
Sediment, *s.* কল্ক, গাদ, মল, কাইট, খাঁকরি
Sedition, *s.* গণ্ডগোল, রাজদ্রোহ, দঙ্গা

Seditious, গণ্ডগোলীয়া, রাজদ্রোহী, দঙ্গাবাজ
Seduce, *v. a.* পরীক্ষা-ক, ভুলা, লোভ-দেখা, ফুস্‌লা, কুপথগামী-ক, সতীত্ব নাশ-ক
Seducer, *s.* বিপথে গমন করায় যে, ভ্রষ্টকর্ত্তা
Seducible, *a.* ভুলান বা কুপথে লওন যোগ্য
Seduction, or Seducement, *s.* ভুলানি, ভ্রান্তি, কুপথে লওয়ান, ভ্রষ্টকরণ, সতীত্ব নাশ
Sedulity, *s.* উদ্যোগ, পরিশ্রম, কর্ম্মশীলতা, অতিযত্ন, মনোনিবেশ
Sedulous, *a.* পরিশ্রমী, উদ্যোগী, মনোনিবেশী, শ্রমাশক্ত, কর্ম্মঠ, চালাক
See, *s.* প্রধান ধর্মাধ্যক্ষের অধিকার
See, *v.* নিরীক্ষণ-ক, দৃষ্টি-ক, দেখ্, হের, দর্শন-ক, অবলোকন-ক, মনোযোগ-ক
See, *intj.* দৃষ্টি কর, দেখ, মনোযোগ কর
Seed, *s.* অষ্টি, আঁঠি, বীচী, বীজ, বীর্য্য; মূল, আদি কারণ; সন্তান, বংশ, কুল; (*-bed,* or *-plot*) বীজডাঙ্গা, বীচতলা, বীচাড়ি
Seed, *v. n.* বীজোৎপন্ন-ক, বীজ বা অষ্টি-হ
Seedling, *s.* চারা, বীজাঙ্কুর, চারা গাছ
Seedsman, *s.* বপ্তা, বপনকর্ত্তা, বুননিয়া; বীজ [বিক্রেতা
Seedtime, *s.* বীজ বপন কাল
Seedy, *a.* বীজময়, অষ্টিময়, বীচীভরা
Seeing, *s.* দৃষ্টি, দর্শন, দেখন; *ad.* যে হেতুক
Seek, *v.* অনুসন্ধান- অন্বেষণ-ক, চেষ্টা-ক বা পা, ঢুঁড়, খুঁজ, তলাস-ক; যাজ্ঞা-ক, মাঙ্গ
Seem, *v.* অনুমান-হ, বোধ-হ, দর্শ্, দর্শন-হ, মনে-ক বা ধর, দেখা-যা, সদৃশ-হ [কল্প
Seeming, *s.* দর্শন, রূপ, আকার, ভাব, মতি,
Seemingly, *ad.* দৃষ্টতঃ, স্পষ্টতঃ, দর্শনেতে
Seemliness, *s.* সৌজন্য, শিষ্টতা, ঔচিত্য; সৌন্দর্য্য, রূপ, চারুতা, কান্তি
Seemly, *a.* শিষ্ট, সুজন, উপযুক্ত, উচিত, ভাল, কর্ত্তব্য, যোগ্য
Seen, *pa. a.* দৃষ্ট, দেখা; প্রবীণ, বিজ্ঞ, নিপুণ
Seer, *s.* ভাবিদর্শী, ভবিষ্যদ্বক্তা, ভাবিদর্শক
Seesaw, *s.* আন্দোলন, দোলন, ঝুলাঝুলি
Seethe, *v.* সিজ, সিজা, সিদ্ধ-হ বা ক, পাক-ক বা হ, ক্বাথ-ক; উষ্ণ-হ, তপ্ত-হ
Segar, or Cigar, *s.* চুরট, জড়ান দোকতা
Segment, *s.* ছিন্নাংশ; ধনুবৎ রেখা [রাখ
Segregate, *v. a.* পৃথক-ক, অলগ্ন-ক, তফাৎ-
Segregation, *s.* অন্য হইতে পৃথক করণ
Seignior, *s.* ইতালীয় উপাধি, অর্থাৎ অধিপ, প্রভু, মহারাজ, মহাশয়, বাবু
Seignorage, *s.* কর্তৃত্ব, শাসন; রাজ পরাক্রম স্বীকার; রাজ টঙ্কশালায় থান স্বর্ণ রূপ্যের পরিবর্ত্তে মুদ্রা লইবার রাজস্ব
Seine, *s.* মাছ ধরিবার জাল
Seizable, *a.* আক্রমণীয়, ধরিবার যোগ্য
Seize, *v.* আক্রমণ-ক, ধর, গ্রহণ-ক, ক্রোক-ক
Seizen, *s.* অধিকার করণ, স্বত্বভোগ
Seizure, *s.* আক্রমণ, ধরণ, গ্রহণ, ক্রোক; আক্রান্ত দ্রব্য; দখল
Selah, *ph.* অর্থাৎ ইহা মনে কর, সাবধান
Seldom, *ad.* কচিত, কখন২, কদাচিৎ, কদাচ
Select, *v. a.* বাছ্, চুন, বাছিয়া-লও, মনোনীত-ক, পসন্দ-ক [উত্তম, সুন্দর
Select, *a.* বাছা, চুনিন্দা, পসন্দ করা, বিশিষ্ট,
Selected, *a.* বাছা, মনোনীত বা পসন্দ করা
Selection, *s.* মনোনীত করণ, চুনন, বাছনী, সারসঙ্গ্রহ; মনোনীত বা বাছা দ্রব্য
Self, *pro.* স্বয়ং, আপনি, আত্ম, নিজে, নিজি, খোদ; (*-applause*) আত্মশ্লাঘা, চর্ভট্টি; (*-conceit*) আত্মগরীমা; (*-defence*) আত্মরক্ষা; (*-denial*) আত্মদমন, ইন্দ্রিয় নিগ্রহ; (*-existent*) স্বয়ম্ভু; (*-murder*) আত্মহত্যা; (*-praise*) আত্ম প্রশংসা, আত্ম শ্লাঘা; (*-preservation*) আত্মরক্ষা; (*-righteous*) স্বধর্ম্মজ্ঞানী, স্বধর্ম্মগর্ব্বী; (*-righteousness*) স্বধর্ম্মজ্ঞান, স্বধর্ম্মগর্ব্ব, স্বধার্ম্মিকতা
Selfish, *a.* আত্মগ্রাহী, আত্মম্ভরি, স্বার্থপর, স্বার্থী, খোদগরজ্জি, আত্মহিতাভিলাষী
Selfishness, *s.* আত্মগ্রাহিতা, স্বার্থপরতা
Selfsame, *s.* তৎ, তাই, সেই, ঐ, একই, একি
Sell, *v. a.* বিক্, বেচ্, বিক্রয়-ক, বিকী-ক
Seller, *s.* বিক্রেতা, বেচনিয়া, বিক্রয়কর্ত্তা
Selvage, *s.* বস্ত্রের পাইড় কিনারী বা আঁঙট
Selves, *s.* Self শব্দের বহুবচন; যথা *ourselves,* আমরা; *themselves,* তাহারা
Semblance, *s.* আভাস, আকার, অনুরূপ, প্রতিমূর্ত্তি, সাদৃশ্য, তুল্যতা
Semen, *s.* রেতঃ, শুক্র, বীর্য্য, বীজ [বুঝায়
Semi, কোন শব্দের অগ্রে যোগ হইলে অর্দ্ধ
Semiannular, *a.* অর্দ্ধ গোল, অর্দ্ধ চক্রাকৃতি
Semi-*breve*, or *-quaver*, *s.* বাদ্য স্বরবিশেষ
Semicircle, *s.* অর্দ্ধঘেরা, অর্দ্ধমণ্ডল, অর্দ্ধচক্র
Semicircular, *a.* অর্দ্ধগোল, অর্দ্ধমণ্ডলাকৃতি
Semicolon, *s.* পরিচ্ছেদার্থক চিহ্ন, যথা (;)
Semidiameter, *s.* অর্দ্ধব্যাস
Semifluid, *a.* অসম্পূর্ণ দ্রব, ঘোলাটিয়া
Semilunar, or Semilunary, *a.* অর্দ্ধচন্দ্রাকৃতি

Seminal, *a.* বীজসম্বন্ধীয়, বীর্য্য, মূলজ; (*-fluid*) রেতঃ, শুক্র, বীর্য্য, বীজ
Seminary, *s.* বিদ্যালয়, পাঠশালা, টোল
Semination, *s.* বুনন, বীজ বপন, বুনন ক্রিয়া
Seminific, *a.* বীজোৎপাদক, বীচীজনক
Semipellucid, *a.* অর্দ্ধস্বচ্ছ, আধ পরকলা
Semiperspicuous, *a.* সম্পূর্ণ স্পষ্ট নয়
Semivowel, *s.* অর্দ্ধস্বর, যথা *f l m n r s* [রত
Sempiternal, *a.* নিত্য, অনন্ত, অশেষ, অনব-
Sempiternity, *s.* নিত্যস্থায়িত্ব, অনন্তকাল
Sempstress, *s.* Seamstress শব্দ দেখ
Senate, *s.* রাজ কর্ম্মসম্পাদক মহাসভা
Senator, *s.* মহাসভাসজ্জন, রাজমন্ত্রী, অমাত্য
Send, *v. a.* প্রেরণ-ক, পাঠা, পাঠাইয়া-দে; (*-for*) মাঙ্গা, চাহিয়া বা ডাকিয়া-পাঠা
Senior, *a.* জ্যেষ্ঠ, অগ্রজ, বড়, প্রধান, অগ্রগণ্য
Seniority, *s.* জ্যেষ্ঠত্ব, প্রাধান্য, অগ্রগণ্যতা
Senna, *s.* শোণামুখির পাতা, ভেদক পত্র
Sensation, *s.* চেতনা, ইন্দ্রিয় দ্বারা জ্ঞান, চৈতন্য, বোধ, সান, সাড়
Sense, *s.* জ্ঞানেন্দ্রিয়, বুদ্ধি, জ্ঞান, চেতনা, বোধ; অভিপ্রায়, অর্থ, মানে
Sense of feeling, *s.* ত্বগ্‌জ্ঞান
Senseless, *a.* অচৈতন্য, নির্ব্বিগ্ন, নির্ব্বোধ, অজ্ঞান, অচেতন, মুগ্ধ, স্থূলবুদ্ধি, অবোধ
Sensibility, *s.* চৈতন্য, আশুবোধ, বেদনীয়ত্ব
Sensible, *a.* বেদনীয়, চেতনান্বিত, সচেতন, ইন্দ্রিয়গোচর, প্রজ্ঞ, বুদ্ধিমান
Sensibly, *ad.* ইন্দ্রিয়গোচরে, স্পষ্টে, বুদ্ধিক্রমে, সচেতনায়, জ্ঞানপূর্ব্বক
Sensitive, *a.* সচেতন, চেতনান্বিত, চেতনাবিশিষ্ট; (*-plant*) লাজুক, ছুয়ামুয়া গাছ
Sensorium, *s.* চেতঃ, জ্ঞানেন্দ্রিয়
Sensual, *a.* ইন্দ্রিয়সুখাসক্ত, শারীরিক সুখাভিলাষী, শিশ্নোদরপরায়ণ
Sensualist, *s.* শারীরিক সুখাভিলাষী [লাষ
Sensuality, *s.* ইন্দ্রিয় বা শারীরিক সুখাভি-
Sensualize, *v. a.* শারীরিক সুখাভিলাষী-ক
Sensually, *ad.* ইন্দ্রিয়সুখেচ্ছায়, কামভাবে
Sent, Send ক্রিয়াতীতকাল; প্রেরিত, পাঠান
Sentence, *s.* দণ্ডাজ্ঞা, বিচারান্তর ব্যবস্থা; বচন, বাক্য, প্রকরণ, পদ [বস্থা-দে
Sentence, *v. a.* দণ্ডাজ্ঞা-দে, বিচারান্তর ব্য-
Sententious, *a.* সংক্ষিপ্ত, চুম্বক, সংক্ষেপ বা সার বাক্যবিশিষ্ট
Sentient, *a.* বোধক্ষম, সচেতন, জ্ঞানবিশিষ্ট
Sentiment, *s.* চিন্তা, ভাবনা, জ্ঞান, মনস্থ, ভাব, মতি, আশয়, অভিপ্রায়, মত
Sentimental, *a.* চিন্তাকারী, ভাবজ্ঞাপক, ভাবক, করুণাদি রসবিশিষ্ট [দার, সান্ত্রী
Sentinel, or Sentry, *s.* রক্ষক, প্রহরী, চৌকি-
Separable, *a.* পৃথক্করণীয়, বিযোজ্য, বিভিন্নযোগ্য, ছেদনী, বিচ্ছেত্তব্য, বিচ্ছেদ্য
Separate, *v. a.* ভাঙ্গ, ভেদ-ক, পৃথক-ক, বিভিন্ন-ক, বিচ্ছেদ-ক, ভিন্ন-ক, তফাৎ-ক
Separate, Separated, *a.* পৃথক্, ভিন্ন, অলগ্ন, তফাৎ, বিভিন্ন, স্বতন্ত্র, বিযুক্ত [হইয়া
Separately, *ad.* পৃথক২, ভিন্ন২, একে২, স্বতন্ত্র
Separation, *s.* পৃথক্করণ, পার্থক্য, বিভেদ, বিভিন্নতা, বিয়োগ, বিচ্ছেদ, ছাড়াছাড়ি
Separatist, *s.* Schismatic শব্দ দেখ
Septangular, *a.* সপ্তাস্রী, সাতপলীয়া
September, *s.* ইংরাজী আশ্বিন, ইংরাজী সনের নবম মাস
Septenary, *s.* সপ্তাঙ্ক; *a.* সাপ্তিক
Septennial, *a.* সপ্তবর্ষীয়, সাত বৎসরীয়
Septic, or Septical, *a.* পচানীয়া, দুরিতকারী
Septilateral, *a.* সপ্তাস্র, সাতকোণা [প্ত্যক
Septuagenary, Septuagesimal, *a.* সপ্ততি স-
Septuagint, *s.* দ্বিসপ্ততি জনকর্তৃক ব্যাখ্যাকৃত প্রাচীন গ্রীক ভাষায় যে আদিপুস্তক
Septuple, *a.* সপ্তগুণ, সাতগুণ, সাতহারা
Septum, *s.* নাসাছিদ্রের ব্যবধান
Sepulchral, *a.* কবরবিষয়ক, সমাধিসম্বন্ধীয়
Sepulchre, *s.* শ্মশান, সমাধি স্থান, শবের মন্দির, সমাধি, গোর, কবর [দেওন
Sepulture, *s.* মৃত্তিকাতে সমর্পণ, সমাধি, গোর
Sequel, *s.* শেষ, শেষ ভাগ; অনুবৃত্তি, ফল
Sequence, অনুক্রম, শ্রেণী, পর্য্যায়, পারম্পর্য্য
Sequent, *a.* অনুগামী, অনুবর্ত্তী; ফলার্থক
Sequester, *v. a.* পৃথক-ক, এক দিগে-রাখ; ক্রোক-ক, আটক-ক, স্বত্ব নিবারণ-ক
Sequestrable, *a.* পৃথক্করণীয়; আটকযোগ্য
Sequestration, *s.* পৃথক রাখন, পার্থক্য; আটক, ক্রোক; বিরলে বা নির্জনে থাকন
Sequestrator, *s.* আটককারক, ক্রোককর্ত্তা
Seraglio, *s.* অন্তঃপুর, হরাম, চোরমহল, জ়না-
Seraph, *s.* ঈশ্বরীয় বা স্বর্গীয় দিব্য দূত [না
Seraphic, *a.* দূতস্বরূপ, দিব্য দূতসম্বন্ধীয়; অতিসুন্দর, মনোহর, সুশুদ্ধ
Seraphim, *s. pl. of* Seraph, দিব্য দূতগণ
Sere, Seer, *a.* ম্লান, শুষ্ক, নিরস, মৃয়মান

Serenade, *s.* নিশাকালে নায়ক নায়িকার বিরহার্থিক গান বাদ্য [স্থির
Serene, *a.* ধীর, শান্ত, প্রসন্ন, নিথর, নির্বাত,
Serenely, *ad.* ধীরে, শান্তরূপে, স্থৈর্য্যমতে
Sereneness, Serenity, Serenitude, *s.* শান্তি, ধীরতা, স্থিরতা, মনের স্থৈর্য্য, মাধুর্য্য
Serf, *s.* কৃষি কর্ম্মের দাস, পরাধীন ব্যক্তি
Serge, *s.* এক প্রকার উর্ণাময় বস্ত্র
Sergeant, Serjeant, *s.* দণ্ডনায়ক, কোটাল; হাবালদার, দফাদার; আদালতের উকিল
Series, *s.* অনুক্রম, শ্রেণী, পংক্তি, প্রনালী, ক্রম, পারম্পর্য্য, আনুপূর্ব্ব
Serious, *a.* গম্ভীর, প্রগাঢ়, গুরুতর, গভীর, ভারী, ধীর, সচেষ্ট, মনোযোগী [পূর্ব্বক,
Seriously, *ad.* ধীরে, গভীররূপে, মনোযোগ-
Seriousness, *s.* ধীরতা, সচেষ্টা, মনোযোগ
Sermon, *s.* ধর্ম্মোপদেশ, ধর্ম্মপ্রসঙ্গ, ঘোষণা
Serous, *a.* জলুয়া, পানীসা, রসানিময়
Serpent, *s.* অহি, ভুজঙ্গ, সর্প, সাপ, ফণী, নাগ, অজাগর; বাদ্য যন্ত্রবিশেষ; নক্ষত্রবিশেষ; *met.* মহাসর্প, শয়তান, মহাশত্রু
Serpentine, *a.* সর্পাকৃতি, সর্পবৎ, কুণ্ডলীপাকান্যা, আঁকাবাঁকা, পেঁচাল [ডাড়াল
Serrate, Serrated, *a.* করাতবৎ দাড়াযুক্ত,
Serum, *s.* মেদ, রক্তানি, রসানি, কল্তানি
Servant, *s.* কিঙ্কর, দাস, সেবক, ভৃত্য, নফর, চাকর, পরিচারক, বেতনভুক
Serve, *v.* অধীন-হ, সেবা-ক, দাসত্ব-ক, কর্ম্ম-ক, চাকরি-ক, উপাসনা-ক; যোগা, উপকার-ক, সাহায্য-ক; (*-out*) বাড়, দে
Service, *s.* পরিচর্য্যা, উপাসনা, অধীনতা, দাসত্ব, সেবা, চাকরি, পদ, কর্ম্ম, কার্য্য; সাহায্য, উপকার; অর্চনা, আরাধনা, পূজা
Serviceable, *a.* কর্ম্মণ্য, কেজুয়া, কর্ম্মিষ্ঠ, উপযোগী, উপকারী, কর্ম্মোপযুক্ত
Servile, *a.* নীচাশয়, দাস্য, দাসবৎ, তন্ন্যায়, চরণসেবক, পায়পড়া, খুশামদীয়া
Servilely, *ad.* অধীনতা-দাসত্ব রূপে, দাস্যভাবে, পায়ে পড়িয়া, নীচ বা অধমরূপে
Servileness, Servility, *s.* অধীনতা, দাসত্ব, দাস্য, চরণসেবা, অধমতা, নীচত্ব, খুশামদ
Servitor, *s.* দাস, সেবক, অনুগামী, অনুচর
Servitude, *s.* দাস্য, অধীনতা, দাসত্ব, কৈঙ্কর্য্য
Sesamum, Sesame, *s.* তিল; (*-indicum*) কাল- [তিল
Sess, *s.* হার, চাঁদা, কর, রাজস্ব, টেক্স
Sessile, *a.* (in *bot.*) বৃন্তস্থ, বোঁটায় সংলগ্ন

Session, *s.* বৈসন; সভাকাল; সভা, বৈঠক, বিচারকর্ত্তা বা রাজমন্ত্রিগণের সমাজ
Set, *v.* অস্ত-হ, পাটে-বস্; জম, গাড়-হ; স্থাপন-ক, রাখ, বৈস, লাগা, বসা, খচিত-ক; পোৎ, আর্জ্জা, রোপণ-ক; (*-a tool*) শান-দে, শিল-দে, তীক্ষ্ণ-ক; (*-about*) প্রবর্ত্ত-হ; (*-aside*) ব্যর্থ-ক, রদ-ক; (*-forth*) দর্শা, প্রকাশ-ক; (*-in*) আরম্ভ-ক; (*-off* or *-out*) প্রস্থান-ক; *sun-set*, অস্ত কাল [অস্ত
Set, *s.* প্রস্থ, যোড়া; সম্প্রদায়, দল, তায়ফা;
Set, *pa. a.* ব্যবস্থিত, নিয়মিত, ক্রমাগত
Setaceous, *a.* শূকরলোম বা দৃঢ়লোমবিশিষ্ট
Set-off, *s.* প্রতীকার, প্রতিদান; অলঙ্করণ
Seton, *s.* কাটা ঘায়ে দিবার পলিতা
Settee, *s.* হেলানদার খাট বা আসনবিশেষ
Setter, *s.* বসায় যে; শিকারি কুকুরবিশেষ
Settle, *v.* অবস্থান-ক, বসতি-ক, বাস-ক, স্থাপন-ক; স্থির-ক বা হ, বৈস, বসা, থাম, থিৎ, থিতা, জম, ডুব; নির্ণয় নির্ধারণ বা নিষ্পত্তি-ক, বন্দোবস্ত-ক, রফা-ক
Settled, *a.* বসান; স্থির, নিষ্পন্ন, অবস্থিত, অবধারিত, নিয়মিত, নির্ণীত, নির্ধারিত
Settlement, *s.* বসতি করণ, অবস্থিতি, বাসস্থান, বসতি; নিষ্পত্তি, সমাধা, নির্ণয়, বিলী, বন্দোবস্ত, রফা; যৌতুক
Settler, *s.* অবস্থিতিকর্ত্তা, ভিন্ন দেশবাসী
Seven, *a.* সপ্ত, সাত; (*-fold*) সপ্তগুণ, সাতগুণ
Sevennight, or Se'nnight, *s.* সপ্তাহ
Seventeen, *a.* সপ্তদশ, সতর
Seventeenth, *a.* সপ্তদশ, সতরুঞি
Seventh, *a.* সপ্তক, সপ্তম, সাতঞি
Seventhly, *ad.* সপ্তমতঃ, সাত দফা
Seventieth, *a.* সত্তর, সপ্ততিতম
Seventy, *a.* সপ্ততি, সত্তরি, সত্তর
Sever, *v.* ভিন্ন-ক, বিচ্ছেদ-ক, বিয়োগ-ক, কাট, ছিন্ন-ক, পৃথক-ক, দ্বিভাগ-ক
Several, *a.* পৃথক, ভিন্নভিন্ন, অন্য; বিবিধ, কএক, অনেক, বিস্তর, বহুত
Severally, *ad.* প্রত্যেক, একে২, এক২করিয়া, পৃথক২, ভিন্ন২ বা বিশেষ রূপে
Severe, *a.* তীক্ষ্ণ, কটু, কঠিন, কঠোর, শক্ত, নির্দয়, নিষ্ঠুর, ক্রূর, দুর্জন, কষ্টজনক
Severely, *ad.* শক্তরূপে, নিষ্ঠুররূপে, ক্রূরতাপূর্ব্বক, কাঠিন্যরূপে, কটুবাক্যে [ঠিন্য
Severity, *s.* ক্রূরতা, নির্দয়তা, নিষ্ঠুরতা, কা-
Sew, *v.* সীব, সিঁআ, সূচিকর্ম্ম-ক, সেলাই-ক

Sewer, *s.* প্রণালিকা, প্রণালী, জুলী, নালী, পয়নালা, নরদমা, মুহরী [পুংজাতি
Sex, *s.* স্ত্রী পুং জাতি ভেদ, লিঙ্গ, স্ত্রীজাতি বা
Sexagenary, *a.* ষষ্টিবর্ষীয়, যাইট বৎসরের
Sexagesima, *s.* লেন্টের পূর্ব্ব দ্বিতীয় রবিবার
Sexagesimal, *a.* ষষ্টিতম, ষাটি২ করিয়া গণিত
Sexangular, *a.* ষড়াস্র, ষটকোণা, ছয় পলীয়া
Sexennial, *a.* ষড়বর্ষীয়, ছয়সনী, ছয়বৎসরীয়
Sextant, *s.* চক্রের ষড়াংশ; জ্যোতিষীয় যন্ত্র
Sexton, *s.* ধর্ম্মালয়ের কবরখনক ভৃত্য
Sextuple, *a.* ষড় গুণ, ছয় গুণ, ছয়হারা
Sexual, *a.* স্ত্রী ও পং জাতি সম্বন্ধীয় [রূপে
Shabbily, *ad.* কুৎসিত বা কদর্য্যমতে, কার্পণ্য-
Shabbiness, *s.* অপকৃষ্টতা, কুৎসিত ব্যবহার, নীচতা, কদর্য্যতা, কার্পণ্য [নিচ্চোড়, পাজী
Shabby, *a.* কুৎসিত, কদর্য্য, অপকৃষ্ট, কৃপণ,
Shackle, *v. a.* শৃঙ্খলে বদ্ধ-ক, বেড়ি-দে, জিঞ্জীর-দে, আটক-ক [বেড়ি, হাতকড়ি
Shackles, *s.* শৃঙ্খল, শিকল, শিকলী, জিঞ্জীর,
Shaddock, *s.* বাতাবি লেবু, কর্ণা নেবু?
Shade, *s.* ছায়া, আওতা, ব্যবধান, আবডাল, আচ্ছাদন; অপছায়া, ভূত; (*table-*) বর্ত্তি আচ্ছাদন, ফানস্; (*wall-*) দেয়ালগীর
Shade, *v. a.* আচ্ছন্ন-ক, ছায়া-ক বা দে, আওতা-ক, আড়াল-ক; আশ্রয়-দে
Shading, *s.* বর্ণের ভিন্ন২ তর আভা বা ছটা
Shadow, *s.* প্রতিবিম্ব, ছায়া, ছাঁ; আশ্রয়
Shadow, *v.* ছায়া-ক, ঘোর-ক, মেঘাচ্ছন্ন-ক
Shadowy, *a.* ছায়াময়, ছায়াবিশিষ্ট; দৃষ্টান্তাত্মক; অসার, মিথ্যা; ঘোর, অন্ধকার
Shady, *a.* অনাতপ, আওতা, ছায়াটিয়া, ছায়াযুক্ত, ছায়াময়, ছায়াবিশিষ্ট
Shaft, *s.* বাণ, শর, তীর; দেবালয়ের চুড়া; সুড়ঙ্গ পথ; অস্ত্রের বাঁট, হাতল
Shag, *s.* ঝাপ্ড়া কেশ; লোমের বস্ত্রবিশেষ
Shagged, or Shaggy, *a.* কেশব, লোমশ; ঝুম্রা, ঝাপ্ড়াঝুপ্ড়া, ঝাবড়া [চাম
Shagreen, *s.* কিমুক্ত, একতর মাছের তয়ারি
Shagreen, *v. a.* বিরক্ত-ক, রাগান্বিত-ক
Shagreened, *a.* দেক, বিরক্ত, রাগান্বিত
Shakal, *s.* ফেরু, ফেউ, শৃগাল, শেয়াল, জম্বুক
Shake, *v.* লড়, লাড়, টল, টলা, হেল, হেলা, কম্পবান-হ, কাঁপ, থর্থর্-ক, লাড়া-দে, ঝাঁকড়া; (*-hands*) প্রণয়ে হাত-দে বা মিলা
Shake, Shaking, *s.* কম্প, ঝোঁক, দোলন, লড়ন, কাঁপনি, থরথরানি, ঝাঁক্ড়ানি

Shall, *v.* ভবিষ্যৎকাল সূচক ক্রিয়াপদ, যথা I *shall* go, আমি যাইব [ক্ষীণ বুদ্ধি
Shallow, *a.* অগভীর, অল্প জল; স্থূল বা
Shallow, *s.* অগভীর স্থল, পুলীন, চড়া, রেতী, বালিয়া ভূমি [নির্ব্বুদ্ধিতা
Shallowness, *s.* অগাম্ভীর্য্য, চড়া ভাব; স্থূলতা,
Shalot, *s.* পলাণ্ডুবিশেষ, এক তর পেয়াজ
Shalt, ভবিষ্যৎকাল সূচক ক্রিয়াপদ যুষ্মদ শব্দযোগে ব্যবহার্য্য, যথা thou *shalt* go out, তুমি বাহিরে যাইবা
Sham, *v.* মিথ্যা করিয়া-দেখা, প্রতারণা-ক, ছল-ক, নেখ্রা-ক, কাপ্-ক, পেক্না-ক
Sham, *s.* ছল, ফাকি, প্রতারণা, কাপ্, নেখ্রা
Sham, *a.* কল্পিত, কৃত্রিম, অসার, মিথ্যা
Shambles, *s.* শূনা, কষাইখানা, খাদ্য মাংসবিক্রয় করণ স্থান [মান, শরম, হায়া
Shame, *s.* ব্রীড়া, ত্রপা, লজ্জা, লাজ, অপ-
Shame, *v.* অপমান-ক, লজ্জিত-ক, লজ্জা-দে
Shame-faced, *a.* লজ্জান্বিত, লজ্জালু, লাজুক, কুণুয়া, মুখচোরা, শরমিন্দা [বিশিষ্ট
Shameful, *a.* লজ্জাকর, অপমান্য, লজ্জা-
Shamefully, *ad.* লজ্জা বা অপমান পূর্ব্বক
Shameless, *a.* অত্রপ, ধৃষ্ট, নির্লজ্জ, বেহায়া,
Shamois, *s. see* Chamois. [ঢেঁটা, বেশরম
Shampoo, *v. a.* অঙ্গ বা গাত্রমর্দ্দন-ক, গা-চাপ
Shampooing, *s.* গাত্র মর্দ্দন, গা চাপন [বাঁট
Shank, *s.* পাদাস্থি, পায়ের নলি; অস্ত্রের
Shape, *v. a.* নির্ম্মাণ-ক, আকৃতি-ক, গঠ, গড়
Shape, *s.* আকার, গঠন, ডৌল, ঢপ, বেঁওত
Shapeless, *a.* বিরূপ, কদাকার, কুগঠন, বে-
Shard, *s.* খোলা, ঠিক্রি, খাপ্রা [ডৌল
Share, *s.* বণ্ট, অংশ, ভাগ, বখ্রা; ফাল
Share, *v.* বিভাগ-ক, ভাগী-হ, অংশ-ক, ভাগ-ক, বখ্রা-ক, বণ্টন-ক; কাট [দার
Sharer, *s.* অংশকর্ত্তা; অংশী, ভাগী, বখ্রা-
Shark, *s.* হাঙ্গর; জুয়াচোর, ছলী, ঠগ, ধূর্ত্ত
Sharp, *a.* খরশাণ, প্রখর, তীক্ষ্ণ, ধারাল, চোকাল, তীব্র; কটু, অম্ল, টক
Sharpen, *v.* প্রখর- তীক্ষ্ণ- চোকাল- ধার-ক, ধারাল-ক, শান-দে; প্রখর বুদ্ধি-ক
Sharper, *s.* ধূর্ত্ত, ঠগ, প্রতারক, ছলগ্রাহক, প্রবঞ্চক, ছলগ্রাহী, জুয়াচোর
Sharply, *ad.* সুধারে, প্রখর বা তীক্ষ্ণরূপে; দৃঢ় বা শক্তরূপে, পীড়াপূর্ব্বক
Sharpness, *s.* তীক্ষ্ণ, বুদ্ধির তীক্ষ্ণতা, প্রাখর্য্য, কাঠিন্য, তীক্ষ্ণতা, তীব্রতা, কটুতা

Sharp-set, *a.* ক্ষুধার্ত, অতীক্ষ্ণ, ব্যগ্র, উৎসুক
Sharp-shooter, *s.* প্রখর গুলীকারক সৈন্য
Sharp-sighted, *a.* তীক্ষ্ণদৃষ্টি, প্রখরদর্শী
Shatter, *v.* ভাঙ্গ, ভাঙ্গিয়া-ফেল, খণ্ড২-ক বা হ, খান২-টুকরা২-ক; হতবল-ক [চঞ্চল
Shatter-brained, *a.* অনবধানী, অমেধাবী,
Shave, *v. a.* ক্ষৌর-ক, মুণ্ড, কামা, ছোল, চাঁচ
Shaver, *s.* নাপিত, মুণ্ডক, নরসুন্দর, নাপ্তি; যে ছোলে; প্রবঞ্চক, ঠগ [রেন্দার কুচ
Shaving, *s.* কর্ত্তনী, কুচ, কুচি, চাঁচনি, চাঁচি,
Shawl, *s.* উত্তরীয় মেষউর্ণা বস্ত্র, শাল [উনি
She, *pron.* স্ত্রীলিঙ্গবাচক সংজ্ঞা; সে, তিনি,
Sheaf, *s.* আটি, পুলা, গল্লা, শস্যের আটি
Shear, *v.* কাচি-ক, কর্ত্তন-ক, মুণ্ড, কপ্‌চা, কপ্‌টা, কাট, ছাঁট [লোমচ্ছেদক
Shearer, Shearman, *s.* কাঁচিকর্ত্তা, মেষের
Shears, *s.* কর্ত্তরী, কর্ত্তরিকা, বড় কাঁচি, কর্ত্তনী
Sheath, *s.* কোষ, খাপ, খোল, গিলাফ্‌
Sheath, or Sheathe, *v. a.* খাপে বা কোষে-রাখ, খাপে বা খোলে-দে, গিলাফ্‌-পরা
Shed, *s.* কুটীর, কুঁড়িয়া, ঝুপড়ী, চালা, কুড়িয়া ঘর, একচালা, টং; রচনায় পাত, যথা *bloodshed*, রক্তপাত [ছিটা, বরিষ্‌
Shed, *v.* ঝর্‌, ঝরা, পাত-ক, পড়, ঢাল, ছড়া,
Sheep, *s.* মেষ, ভেড়া, মেড়া, গাড়র, গাড়ল; (*-cot, -fold*) ভেড়ার খোঁয়াড়ি [মুখচোরা
Sheepish, *a.* মেষবৎ, বোকা, ভীরু, লাজুক,
Sheepshearing, *s.* মেষমুণ্ডনকাল; তৎকালীন
Sheer, *a.* কেবল, সুধু, প্রকৃত, শুদ্ধ [উৎসব
Sheet, *s.* চাদর, দোপাটা; (*of paper*) তা, ফর্দ্দ; (*-iron, -lead*) লোহা বা সিসার চাদর
Sheet-anchor, *s.* জাহাজের বড় নঙ্গর; প্রধান
Sheeting, *s.* চাদর করিবার কাপড় [উপায়
Shekel, *s.* যিহূদীয় মুদ্রা, এক টাকার তুল্য
Shelf, *s.* আল্‌মারী, মঞ্চ, মাচা, তাক; চড়া
Shell, *s.* শঙ্খ, শাঁখ, কড়ি, ঝিনুক, শম্বুক, শামুক; খোল, ত্বক, ছাল, খোসা, ছিল্কা
Shell, *v.* ছোল্‌, ছিল, ছাল বা খোসা-ছাড়া
Shell-cutter, *s.* শঙ্খকার, শাঁখারি
Shellfish, *s.* সশঙ্খ মৎস্য, শামুক ঝিনুকাদি
Shelly, *a.* খোসা বা ছাল বিশিষ্ট, খোসাময়
Shelter, *s.* আড়াল, ওৎ, ছায়া, আশ্রয়, রক্ষা স্থান; রক্ষা, প্রতিপালন
Shelter, *v.* রক্ষা-ক, প্রতিপালন-ক, আশ্রয় দে বা লও, লুকাইয়া-রাখ, আবৃত-ক
Shelving, *a.* ঢালু, গড়ানিয়া, ক্রমনিম্নীকৃত

Shepherd, *s.* মেষরক্ষক, রাখাল, মেষপাল, গাড়রিয়া, মেষপালক, ভেড়ীবালা [নী
Shepherdess, *s.* মেষপালিকা, মেষ রাখাল-
Sherbet, *s.* পানা, চিনির পানা, শরবৎ
Sheriff, *s.* বর্ষীয় প্রধান প্রদেশাধ্যক্ষবিশেষ
Sherry, *s.* স্পানীয় মদিরাবিশেষ
Shew-bread, or Show-bread, *s.* দর্শনরুটী, ঈশ্বরোদ্দেশে উৎসর্জ্জিত পিষ্টক
Shew, *v.* Show শব্দ দেখ [ভদ্রের চিহ্ন
Shibboleth, *fig.* পক্ষের লক্ষণ, দলের ভদ্রা-
Shield, *s.* ফলক, ঢাল; রক্ষা, আশ্রয়
Shield, *v.* ঢাল-ধর, ঢালাবৃত-ক, রক্ষা-ক, বাঁচা, আশ্রয়-দে [লোকের কামিজ
Shift, *s.* উপায়, ফাকিজুকী, ছল, ফাকী; স্ত্রী-
Shift, *v.* পরিবর্ত্তন-ক, বদল-ক; কাপড়-ছাড় বা বদলা; স্থানান্তর-যা বা রাখ; ছল-ক
Shifter, *s.* ছলকর্ত্তা, শঠ, প্রবঞ্চক, ধূর্ত্ত, ঠগ
Shiftless, *a.* নিরুপায়, গতিরহিত, লাচার
Shilling, *s.* ইংলণ্ডীয় রৌপ্য মুদ্রা, আট আনা
Shillishalli, *s.* দ্বিধা, সন্দেহ, গড়িমসি [মূল্য
Shiloh, তদধিকারী, যাঁহার অধিকার আছে
Shily, *ad.* কাপট্যরূপে, অসারল্যক্রমে
Shin, *s.* পাদাগ্রভাগ, পায়ের নলা বা নলি
Shine, *v.* উজ্জ্বল-জিল্লা-হ, চক্‌২-ক, চক্‌মকা, ঝল্কা; শোভিত-হ; *s.* জিল্লা, চক্‌চকি
Shiness, *s.* অনিচ্ছুকতা, টেঁটামী, মুখচোরামি
Shingles, *s.* কোঁচড়িয়া দাদু; সরু ছাউনী পাটা
Shining, Shiny, *a.* দীপ্র, উজ্জ্বল, চক্‌মকিয়া
Ship, *s.* অর্ণবপোত, নৌ, ডিঙ্গা, দুনী, জাহাজ
Ship, *v. a* জাহাজে-তুল, জাহাজে বোঝাই-ক
Shipboard, *ad.* জাহাজে, নৌকায়, ডিঙ্গায়
Ship-chandler, *s.* জাহাজের আজাড়, দড়াদড়ি, ইত্যাদি ব্যবসায়ী
Ship-*man*, *s.* নাবিক; *-owner*, ডিঙ্গাপতি
Shipment, *s.* জাহাজ বোঝাই করণ; জাহাজে যত মাল বোঝাই হইল
Shipmate, *s.* একই জাহাজের চাকর, মিত্রদাস
Shipping, *s.* বহর, পোত বা জাহাজ সমূহ
Shipwreck, *s.* জাহাজমারী, নৌকাডুবি [হারা
Shipwreck, *v. a.* জাহাজ মারা-পড়; সর্ব্বস্ব-
Shipwright, *s.* জাহাজ নির্ম্মাণকর্ত্তা, জাহাজী-
Shire, *s.* নগরান্তঃপাতী দেশ, চাকলা [মিস্ত্রী
Shirk, *v.* পাতিচুরি-ক; উদর পূরণার্থে বাৎস-
Shirt, *s.* কামিজ্‌, ভিতর জামাবিশেষ [ল্য-ক
Shiver, *v.* কাঁপ, থর২-ক; খান২-হ, চূর্ণ-হ
Shivering, *s.* কম্প, কাঁপনী, থর্‌থরী

Shoal, *s.* ভিড়, গিজ্‌গিজ্‌, ঝাঁক ; পুলিন, চড়া
Shoaly, *a.* পুলিনময়, চড়াময়, অগভীর
Shock, *s.* ধাক্কা, ধমক, ঠেলা, ঠেস ; ঘৃণা, চিড়
Shock, *v.* ঠেস-মার বা লাগ ; ঘৃণা-জন্মা
Shocking, ঘৃণাকর, কদর্য্য, কুৎসিত, ভয়ানক
Shod, Shoe ক্রিয়াতীতকাল ; পাদুকাবিশিষ্ট, জুতা পরা ; নালবান্ধা [নাল
Shoe, *s.* উপানৎ, পাদুকা, জুতা ; (*of a horse*)
Shoe, *v. a.* জুতা-পরা ; (*a horse*) নাল বন্ধ-ক
Shoe-horn, *s.* জুতা পরিবার শৃঙ্গ [মুচী
Shoe-maker, *s.* পাদুকৃৎ, চর্ম্মকার, চামার,
Shoe-*string*, জুতার ফিতা ; -*boy*, জুতাবর্দার
Shone, Shine ক্রিয়াতীতকাল ; উজ্জ্বল হইল
Shook, Shake ক্রিয়াতীত কাল ; নাড়িলাম
Shoot, *s.* পল্লব, শাখা, অঙ্কুর, ফেঁকুড়ি
Shoot, *v.* অঙ্কুর বাহির-হ ; ছুড়্‌, গুলি-মার, গুলিক্ষেপ-ক ; বেদনার শূল-হ, টিস্‌-মার
Shooter, *s.* নিঃক্ষেপক, ধনুর্ধর, গুলি করে যে
Shooting, *s.* গুলি মারণ ; খোঁচানি বা শূল
Shop, *s.* বীথি, বিক্রয়শালা, দুকান, মুদিখানা
Shop-keeper, *s.* দুকানী, দুকানদার, মুদী
Shopman, *s.* বীথিকারের ভৃত্য, মুদীর চাকর
Shore, *s.* তট, তড়, তীর, কুল, কিনারা ; ঠেস,
Shorea-robusta, *s.* শাল বৃক্ষ [ফিক্‌না,
Shoreless, *a.* অকুল, অপার, অতট, তীরহীন
Shorn, Shear ক্রিয়াতীতকাল, মুণ্ডিত, মুড়ান
Short, *a.* হ্রস্ব, খর্ব্ব, অনায়ত্ত, খাট, ছোট, অপ্রতুল, কম, অল্প ; অপূর্ণ [ছাঁট
Shorten, *v.* হ্রস্ব-ক, ছোট-ক, খাট-ক, কম-ক,
Shorthand, *s.* সংক্ষেপ অক্ষরে লিখন
Shortlived, *a.* অল্পায়ুঃ, অচিরজীবী, অল্পকালস্থায়ী, অচিরস্থায়ী [ক্ষেপে
Shortly, *ad.* ত্বরায়, শীঘ্র, অবিলম্বে ; সং-
Shortness, *s.* হ্রস্বতা, খর্ব্বতা, অপ্রতুলতা, অল্পতা, অভাব, কম্‌তী, ঘাটতী
Short-sighted, *a.* অদূরদর্শী, ক্ষীণদৃষ্টি, অল্পদৃক, অবিবেকী [ছি ইত্যাদি
Shot, Shoot ক্রিয়াতীতকাল ; গুলি মারিয়া-
Shot, *s.* গুলি, ছিটা গুলি ; ছুড়ন, গুলি করণ
Should, আবশ্যকতা বা সংশয় বোধক ক্রিয়াপদ, যথা they *should* do unto you, তাহারা তোমার প্রতি করিবে ; it *should* not be so, এমত হইবে না, ইত্যাদি
Shoulder, *s.* স্কন্ধ, কাঁধ ; (-*belt*) পরতালা
Shoulder, *v.* স্কন্ধে-উঠা, কাঁধে-ক ; ঠেলা-মার
Shout, *s.* চিৎকার শব্দ, ডাক, হাঁক, জয়রব
Shout, *v.* চিৎকার-ক, হাঁক-মার, জয়ধ্বনি-ক
Shouting, *s.* ডাকন, হাঁকন, চিৎকার করণ
Shove, *v.* ঠেলিয়া-ফেল, ধাক্কা বা ঠেলা-মার
Shove, *s.* ঠেলন, ধাক্কা, ঠেলা, ঠেস
Shovel, *s.* হাতা, বেল্‌চা, খাড় কোদালি
Show, *v.* প্রকাশ-ক, দর্শা, দেখা ; প্রমাণ-দে, সাভ্যস্ত-ক, বুঝা, জানা, শিক্ষা-দে ; দৃশ্য-হ
Show, *s.* আভাস, দর্শন, দৃষ্টি ; সং, তামাসা, ঠাট, জাঁকজমক
Shower, *s.* পসলা, বৃষ্টিপাত, বর্ষা ; ছড়ান
Shower, *v.* ভিজা ; বর্ষা, বৃষ্টি-হ, বরিষ্‌ ; বহু দান-ক, ছিটা, ছড়া
Showery, *a.* প্রাবৃট, বর্ষাবৎ, বৃষ্টিময় [খান
Shown, Show ক্রিয়াতীতকাল ; দর্শিত, দে-
Showy, *a.* জাঁকাল, জম্‌কাল, রঙ্গিলা, ভড়ক্যা
Shrank, Shrink ক্রিয়াতীতকাল ; কোঁকড়ান
Shred, *s.* খণ্ড, টুকরা, ছাট, কুটি, কুচি
Shred, *v.* খণ্ড২-ক, কাট, কুটি২-ক [স্ত্রী
Shrew, *s.* কাণ্ঠী, কর্কশা কল্লা বা কুন্দলিয়া
Shrewd, *a.* সুবিবেকী, বিদগ্ধ, তীক্ষ্ণবুদ্ধি, ধীমান, সূক্ষ্মধী, ধূর্ত্ত, চতুর, শঠ, খল [ক্রমে
Shrewdly, *ad.* সুবিবেকে, বিদগ্ধরূপে, চাতুর্য্য-
Shrewdness, *s.* বিদগ্ধতা, চাতুর্য্য, ধূর্ত্ততা
Shriek, *v.* চিৎকার-ক, চেঁচা ; *s.* চিৎকার শব্দ
Shrill, *a.* জিলটানা, সূক্ষ্ম, তীক্ষ্ণ, অগভীর (স্বর)
Shrillness, *s.* জিল, স্বরের তীক্ষ্ণতা [বামন
Shrimp, *s.* ইঞ্চাক, চিঙ্গড়ী, ইচ্‌লামাচ ; খর্ব্ব,
Shrine, *s.* পুণ্য বস্তুর আধার, পুণ্যস্থান, তীর্থস্থান, দেবালয়, মন্দির, দর্গা
Shrink, *v.* সঙ্কুচিত-হ, কোঁকড়া, কুঁকড়িয়া-যা, জড়সড়-হ ; চমকিয়া-উঠ, ভয়ে ভীত-হ
Shrivel, *v. a.* সঙ্কুচিত-হ, কুঁকড়, তুবড়, তুবড়িয়া-যা, কোঁকড়া, কুঁকড়িয়া-যা
Shroud, *s.* চিতাবস্ত্র, শবাচ্ছাদনী ; আশ্রয়
Shroud, *v.* চিতাবস্ত্র-দে, আচ্ছন্ন-ক ; আশ্রয়-দে
Shrouds, *s.* জাহাজের মাস্তলের জাঙ্গি দড়া
Shrovetide, *s.* লেণ্টের পূর্ব্ব মঙ্গলবার
Shrub, *s.* গুল্ম, ঝাড়, ক্ষুদ্র বৃক্ষ ; নেবু ও মদ্য মিশ্রিত চীনির পানা [বাগান
Shrubbery, *s.* গুল্মময় উপবন, ক্ষুদ্র বৃক্ষের
Shrubby, *a.* গুল্মময়, গুল্মী, ঝাড়বিশিষ্ট
Shrug, *s.* খেদ ঘৃণা বা অবজ্ঞা প্রযুক্ত কাঁধ লাড়ন ; *v. a.* চম্‌কা, স্কন্ধদ্বয় উৎক্ষেপ-ক
Shrunk, Shrink ক্রিয়াতীতকাল ; কোঁকড়ান
Shudder, *v.* শিহরা, কাঁপ্‌, থর্‌থর্‌-ক, চম্‌কা
Shuffle, *v.* তাস-ভাঁজ বা মিশা, এলুয়ামেলু-

য়া-ক; প্রতারণা-ক, টালমটাল-ক, ভাঁড়াভাঁড়ি-ক; ভঙ্গীরঙ্গীতে গতি-ক [ভাঁড়াভাঁড়ি
Shuffle, *s.* এলুয়ামেলয়া করণ; টালমটাল,
Shuffler, *s.* টালমটালিয়া, প্রবঞ্চক, জুয়াচোর
Shuffling, *s.* ভাঁড়াভাঁড়ি, টালমটাল, জুয়াচুরী
Shun, *v.* ক্ষান্ত- অন্তর-হ, ত্যাগ-ক, ঘৃণা-ক, পলাইতে চেষ্টা-পা, এড়া, ছাড়
Shut, *v.* বন্ধ-ক, রুদ্ধ-ক, মুদিত-ক বা হ, আট্‌কা; পৃথক-ক; *a.* বন্ধ, রুদ্ধ, মুদিত
Shutter, *s.* রুদ্ধকর্ত্তা; কপাট, খিড়কি, আগড়
Shuttle, *s.* মাকু, তাঁতীর তুরী; (*-cock*) বালকের খেলনা বিশেষ
Shy, *a.* কুণো, বন্য, অনালাপী, লাজুক, মুখচোরা, সন্দেহী; সাবধান
Shyness, *s.* লাজুকতা, মুখচোরামি
Sibilant, *a.* শীশকারী, সর্পবৎ শব্দকারী
Sibilation, *s.* শীশ শব্দ, সর্পবৎ শব্দ
Sibyl, *s.* দেবাশ্রিতা ভবিষ্যদ্বক্ত্রী [করণ
Siccation, *s.* শুষ্ক হওন বা করণ, নীরস
Siccity, *s.* শুষ্কতা, নীরসভাব, জলের অভাব
Sice, *s.* পাসাদি খেলার ছক্কা
Sick, *a.* আময়াবী, অসুস্থ, পীড়িত, রোগী, রুগ্ন, বেআরাম; বিরক্ত, অতুষ্ট, ঘৃণাযুক্ত
Sicken, *v.* অসুস্থ-হ, রুগ্ন-হ, পীড়িত-হ বা ক; ন্যাকার-হ; বিরক্ত-ক; ক্ষয়-হ
Sickle, *s.* শস্যকর্ত্তনী, কাস্তিয়া, কাচি
Sickliness, *s.* অসুস্থতা, পীড়িতাবস্থা
Sickly, *a.* অসুস্থ, রুগ্ন, ক্ষীণ, দুর্ব্বল, কাহিল
Sickness, *s.* আময়, দেড়ী, ব্যাধি, রোগ, পীড়া, অস্বাস্থ্য, বেআরামী
Side, *s.* পার্শ্ব, দিগ, ধার, অঞ্চল, তরফ; পক্ষ, দল; (*of the body*) পঞ্জর, পাঁজর
Side, *a.* পার্শ্বস্থিত, পার্শ্বের, এক পার্শ্বিয়া
Side, *v. n.* পক্ষ-হ, পক্ষপাতী-হ [মেজ
Sideboard, *s.* ভক্ষ্যদ্রব্য রাখিবার পার্শ্বের
Sidelong, *a.* পার্শ্বস্থ; তের্চা, টেড়া, আড়; *ad.* পাশাপাশি, লম্বায়, পার্শ্বকরিয়া [সম্বন্ধীয়
Sideral, Sidereal, *a.* নক্ষত্রময়, অচল নক্ষত্র-
Side-saddle, *s.* স্ত্রীলোকের অশ্বাসন বা জিন্
Sidewise, *ad.* একপার্শ্বে, পাশাপাশি, আড়ে
Sidle, *v. n.* অপ্রশস্ত পথে বা আড় হইয়া-যা
Siege, *s.* নগর অবরোধ করণ, গড় বেষ্টন
Sieve, *s.* চালনী, ছাঁকনী, ঝাঁজরী
Sift, *v. a.* চাল, ছাক, ঝাড়; পরীক্ষা-ক
Sifter, *s.* ঝাড়ে বা চালে যে; চালনী [ছাড়
Sigh, *s.* দীর্ঘ নিশ্বাস, হাঁই; *v.* দীর্ঘ নিশ্বাস-
Sighing, *s.* হাই ছাড়ন, হাঁই হুতাস করণ
Sight, *s.* দর্শন, দৃষ্টি, চক্ষু; কৌতুক, সং
Sightless, *a.* অন্ধ, কাণা, দৃষ্টিহীণ; কদর্য্য
Sightliness, *s.* লাবণ্য, সৌন্দর্য্য, সুশ্রী, সুদর্শন
Sightly, *a.* চারু, সুন্দর, সুশ্রী, সুরূপ, সুশোভন
Sigil, *s.* ছাপ, মোহর; একতর টোনা, টোটকা
Sigmoid, Sigmoidal, *a.* সিগ্‌মা অক্ষরাকৃতি
Sign, *s.* সঙ্কেত, ঠার; লক্ষণ, চিহ্ন; (*wonder*) আশ্চর্য্য বা অদ্ভুৎ ক্রিয়া, দৈবঘটনা
Sign, *v. a.* স্বাক্ষর-ক, দস্তখত-ক; চিহ্ন-দে
Sign-manual, *s.* রাজার নিজ হস্তের স্বাক্ষর
Signal, *s.* ইঙ্গিত, ঠার, সঙ্কেত, চিহ্ন, ঈষারা
Signal, *a.* স্মরণীয়, আশ্চর্য্য, বিশেষ, অপূর্ব্ব
Signalize, *v. a.* প্রসিদ্ধ-ক, স্মরণীয়-ক
Signally, *ad.* অপূর্ব্ব প্রসিদ্ধ বা আশ্চর্য্যরূপে
Signature, *s.* স্বাক্ষর, সঙ্গ, দস্তখত, চিহ্ন, নিশানি; ছাপাকর্ম্মে ফর্দ্দ সংখ্যার চিহ্নাক্ষর
Signet, *s.* মুদ্রা, মোহর, রাজার মোহর
Significance, or Significancy, *s.* অর্থ, ভাব, অভিপ্রায়; শক্তি, বল; আবশ্যকতা
Significant, *a.* গুরু, ভারী, আবশ্যক; প্রতিপাদ্য; অর্থক, অর্থবোধক, ভাববিশিষ্ট
Significantly, *ad.* সুস্পষ্টে, ভাবার্থ করিয়া
Signification, *s.* অর্থ, মানে, ভাব, অভিপ্রায়
Signify, *v.* অর্থ-ক বা হ, কহ, বুঝা, জানা
Silence, *s.* মৌন, তুষ্ণীকতা, নিঃশব্দতা, চুপচাপ, চুপ, গোপন, স্থৈর্য্য, শান্তি
Silence, *v. a.* চুপ-করা, থামা, স্থির-ক
Silence, *intj.* চুপ, চুপ কর, স্থির হও, থাম
Silent, *a.* তুষ্ণীক, মৌনী, নিঃশব্দ, নীরব, অবাক, শান্ত, স্থির, চুপ [তুষ্ণীকরূপে
Silently, *ad.* মৌনে, চুপ করিয়া, নিঃশব্দে,
Silex, or Silica, *s.* স্ফটিক, ফটিক [ময়
Siliceous, *a.* অগ্নিপ্রস্তর নির্ম্মিত; ঐ প্রস্তর-
Silk, *s.* রেশম, পট্ট, পাট, তসর; (*-cloth*) গরদ, চেলি, পট্টবস্ত্র, শাটেন [শিমুল
Silk-cotton, *s.* শিমুল তুলা; (*-tree*) শালমলি,
Silken, Silky, *a.* রেশমী, পট্টময়, সুকোমল
Silk-*mercer*, পট্টব্যবসায়ী; *-weaver*, তসুরে
Silk-worm, *s.* তুন্তপোকা, গুটিপোকা [তাঁতী
Sill, *a.* অম্বুর, শিলা, দ্বারের গোবরাট
Silliness, *s.* অজ্ঞতা, নির্বুদ্ধিতা, মূঢ়তা, মূর্খতা, বোকামি, পাগলামি
Silly, *a.* কুণ্ঠ, নির্বোধ, মুর্খ, মূঢ়, বোকা, পাগলাটিয়া, হাবা, আনাড়ী
Silt, *s.* সমুদ্রের সূক্ষ্ম বালি, মৃত্তিকা, কর্দ্দম

Silvan, Sylvan, *a.* বন্য, বনময়; বনচর, বনজ
Silver, *s.* রজত, রূপ্য, রূপা, চাঁদি; টঙ্কাদি
Silver, *a.* রৌপ্য, রূপ্যময়, রূপার, রূপালী
Silver, *v. a.* রূপ্য মণ্ডিত-ক, রূপার কলাই-ক
Silversmith, *s.* স্বর্ণকার, সেকরা, শোনার
Similar, *a.* অনুসারী, তুল্য, সদৃশ, সমান, বরাবর, সম, একি [সমতা, তুল্যতা
Similarity, *s.* অনুসার, সাদৃশ্য, সমান ভাব,
Simile, *s.* দৃষ্টান্ত, উপমা, তুলনা
Similitude, *s.* সাদৃশ্য, উপমা, তুলনা
Simmer, *v. n.* অল্পে২ পাক বা সিদ্ধ-ক
Simony, *s.* ধর্ম্মপদ ক্রয় বিক্রয় করণাপরাধ
Simper, *s.* ঈষদ্ধাস্য, মুখ মুচকিয়া হাসি
Simper, *v. n.* ঈষদ্ধাস্য-ক, মুখ মুচকিয়া-হাস
Simple, *a.* সরল, নিষ্কপট, অকৃত্রিম; শুদ্ধ, নির্ভাঁজ; সিধা, সোজা, সহল, সহজ; হাবা, বোকা, অবুদ্ধি, ভোলা, আনাড়ী
Simple, *s.* সামান্য বা গাছড়া ঔষধ
Simpler, Simplist, *s.* গাছড়া ঔষধ বিক্রেতা
Simpleton, *s.* ক্ষীণবুদ্ধি বা অজ্ঞ ব্যক্তি, হাবা, মূর্খ, বোকা, আনাড়ী [মূর্খতা, অজ্ঞতা
Simplicity, *s.* শুদ্ধি, সারল্য, অকাপট্য;
Simplify, *v. a.* সহজ বা সোজা-ক, স্পষ্ট-ক
Simply, *ad.* সারল্যক্রমে, নিষ্কপটে, শুধু,
Simular, *s.* ছদ্মবেশী, খল, কপটী [কেবল
Simulate, *v. a.* ছদ্মবেশ-ধর, ছল-ক, ঠকা
Simulation, *s.* কাল্পনিকতা, কাপট্য, ছল
Simultaneous, *a.* এক কালে কর্ম্মকারী, সমকালীন, এক কালজ [ত্রুটি, ঘাইট
Sin, *s.* পাতক, পাপ, অঘ, অপরাধ, দোষ,
Sin, *v. n.* ঈশ্বরের আজ্ঞা লঙ্ঘন-ক, পাপ-ক, দোষ-ক, অপরাধ-ক, দোষী-হ
Since, *ad.* যদবধি, যদি, ইহার পূর্ব্বে, আগে
Since, *conj.* যে হেতুক; *prep.* পরে, পিছে
Sincere, *a.* সরল, অকপট, সাধু, ঋজু, নিষ্ঠা, ঠিক, শুদ্ধ, প্রকৃত, যথার্থ [সাধুতাক্রমে
Sincerely, *ad.* নিষ্ঠা বা সরলরূপে, নিষ্কপটে,
Sincereness, *s.* ঋজুতা, সারল্য, অকাপট্য
Sincerity, *s.* সারল্য, অকাপট্য, সত্যতা, যাথার্থ্য, শুদ্ধতা, সাধুতা, ঋজুতা [লভ্যপদ
Sinecure, *s.* বিনাকর্ম্মে বৃত্তি ভোগ, উপরি
Sinew, *s.* শিরা, শির, রগ; বল, সামর্থ্য
Sinewy, *a.* শিরাময়, বলী, সবল, বলবান
Sinful, *a.* পাতকী, পাপিষ্ঠ, অঘবান, পাপী, অধর্ম্মী, দুষ্কর্ম্মান্বিত, দুষ্কৃতী, দোষী
Sinfulness, *s.* পাতক, পাপ, অধর্ম্ম, দুষ্কর্ম্ম
Sing, *v.* গা, গান-ক, কীর্ত্তন-ক, ধ্বনি-গুন্২-ক
Singe, *v. a.* ঈষদ্দগ্ধ-ক, ঝলসা, অল্প-পুড়া
Singer, *s.* গাথক, গায়ক, গাইন, কীর্ত্তনীয়া
Singing, *s.* গান করণ, গান, মিষ্ট ধ্বনি করণ
Single, *a.* একমাত্র, একাকী, একলা, একহারা, একানিয়া, অদ্বৈত; অনূঢ়া, অবিবাহিত
Single, *v. a.* বাছ, বাছিয়া-লও, পৃথক-ক
Singleness, *s.* একাকিত্ব, একত্ব; সারল্য
Singly, *ad.* একাকিতঃ, একে২, প্রত্যেক, একেলা; কেবল, মাত্র, শুধু
Singular, *a.* এক, একমাত্র, একাই; বিশেষ, আশ্চর্য্য, শ্রেষ্ঠ, অদ্ভুত, অপূর্ব্ব
Singular-number, *s.* in *gram.* এক বচন
Singularity, *s.* অসাধারণ বা বিশেষ ভাব; আশ্চর্য্যতা, অদ্ভুতভাব
Singularly, *ad.* বিশেষে, আশ্চর্য্য-অপূর্ব্বমতে
Sinister, *a.* সব্য, বাম; অপ্রসন্ন, অমঙ্গল
Sink, *v.* মগ্ন-হ বা ক, তলিয়া-যা, ডুব, বুড়, বৈস্, ডুবা, বসা, চুপস্; ক্রমে২ দুর্ব্বল-হ
Sink, *s.* নরদমা, নালা, মুহরী, পয়নালা
Sinless, *a.* নিষ্পাপী, নিরপরাধী, নির্দোষী
Sinner, *s.* পাতকী, পাপী, দোষী, অপরাধী
Sin-offering, *s.* পাপনাশার্থক বলি বা নৈবে-
Sinuous, *a.* বক্র, পেঁচাল, পাকপড়া [দ্য
Sip, *v.* চুমুক দিয়া বা তারিফ করিয়া পান-ক, স্তোকে পান-ক, অল্পে২ পান-ক, চুমুক-দে
Sip, *s.* স্তোকে পান, চুমুক, ঘোঁট, ঢোক
Siphon, *s.* কোন বড় পাত্রহইতে জল নির্গত করিবার ধাতুনির্ম্মিত বক্র নল
Sir, *s.* সম্ভ্রমসূচক সংজ্ঞা, মহাশয়, ঠাকুর, সাহেব, বাবু; কুলীনের উপাধি
Sire, *s.* তাত, জনক, পিতা, ঠাকুর, বাপ; রাজোপাধি, রাজন, মহারাজ; পুং, নর
Sirens, *s.* কবিকল্পিত সমুদ্রীয় রাক্ষসী
Sirius, *s.* লব্ধক, সুহৈল তারা, নক্ষত্রবিশেষ
Sirloin, *s.* গবাদির কটিদেশ বা কমর
Sirname, *s.* Surname শব্দ দেখ [কুবায়ু
Sirocco, *s.* সিরীয়া দেশীয় দক্ষিণ পূর্ব্বীয়
Sirrah, *s.* অবজ্ঞাসূচক সংজ্ঞা, যথা ওরে, আরে, ওরে বেটা, হারে, রে
Sirrup, *s.* চিনির রস, মিষ্ট রস, শিরা
Sissoo, (*Dalbergia-*) *s.* শিংশপা, শিশু, অগুরুশিংশপা
Sister, *s.* সহোদরা, ভগিনী, বহিনী, বইন
Sisterhood, *s.* একি সম্প্রদায়ের স্ত্রীগণ, ভগিনীর সমাজ, ভগিনীত্ব

Sister-in-law, *s.* ভ্রাতৃবধূ, ভাউজ, ভাউই, জা, ননন্দ, ননদ, শালী, ইত্যাদি
Sisterly, *a.* ভগিনীবৎ, ভগিনী তুল্য
Sit, *v. a.* উপবেশন-ক, বৈস্, বসিয়া-থাক, বৈঠক-ক, সভা-ক
Site, *s.* স্থল, স্থান, বাস্তু, ঠাঁই, ভিত, অঞ্চল
Sitting, *s.* উপবেশন, বৈসন, বৈঠক, সভা
Situate, or Situated, *a.* স্থিত, স্থাপিত অবস্থিত; যে কোন অবস্থাপ্রাপ্ত
Situation, *s.* স্থল, স্থান, ঠাঁই, স্থিতি; পদ, কর্ম্ম, চাকরি; অবস্থা, গতি, দশা, হাল
Six, *a.* ষট্, ছয়; (*-score*) ছয় কুড়ি; (*-fold*) ছয় গুণ; also *see* ছয় in '*Companion.*'
Sixteen, *a.* ষোড়শ, ষোল
Sixteenth, *a.* ষোলঞি
Sixth, *a.* ষষ্ঠ, ছউঞি
Sixthly *a.* ষষ্ঠতঃ, ষষ্ঠস্থলে, ছয় দফা
Sixtieth, *a.* ষষ্টিতম, ষাইট
Sixty, *a.* ষষ্টি, ষাইট [মাড়, কলপ
Size, *s.* আয়তন, পরিমাণ, মাপ, দীর্ঘপ্রস্থ;
Sizeable, *a.* আয়তনবিশিষ্ট, পরিমিত, মা-
Skate, *s.* Scate শব্দ দেখ [ফিক
Skein, *s.* ফেটি, লুটি, রেশম বা সূতার ফেটি
Skeleton, *s.* সংঘ, কঙ্কাল, অস্থিমাত্রাকার
Skeptic, Skeptical, *see* Sceptic. [নক্‌সা
Sketch, *s.* পাণ্ডুলিপি, প্রথমাঙ্ক, ঠাট, খাঁচা,
Sketch, *v.* পাণ্ডুলিপি-নক্‌সা-ক, কল্পনা-ক
Skewer, *s.* কীল, খিল, শলাকা, শিক, গোঁজ
Skiff, *s.* ক্ষুদ্র নৌকা, ডিঙ্গী, ডোঙ্গা
Skilful, *a.* দক্ষ, প্রবীণ, প্রজ্ঞ, বিদগ্ধ, নিপুণ, পারগ, পটু, হুনরী, হেক্‌মতী [রূপে
Skilfully, *ad.* দক্ষ বা বিদগ্ধরূপে, নৈপুণ্য-
Skill, *s.* দক্ষতা, নৈপুণ্য, পারগতা, পটুতা, প্রজ্ঞতা, নিপুণতা, হুনর, হেক্‌মৎ
Skim, *s.* ফেণা, গাদ; (*-milk*) সরতোলা দুগ্ধ
Skim, *v.* গাদ-কাট, ফেণা-তুল বা কাট, ছাঁক
Skimmer, *s.* উখড়ী, ফেণা কাটিবার হাতা
Skin, *s.* ত্বচ্, ত্বক্, চর্ম্ম, চাম, চামড়া, খাল; (*of fruits, &c.*) ছাল, ছোবা, ছিলকা
Skin, *v.* ছাল-তুল্, চর্ম্ম-তুল্, চামড়া-কেলা; ত্বগাবৃত-ক, ঘা-শুকা
Skinflint, *s.* কাপট্যা বা নিকৃষ্ট ব্যক্তি
Skinner, *s.* চর্ম্ম ব্যবসায়ী, চর্ম্মকার, চামার
Skinny, *a.* চর্ম্মসার, মাংসহীন, রুগ্ন, কৃশ
Skip, *v.* লাফিয়া-যা, কুঁদ্, ডিঙ্গা; ছাড়িয়া-যা
Skip, *s.* লম্ফ, কুন্দনি, লাফ; (*-jack*) নব বাবু
Skipper, *s.* ক্ষুদ্র জাহাজের কর্ত্তা এবং দাস
Skirmish, *s.* লঘুযুদ্ধ, হাতাহাতি; *v.* লঘুযুদ্ধ-ক
Skirt, *s.* বস্ত্রের অধোভাগ, জামার অঞ্চল, দামন; প্রান্তভাগ, ধার; *v.* নিকটবর্ত্তী-হ
Skittish, *a.* অস্থির, চঞ্চল, চপল, খেলাড়ু;
Skreen, *s.* Screen শব্দ দেখ [ডরুক, কুণো
Skulk, *v.* ওতে বা ঘাঁতি মারিয়া-থাক, লুকাইয়া-থাক, মন্দ আশায়ে-বেড়া [খাপ্‌রি
Skull, *s.* করোটি, মাথার খুলী, খাব্‌রি,
Sky, *s.* অন্তরীক্ষ, আকাশ, গগণ, আসমান
Sky-colour, *s.* নীল বর্ণ, আসমানী রঙ্গ
Skylark, *s.* ভরদ্বাজ, ভারুই পক্ষী
Sky-light, *s.* ছাতের ঝরকা, আলোর ফুকর, জাহাজের মাঝিয়ার আলোর ফুকর
Sky-rocket, *s.* অগ্নিবাণ, হাবাই, হাউই
Slab, *s.* পাথরের পাটা; কাদাটিয়া ডোবা
Slabber, *v.* লালা-ফেল, ঝর; ছিটা, ছড়া
Slack, *a.* শিথিল, অদৃঢ়, অশক্ত, আল্‌গা, ঢীলা, ঢল্‌ঢলিয়া, অলস, সুস্তি, গত্যা
Slack, or Slacken, *v.* শিথিল-ঢিলা-ক বা হ, আল্‌গা-ক, ঢিলামি-ক, আলস্য-ক
Slackness, *s.* শ্লথ, শৈথিল্য, অদার্ঢ্য, ঢিলামি,
Slag, *s.* ধাতুর বা লৌহাদির মল [আলস্য
Slain, Slay ক্রিয়াতীতকাল; হত, বধকৃত
Slake, *v. a.* নিবৃত্তি-ক, নির্ব্বাণ-ক, ঠাণ্ডা-ক
Slam, *v. a.* বলে রুদ্ধ-ক, ঘা মারিয়া বন্ধ-ক
Slander, *s.* অসূয়া, কুৎসা, গ্লানি, পরীবাদ, মিথ্যাপবাদ, তহমৎ [তহমৎ-দে
Slander, *v.* অসূয়া-ক, পরীবাদ-ক, গ্লানি-ক,
Slanderer, *s.* পরীবাদক, কুৎসা বা গ্লানিকর্ত্তা
Slanderous, *a.* কুৎসাবাদী, গ্লানিকর, পরাপবাদী, নিন্দাকারী, অখ্যাতিকর
Slang, *s.* ইতর বাক্য, নীচ লোকের ভাষা
Slant, *v. a.* টেড়া বা ঢাল্-ক; *a.* ঢাল, ঢালু
Slanting, *a.* গড়ানিয়া, ঢালু, ঢাল, গড়িয়ান, হেলিত, আড়, কাইত
Slap, *s.* করাঘাত, চাপড়, চড়, চপেট, থাবড়া
Slap, *v.* করাঘাত-ক, চড়-চাপড়-থাবড়া-মার
Slapdash, *ad.* হঠাৎ, ঝট করিয়া, একি বারে
Slash, *v.* কাট, ছেদন-ক; সপাসপ-মার; *s.* ফাটা, ফাইট; আঘাত, মারি, ঘা, দীর্ঘ ক্ষত
Slate, *s.* ফলক, লিখিবার পাথুরে তক্তি [স্ত্রী
Slattern, *s.* পেতনীব, অপরিচ্ছন্না-কুৎসিতা-
Slaughter, *s.* হত্যা, বধ, হানি, খুন, কাটাকাটি
Slaughter, *v.* হন্, হত্যা-বধ-খুন-ক; (*animals*) মার, কাট; (*for sacrifice*) বলি-দে

Slaughter-house, *s.* শূনা, খাদ্য পশু বধকরণ আগার, কষাইখানা [কর্ত্তা, কষাই
Slaughter-man, *s.* পশু হত্যাকর্ত্তা, পশু বধ-
Slave, *s.* কিঙ্কর, দাস, গোলাম, ক্রীত দাস বা ভৃত্য, অতিপরিশ্রমী, পরাধীন [শ্রম-ক
Slave, *v.* দাসত্ব-ক, গোলামী-ক, অতিপরি-
Slave-girl, *s.* চেড়ী, দাসী, বাঁদী, পরাধীনা
Slave-trade, *s.* দাস দাসী ক্রয়বিক্রয় ব্যবসায়
Slaver, *s.* সৃণিকাপাত, সৃণিকা, লালা, ছেপ; দাস দাসী ব্যবসায়ী জাহাজ
Slavery, *s.* দাসের অবস্থা, দাসত্ব, কৈঙ্কর্য্য, গোলামী, অধীনতা, নির্বন্ধন
Slavish, *a.* চরণসেবক, দাসবৎ, অধম, নীচ, পাজী, পায়পড়া [পাজীপনা, নীচতা
Slavishness, *s.* অধীনতা, দাসত্ব, চরণসেবা,
Slay, *v. a.* মার, হত্যা-ক, বধ-ক, খুন-ক
Sledge, *s.* চক্রহীন গাড়ি বিশেষ; বড় হাতুড়ি
Sledge-hammer, *s.* বৃহন্মুদ্গর, বড় হাতুড়ি
Sleek, *a.* চিক্কণ, তেলা, চিক্ণা, কান্তিযুক্ত
Sleekness, *s.* চিক্কণতা, তেলাভাব, চিকণাই
Sleep, *s.* বিশ্রাম, নিদ্রা, ঘুম, সুপ্তি, শয়ন; মৃত্যু; *v.* ঘুমা, বিশ্রাম-ক, নিদ্রা-যা [স্য
Sleepiness, *s.* নিদ্রাকর্ষণ,নিদ্রাকৃষ্টিতা,আল-
Sleeping, *s.* নিদ্রা যাওন, ঘুমান, শয়ন, ঘুম
Sleepless, *a.* অনিদ্র, নিদ্রাহীন, জাগ্রত [কর
Sleepy, *a.* নিদ্রালু, নিদ্রাতুর, অলস; নিদ্রা-
Sleet, *s.* হিমের সহিত বৃষ্টিপাত [তের ঘুণ্ডি
Sleeve, *s.* ভুজাচ্ছাদক, আস্তিন; (*-button*) হা-
Sleight, *s.* ভোজবিদ্যা, ভেল্কী, ছল, ফাকি
Slender, *a.* তনু, ক্ষীণ, কৃশাঙ্গ, সরু, পাৎলা; অপ্রচুর; (*-waisted*) ক্ষীণমধ্যা, কৃশাঙ্গী
Slept, Sleep ক্রিয়াতীত কাল; ঘুমাইলাম
Slew, Slay ক্রিয়াতীত কাল; বধিলাম
Sley, *s.* তাঁতির শানা, দক্তি; *v.* সূতা ভাগ-ক
Slice *s.* খণ্ড, খান, ফালি, ফাঁক, টুকরা, টুকি
Slice, *v.* কাট, ফালি-টুকরা-ক, খণ্ড২-খান২-ক
Slide, *v.* পিছল্, পিছলিয়া-যা, সরিয়া-পড়, অমনোযোগে ছাড়িয়া-যা; *s.* পিচ্ছল স্থান
Slight, *a.* অদৃঢ়, অশক্ত; তুচ্ছ, ক্ষুদ্র, অল্প, লঘু, পাতলা, সরু, ক্ষীণ, সূক্ষ্ম, অগভীর
Slight, *s.* অনাদর, অবজ্ঞা, অবহেলা, উপেক্ষা; ফাকী, ছল, ভেল্কী [অবজ্ঞা-ক
Slight, *v. a.* অনাদর অবহেলা বা তুচ্ছ-ক,
Slightingly, *ad.* অনাদরপূর্ব্বক, অবহেলা করিয়া, তাচ্ছল্যরূপে [অল্পকরিয়া
Slightly, *ad.* অমনোযোগে, যৎসামান্যরূপে,
Slightness, *s.* ক্ষীণতা, দৌর্ব্বল্য, অবহেলা
Slily, *ad.* ধূর্ত্তরূপে, চাতুর্য্যক্রমে, চুপেচাপে
Slim, *a.* কৃশাঙ্গ, ক্ষীণ, সরু, পাতলা, কৃশ
Slime, *s.* কর্দ্দম, কাদা, পাঁক, কিচড়; আম
Sliminess, *s.* আমময়তা, কাদাটিয়া ভাব
Slimy, *a.* পঙ্কিল, পঙ্কবৎ, কাদাটিয়া, কাদাময়, পাঁকাল, আমময়, আঠাবৎ, চট্‌চটিয়া
Sliness, *s.* প্রতারণা, ধূর্ত্ততা, চাতুর্য্য, ফাকী
Sling, *v.* ফিঙ্গাদ্বারা নিঃক্ষেপ-ক, লট্‌কা, ঝুলা; *s.* ফিঙ্গা, শিকা, ছিট্‌কা; ক্ষেপ, ঘা
Slink, *pret.* Slunk, *v.* (গবাদির)গর্ভপাত-হ; কুণোমি-ক, গুপ্তে বা চুপেচাপে উঠিয়া-যা
Slip, *v.* পিছল্, পিছলিয়া- সরিয়া-যা, গুপ্তে নির্গমন-ক; স্খল, ভুল, বিস্মৃত-হ, ছাড়িয়া-যা
Slip, *s.* পা পিছলন, সরণ, পলায়ন; ভ্রম, ভুল; বৃক্ষের কলম, ফেকুড়ী; পটি, টুকরা
Slipknot, *s.* গলাসী, ফাঁস, সড়্কা গিরা
Slipper, *s.* পানুই, উপানৎ, ঘরে পরিবার জুতা
Slippery, *a.* চিক্কণ, তেলা, পিচ্ছল, পিছলা; অস্থির, অস্থায়ী, চঞ্চল, টল্টলিয়া
Slipshod, *a.* ঘোড় ফেলা জুত পরা
Slipslop, *s.* ফেণ আমানি, কাঁজি পানি
Slit, *v. a.* দীর্ঘে ছেদ-ক, চির, চাক-ক, ফাড়
Slit, *s.* দীর্ঘে ছেদ, কাটা, চিড়, চেরা, ফাইট,
Sliver, *v.* ফাটা, চির; *s.* ছিন্ন শাখা [ফাটল
Slobber, *v.* লাল-পড়, সৃণিকাপাত-হ বা ক
Sloop, *s.* এক মাস্তুলের ক্ষুদ্র জাহাজ বিশেষ
Slop, *v.* চল্‌কিয়া-পড়, অতি লোভে পান-ক
Slope, *s.* ঢাল বা গড়ানিয়া ভাব; *a.* ঢাল, ঢালু
Slope, Slopewise, Slopingly, *ad.* গড়ানিয়া বা ঢালু ভাবে, বক্র বা টেড়া করিয়া, আড়ে
Sloping, *a.* ঢাল, ঢালু, গড়িয়ান, গড়ানিয়া
Sloppy, *a.* পিছল, কাদাটিয়া, পাঁকাল, ভিজা
Sloth, *s.* আলস্য, জড়তা, ঢিলামি, গড়িয়ামি, কুড়েমি; আমেরিকার অলস জন্তুবিশেষ
Slothful, *a.* অলস, গড়িয়া, কুড়ে, ঢিলা, সুস্তি
Slothfully, *ad.* আলস্য-ঢিলামি-জড়তা ক্রমে
Slouch, *s.* অধঃদৃষ্টি, হেঁট মাথা; আনাড়ী
Slough, *s.* পঙ্কময় স্থল, পাঁকাল বা কাদাটিয়া ভূমি; কঞ্চু, সর্পের খোলস; ক্ষতচর্ম্ম
Sloughy, *a.* পাঁকাল, দল্দলিয়া, কাদাটিয়া
Sloven, *s.* পেতনা, অপরিচ্ছন্ন-কুৎসিত লোক
Slovenly, *a.* অপরিষ্কৃত, অপরিচ্ছন্ন, কদর্য্য
Slovenly, *ad.* অপরিচ্ছন্নতা বা কদর্য্যরূপে
Slow, *a.* অশীঘ্র, মন্দ, মন্দগামী, ধীর, ঢিলা, কুড়ে, অলস, বিলম্বী, মন্দা, ধিমা

Slowly, *ad.* ধীরে, মন্দেং, সবিলম্বে, আস্তে
Slowness, *s.* মান্দ্য, মান্দ্যগতি, অশীঘ্রতা, ধীরতা, আলস্য, ঢিলামি
Slubber, *v. a.* অলসরূপে কার্য্য-ক; লিপ্ত-ক
Slug, *s.* শম্বুক বিশেষ; পিটা গুলি; কুড়্যা
Sluggard, *s.* অলস নিষ্কর্ম্মা বা কুড়্যা লোক
Sluggish, *a.* মন্দগতি, কুড়্যা, অলস, জড়, আলস্যা, ঢিলা, সুস্তি [বা ঢিলামি ক্রমে
Sluggishly, *ad.* আলস্যরূপে, জড়তা কুড়্যামি
Sluice, *s.* জলপথ, জল গমনাগমন দ্বার
Slumber, *v.* ঘুমা, ঝিমা, লঘুনিদ্রা বা তন্দ্রা-যা
Slumber, *s.* লঘুনিদ্রা, ঝিমানি, তন্দ্রা, ঘুম
Slumberous, *a.* নিদ্রাকৃষ্ট, নিদ্রালু; নিদ্রাকর
Slung, Sling ক্রিয়াতীতকাল; ঝুলান, লট্কান
Slur, *s.* অপমান, লঘু কলঙ্ক; *v.* সকলঙ্ক-ক
Slut, *s.* অপরিষ্কৃতা- নোঙ্গরা স্ত্রী, পেতনীব, পেতনী; অবজ্ঞাসূচক উক্তি [পেতনীবৎ
Sluttish, *a.* অপরিষ্কৃত, নোঙ্গরা, অপরিচ্ছন্ন,
Sly, *a.* ধূর্ত্ত, চতুর, শঠ, খল, শেয়ান [রূপে
Slyly, *ad.* চুপেচাপে, চাতুর্য্যক্রমে, শেয়ান-
Smack, *s.* স্বাদু, তার; চুম্বন শব্দ, চটাক্ চুমা
Small, *a.* তনু, সূক্ষ্ম, ক্ষুদ্র, ছোট, খাট, অল্প, থোড়া, ক্ষীণ, লঘু, অলীক [ভাব
Smallness, *s.* সূক্ষ্মতা, ক্ষুদ্রতা, অল্পতা, ছোট
Small-pox, *s.* মসূরিকা, বসন্ত, গুটি রোগ, সীতলা; (*of sorts*) viz. তিলিয়া, মসূরিয়া, বক্রিচে, ডুমুরিয়া, *these are curable,* ভাল হয়; পুখরিয়া, ধোকড়া, চামদল, আল্কুষী, রক্তদল, *incurable,* ভাল হয় না
Smaragdine, *a.* হরিন্মণিবৎ, তন্নির্ম্মিত
Smart, *a.* তীক্ষ্ণ, উগ্র, শক্ত; সত্বর, চালাক, ক্ষিপ্র; সুবেশী; *s.* জ্বালা, টাটানী
Smart, *v. n.* জ্বল, জ্বালা-ক, টাটা, ব্যথা-ক
Smartly, *ad.* তীক্ষ্ণ বা উগ্ররূপে, শক্ত সত্বর বা চালাকরূপে, চালাকিতে, ঠাট্টাপূর্ব্বক
Smartness, *s.* সত্বরতা, চালাকী, তীক্ষ্ণতা,
Smash, *v.* খানং-ক, চূর্ণ-ক, চট্কা [তেজ
Smatter, *s.* অল্প জ্ঞান, সামান্য পাণ্ডিত্য
Smattering, *s.* কিঞ্চিৎ শিক্ষা বা পাণ্ডিত্য
Smear, *v. a.* লিপ্ত-ক, নিক, লেপ, মুক্ষ, মাখা
Smeary, *a.* লিপ্ত, লেপা, মাখা; আঠাবিশিষ্ট
Smell, *v.* ঘ্রাণ নির্গত-হ, বাস বা ঘ্রাণ-লও, শোক্, গন্ধ-ক, বয়-ক, বাস-ক [ঘ্রাণেন্দ্রিয়
Smell, *s.* ঘ্রাণ, গন্ধ, বাস, বয়; (*organ of-*)
Smelt, Smell ক্রিয়াতীত কাল; ঘ্রাণ লইলাম
Smelt, *v a.* সমল ধাতু গলিয়া পরিষ্কার-ক
Smelting, *s.* সমল ধাতু গলান বা দ্রুব করণ
Smelter, *s.* সমল ধাতু পরিষ্কারক
Smile, *v.* হাস্, হাস্য-ক, মুচ্ক, ঈষদ্ধাস্য-ক, মুচ্কিয়া-হাস, প্রসন্ন-হ, শুভদৃষ্টি-ক
Smile, *s.* হাস্য, হাস, মুচ্কিয়া হাসি, ঈষৎ-হাস্য, শুভদৃষ্টি, কৃপাদৃষ্টি [শুভদৃষ্টিতে
Smilingly, *ad.* হাসিয়া, মুচ্কিয়া, হাস্যবদনে,
Smirk, *v.* কামভাবে হাস্য-ক, প্রফুল্ল মুখ-হ
Smit, Smitten, Smite ক্রিয়াতীতকাল; হত
Smite, *v.* প্রহার-ক, মার; হন্, বধ-ক, নষ্ট-ক
Smith, *s.* কর্ম্মকার, কামার, ধাতুদ্রব্য নির্ম্মাণ করে যে; *see* Goldsmith, &c. [খানা
Smithery, Smithy, *s.* কামারশালা, লোহার-
Smock, *s.* স্ত্রীলোকের কামিজ, ভিতর জামা
Smock-faced, *a.* মাকুন্দ, মেয়ামুখা
Smoke, *v.* ধূম নির্গত-হ, তামাকাদি-খা, ধূমে শুষ্ক-ক, ধূঁয়া-দে বা উঠ; *s.* ধূম, ধূঁয়া; ভাপ
Smoker, *s.* ধূমে শুষ্ক করে বা তামাক খায় যে
Smoking, *s.* তামাক খাওন, ধূঁয়া উঠন
Smoky, *a.* ধূমময়, ধূমবিশিষ্ট, ধূঁয়াটিয়া
Smooth, *a.* স্নিগ্ধ, চিক্কণ, চিক্ণা, অকর্কশ; সমান, চৌরস; কোমল, নরম; সহজ
Smoothe, Smoothen, *v.* সমান- চৌরস-ক, চিক্কণ-ক, সহজ-ক, কোমল-ক; স্ত্রি-ক
Smoothing-iron, *s.* স্ত্রি; *to iron linen,* স্ত্রি-ক
Smoothly, *ad.* অনায়াসে, সহজে, সমান-করিয়া, ধীরে, কোমলরূপে
Smoothness, *s.* সমান ভাব, স্নিগ্ধতা, চিক্কণ-তা, কোমলতা, চিক্ণাই, চৌরসী
Smote, Smite ক্রিয়াতীত কাল; মারিয়াছি
Smother, *v.* শ্বাস বন্ধ-ক, ধূমে-ঘবরা, চাপ, দাবা; *s.* ধূম; ঘোর ধূলি; দমন করণ
Smoulder, *v. n.* ভিতরেং ধূমিয়া-পুড়
Smouldering, *a.* ধূমিয়া পোড়া, ছাই ঢাকা
Smug, *s.* সুন্দর, পরিপাটি, ভাল, উত্তম
Smuggle, *v.* শুল্ক বা কর অপহরণ-ক, ঘাট-মার, বিনামাসুলে আমদানি রপ্তানি-ক
Smuggler, *s.* শুল্কাপহারক, ঘাটমারনিয়া
Smuggling, *s.* ঘাট মারণ, শুল্কাপহরণ
Smut, *s.* অপভাষা, দুর্ব্বাক্য; ঝুল, ঝুলটুল, ঝুল কালি; (*of corn*) চিটা, আগড়া
Smut, *v.* ঝুলে কাল-হ, দাগ-দে; চিটা-পড়
Smuttily, *ad.* ধূঁয়াটিয়ারূপে; দুর্ব্বাক্যপূর্ব্বক
Smutty, *a.* ধূঁয়াপোড়া; চিটাপড়া; পচাল
Snaffle, *s.* মুখস, কড়িয়ালী, নাকদড়ী
Snaffle, *v.* কড়িয়ালী বা নাকদড়ী দিয়া-ধর

Snag, *s.* বৃহদ্দন্ত; দাড়া; আবু, গাঁইট [লোক
Snail, *s.* শম্বূক, শামুক, গুগলি, গেঁড়ি; কুড়্যা
Snake, *s.* ফণী, সর্প, সাপ, নাগ, ভুজঙ্গ; *fig.* দড়ি, মামু; (*of a huká*) নল, নলিচা
Snake-*catcher*, *s.* সাপুড়িয়া; -*gourd*, চিচিঙ্গা
Snaky, *a.* সর্পময়; কুণ্ডলিপাকান্যা, পেঁচান
Snap, *v.* মট্ করিয়া ভগ্ন-ক বা হ; অঙ্গুলি-ধ্বনি-ক, তুড়ি-দে; আঙ্গুল-মট্কা; কামড়া
Snap, *s.* মট্ বা পট্ শব্দ করিয়া ভাঙ্গন; কামড়
Snapper, *s.* তুড়ীদাতা; কামড়ায় যে; ভগ্নকর্ত্তা
Snappish, খিট্খিট্যা, খেঁকানিয়া, কামড়ান্যা
Snappishly, *ad.* কটুবাক্যে, খিট্খিট্যারূপে
Snapsack, *s.* সিপাহির ঝোলা, পিটবোক্চা
Snare, *s.* কুটযন্ত্র, পাশ, ফাঁদ, জাল
Snare, *v. a.* ফাঁদে-ফেল, জালে বদ্ধ-ক
Snarl, *v.* গোঁজরা, কুকুরের ন্যায়-খেঁকা; কটু বাক্য-কথ, তর্জ্জনগর্জ্জন-ক [ট্যা লোক
Snarler, *s.* গর্জ্জনকর্ত্তা, খেঁকানিয়া- খিট্খি-
Snatch, *v.* খেচ্, কাড়্, ছিন্, কাড়িয়া-লও
Snatch, *s.* কাড়ন, ছিনন, কাড়িয়া লওন
Snatcher, *s.* ছিনিয়া বা কাড়িয়া লয় যে
Sneak, *v.* গুপ্তে ঢুক বা বাহিরে-যা, গুঁড়ি-মার
Sneaker, *s.* পানপাত্র, বড় বাটী, বড় পেয়ালা
Sneaking, *a.* নীচ, পাজী, চরণসেবক; কৃপণ
Sneakingly, *ad.* চরণসেবক বা পাজীর ন্যায়
Sneer, *s.* অবজ্ঞা, সেঁট্কানি, ব্যঙ্গোক্তি, ঠাট্টা
Sneer, *v.* অবজ্ঞা-ক, নাক-সেঁট্কা, ঠাট্টা-ক
Sneeze, *s.* হাঁচী, ছিঁক; *v.* হাঁচ্, ছিঁক্
Snick-and-Snee, *s.* ছুরিকাযুদ্ধ, ছোরাছুরি
Sniff, *v.* শব্দ করিয়া নিশ্বাস-লও, নাক-ডাক
Snip, *v. a.* কপ্চা, কাঁচি দ্বারা-কাট
Snip, *s.* কাঁচি দিয়া কাটন, খণ্ড, খান, টুকরা
Snipe, *s.* কাদাখোঁচা পক্ষী; মূর্খ, পাগল
Snipsnap, *s.* বাগ্যুদ্ধ, কথা কাটাকাটি
Snivel, *v.* সিকনি-পড় বা ঝর; বালকের ন্যায়-কাঁদ, নাকি-দে, ঘ্যান্২-ক, ট্যা২-ক
Snivelling, *a.* ঘ্যান্ঘ্যানিয়া; *s.* ঘ্যান্ঘ্যা-
Snore, *s.* নাকের ডাক বা ঘড়্ঘড়ি [নানি
Snore, *v.* নিদ্রাবস্থায় নাক-ডাক [ঘড়্ঘড়া
Snort, *v.* ঘোড়ার ন্যায় নাক-ডাক, নাকে-
Snot, or Snivel, *s.* সিকনি, নাকের পোঁটা
Snout, *s.* পশুর নাসিকা, নাক, শুণ্ড, শুঁড়
Snow, *s.* তুষার, হিমানী, নীহার, পালা, বরফ
Snow, *v.* তুষার হিমানী বা পালা-পড়
Snow-white, *a.* তুষার বা হিমানীর ন্যায় শ্বেত
Snowy, *a.* তুষারময়, হিমানীর ন্যায়, পালাবৎ

Snub, *v.* কাট; ধমকা, চেতা, অনুযোগ-ক, ভর্ৎসনা-ক; *s.* কাষ্ঠের গাঁইট; দাড়া, দাঁত
Snub-nosed, *a.* থেবড়ানাকা, খাঁদা, বোঁচা
Snuff, *s.* নস্য, নাস; বাতীর শীস, বাতীর গুল্
Snuff, *v.* বাতী-কাট, গুল্-কাট; নস্য-ক, নাস-লও, ঘ্রাণ-লও, শুঁগ, নাকে নিশ্বাস-টান
Snuff-box, *s.* নস্যাধার, নাসদানী
Snuffers, *s.* বর্ত্তিকর্ত্তনী, গুল্গীর্, গুল্তরাশ্
Snuffle, *v.* নাকে কথা-কহ, গুন্গুনা, নাকী-দে
Snug, *a.* সুগুপ্ত, লুক্কায়িত, আবৃত, ঢাকা, কাজের মত, সুন্দর, পরিপাটী [রূপে
Snugly, *ad.* অনায়াসে, উত্তম বা পরিপাটী-
So, *ad.* এরূপ, এই প্রকার, এমত, এত, এমন, এমনি, ঐ মত, অমন, অমনি, তদ্রূপ, তেমন
So and so, *ad.* যেমন তেমন, মধ্যম
Soak, *v.* ভিজ্, ভিজা, সিক্ত-ক, ভিজিয়া-রাখ; চুপষ্, চুপষা, শুষিয়া-লও
Soap, *s.* সাবান; (-*boiler*) সাবান কারক; (-*earth*) ক্ষার, সাজি মাটী; (-*nut*) রিটা; (-*suds*) সাবান জল, সাবানের ফেণা
Soapy, *a.* সাবানের গুণবিশিষ্ট, সাবানবৎ
Soar, *v.* ঊর্দ্ধে-উঠ, উড়্; উন্নতি চেষ্টা-ক
Sob, *v.* ডুকরা, ফুঁপিয়া২-কাঁদ, ক্রন্দন-ক
Sob, *s.* দীর্ঘনিশ্বাস, ফুঁপানি, ডুকরানি [নি
Sobbing, *s.* ডুকরিয়া কাঁদন, ফুঁপানি, ডুকরা-
Sober, *a.* অমত্ত, সজ্ঞান, ধীর, পরিমিতাচারী
Soberly, *ad.* সজ্ঞানে, ধীরে, স্থৈর্য্য মতে, গম্ভীররূপে, পরিমিতাচারপূর্ব্বক
Soberness, Sobriety, *s.* অমত্ততা, সজ্ঞানতা, ধীরতা, পরিমিতাচার, স্থৈর্য্য, গাম্ভীর্য্য
Sociable, *a.* প্রণয়ী, আলাপীয়, মিলাপী, আলাপনীয়, সুশীল, মিলনসার
Sociableness, *s.* সুশীলতা, আলাপিয়তা
Social, *a.* সংসর্গী, সাম্প্রদায়িক, আলাপী, প্রণয়ী, মিলাপী, মিলনসার
Society, *s.* সাধারণ লোক, সমাজ, সম্প্রদায়, সভা, দল, সংসর্গ, মজলীশ; অংশিতা
Socinian, *s.* ফাষ্টস্ সসিনসের মতাবলম্বী, খ্রীষ্টের অনীশ্বরত্ব বাদী [নীশ্বরত্ব বাদ
Socinianism, *s.* সসিনসের মত, খ্রীষ্টের অ-
Sock, *s.* নাটকের পাদুকাবিশেষ; অর্দ্ধ মোজা
Socket, *s.* চুঙ্গি, খোল, কলিকা, আধার, ঘরা; (*of the eye*) চক্ষুর কোঠর [ঢেলা, চাপ
Sod, *s.* তৃণাবৃত ভূমি, ঘাসের চাপড়া, লোষ্ট্র,
Soda, *s.* ক্ষার, ক্ষারিক দ্রব্য
Soda-water, *s.* ক্ষার জল, বিলাতি পানি

Sodden, Seethe ক্রিয়াতীতকাল, সিদ্ধ, সিজান
Sodomite, *s.* পুংমৈথুনিক, ছোকরাবাজ
Sodomy, *s.* পুংমৈথুন, ছোকরাবাজি [খাট্
Sofa, *s.* সুশোভিত আসন, গদির কোচ্-
Soft, *a.* নম্র, মৃদু, শিষ্ট, কোমল, নরম, তুল্-
তুলিয়া; অদ্রুত, ধীর; মিষ্ট, মন্দ, অগভীর
Soft! *intj.* চুপ, ধীরে, আস্তে, থাম, থাক
Soften, *v.* কোমল-ক, নরম-ক বা হ, থামা,
ঠাণ্ডা-ক, শান্ত বা ক্ষান্ত-ক [করণ
Softening, *s.* কোমল করণ, শান্ত বা ধীর
Softly, *ad.* স্নেহপূর্ব্বক, সোহাগ করিয়া, কো-
মলরূপে, মৃদুস্বরে, মন্দে২, ধীরে, আস্তে
Softness, *s.* কোমলতা, মৃদুতা, ধীরতা, নম্রতা
Soho! *intj.* ভো, ও, ওহে, ওরে, হে, হাঁক শব্দ
Soil, *s.* মল, মলা; গোময়, সারমাটী; ভূমি,
মৃত্তিকা, মাটী, দেশ, স্থল, স্থান [সার-দে
Soil, *v. a.* সমল-ক, ময়লা-ক, সকলঙ্ক-ক;
Sojourn, *v. n.* প্রবাস-ক, বিদেশে কিয়ৎকাল
বাস-ক; *s.* প্রবাস, বাসা [নিবাসী
Sojourner, *s.* প্রবাসী, বাসাড়িয়া, বিদেশ-
Sojournment, *s.* কিয়ৎকাল বাসস্থান, বাসা
Solace, *s.* সান্ত্বনা, প্রবোধ, দুঃখ উপশম
Solace, *v.* সান্ত্বনা-ক, প্রবোধ-দে, উপশম-ক
Solanum-melongena, *s.* বার্ত্তাকু, বেগুন
Solar, *a.* সূর্য্য সম্বন্ধীয়, সৌর; (*-month*)
সৌর মাস; (*-system*) সৌর জগৎ
Solary, *a.* সৌর, সূর্য্যসম্বন্ধীয়, তদ্বিষয়ক
Sold, Sell ক্রিয়াতীতকাল; বিক্রীত, বেচা
Solder, *v.* ঝাল্, পাইনঝাল্-ক, পাইনযোড়-ক
Solder, *s.* পাইন, ঝাইল [যোদ্ধা
Soldier, *s.* সৈন্য, সেনা, সিপাহি, তেলাঙ্গা,
Soldiery, *s.* সৈন্য সমূহ, সেনাগণ, সিপাহি
Sole, *s.* পায়ের তলী, জুতার তলী [লোক
Sole, *a.* একা, একলা, একক; in *law*, অনূঢ়,
অবিবাহিত; *fem.* অনূঢ়া, অবিবাহিতা
Solecise, *v. n.* অশুদ্ধ বাক্য-কথ বা লিখ
Solecism, *s.* বাক্যাশুদ্ধি, অশুদ্ধ কথা
Solecist, *s.* অশুদ্ধ বাক্য কহে বা লিখে যে
Solecistical, *a.* বক্তৃতায় বা কথনে অশুদ্ধ
Solely, *ad.* একাকী, একলা; কেবল, নিতান্ত
Solemn, *a.* কালস্বরূপ, ভয়ানক, গভীর, ভারি
Solemnity, *s.* গভীরতা, ভারিত্ব, ধীরত্ব,
ঘোর ভাব; ধর্ম্মোৎসব, মহোৎসব
Solemnization, *s.* উৎসব করণ, পর্ব্ব পালন,
ঐহিক বা পারত্রিক উৎসবাদি ক্রিয়া
Solemnize, *v.* উৎসব-ক, পর্ব্ব পালন-ক
Solemnly, *ad.* সাদরে, সত্য বা বৈধকর্ম্ম
করিয়া, গভীরতাপূর্ব্বক, সভয়ে
Solicit, *v. a.* বিনতি-ক, মিনতি-ক, যাচ্ঞা-ক,
প্রার্থনা-ক, মাঙ্গ, চাহ
Solicitation, *s.* অন্বেষণা, সাধনা, বিনতি,
মিনতি, যাচ্ঞা, প্রার্থনা
Solicitor, *s.* পরার্থে প্রার্থক, যাচক; প্রতি-
নিধি, উকীল; (*-general*) প্রধান উকিল
Solicitous, *a.* চিন্তক, উদ্বিগ্ন, প্রয়াসী, চেষ্টা-
ন্বিত, সাবধান; অতীচ্ছুক [রিণী
